ইশতেহার দেওয়া যাইতেছে যে কলি তা শহরের এবং বঙ্গদেশস্থ ফোর্ট উ লিয়ম কুঠীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক সেসন অফ দি পীস অর্থাৎ মিছিল কলিকাতাস্থ ঘরের টাক্সসম্পর্কীয় উক্ত জুষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ৩

ইশতেহার।

ফেব্রুআরি শনিবার পূর্ব্বাহ্ন বেলা দুই প্রহরের সময়ে বৈঠক হইবেক।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানা।
হউনিয়ন বেঙ্ক ২৯ জানুআরি ১৮৩৮।

ইশতেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম কুঠীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক আজ্ঞোর্ণেড সেসন অফ দি পীস অর্থাৎ মিছিল কলিকাতাস্থ ঘরের টাক্সসম্পর্কীয় উক্ত জুষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ৩ ফেব্রুআরি বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দুই প্রহরের সময়ে বৈঠক হইবে।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানা।
২৯ জানুআরি ১৮৩৮।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেল্দবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্তকাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম ও উপরি লিখিত মুদ্রা প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকটে পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইসেন

ইশতেহার।

কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন হইয়া দুই বালমে জেল্দবন্দি হইয়াছে। ঐ গ্রন্থের মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল

ইশতেহার।

পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্ত্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে তাহার মূল্য ।।০ আনা ধরা গিয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

দিগদর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

২২ জানুআরি ১৮৩৮।

ভারতবর্ষের ব্যবস্থাপক কমিস্যানের মেম্বর শ্রীযুত বি এচ কামরন সাহেব বর্দ্ধমান মাসের ১৮ তারিখে কলিকাতা রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

২৪ জানুআরি।

শ্রীযুত আনরবল ডবলিউ এচ মেলবিল সাহেব চালসগ্রাণ্ট নামক জাহাজ যে তারিখে আরুকাটি ছাড়ে সেই তারিখ অবধি ভারতবর্ষে ইষ্ট কোম্পানির সিবিল সম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত টামস পারি উডকক সাহেব গত অক্টোবর মাসের ১৭ তারিখে উত্তর পশ্চিমাঞ্চলের প্রধানশ্রীযুত লেপ্তেনন্ত গবরনর কর্ত্তৃক যে ছুটি পান তদতিরিক্ত সুবে বাঙ্গালার প্রধানশ্রীযুত ডেপুটি গবরনর কর্ত্তৃক ফেব্রুআরি মাসের বাঙ্গীয় জাহাজের প্রস্থান তারিখ অবধি ছুটি পাইয়াছেন।

শ্রীযুত সি আর মার্টিন সাহেব উপরি উক্ত তারিখ অবধি ভারতবর্ষস্থ সিবিল সম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

১৮৩৫ সালের ৯ আইনের বিধ্যনুসারে মোআখালি জিলার নিমক চৌকির সুপরিণ্টেণ্ডেণ্ট যখন নিমক রক্ষাকরণার্থে যে আইন হইয়াছে ঐ আইন উল্লঙ্ঘক ব্যক্তিদিগকে ঐ জিলার একটি২ ডেপুটি কালেক্টর সাহেবের হাতে অর্পণ করিবেন তখন ঐ ডেপুটি কালেক্টর তাঁহারদের বিচারকরণের ক্ষমতা প্রাপ্ত হইলেন এবং ঐ একটি২ ডেপুটি কালেক্টরের প্রতি হুকুম হইল যে ঐ২ মোকদ্দমার বিষয়ে বঙ্গদেশে চলিত ১৮১৯ সালের ১০ আইনের ২৬ ও ১০৯ ধারা এবং অন্যান্য ধারানুসারে কার্য্য করিবেন।

১৭ জানুআরি।

শ্রীযুত ডাক্তর কৃষি সাহেব বর্দ্ধমান মাসের ১ তারিখে নেপাল রেসিডেন্সীর চিকিৎসকতা কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

২৪ জানুআরি।

আবার রেসিডেণ্ট শ্রীযুত লেপ্তেনন্ত কর্ণল বর্নি সাহেব গত দিসেম্বর মাসের ৬ তারিখ অবধি দুই মাসের ছুটি পাইয়াছেন।

২২ জানুআরি।

ভারতবর্ষস্থ কৌন্সলের প্রধানশ্রীযুত প্রসীডেণ্ট সাহেব শ্রীযুত সি এচ কামরন সাহেবকে ভারতবর্ষস্থ ব্যবস্থাপক কমিস্যানের মেম্বরী ও প্রসীডেণ্সী পদে নিযুক্ত করিয়াছেন।

১৬ জানুআরি।

সুবে বাঙ্গালার প্রধানশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এই কাম্বল সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধ্যনুসারে জিলা চব্বিশ পরগনার ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত বাবু রামধন ঘোষ ঐ আইনের ঐ বিধ্যনুসারে জিলা নবদ্বীপের ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত বাবু দুর্গাচরণ চট্টোপাধ্যায় ঐ আইনের বিধ্যনুসারে ঢাকার ঐ ঐ।

২৩ জানুআরি।

পণ্ডিত শ্রীযুত হরিহর গুপ্ত ঐ আইনের বিধ্যনুসারে জিলা চট্টগ্রামের ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত বাবু গোলোকচন্দ্র হোল ঐ আইনের বিধ্যনুসারে চট্টগ্রামের ঐ ঐ।

শ্রীযুত বাবু রামসুন্দর রায় ঐ আইনের বিধ্যনুসারে ঐ জিলার ঐ ঐ।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষাল ঐ আইনের বিধ্যনুসারে ঐ জিলার ঐ ঐ।

শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক ঐ আইনের বিধ্যনুসারে ঐ জিলার ঐ ঐ।

শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায় ঐ আইনের বিধ্যনুসারে ঐ জিলার ঐ ঐ।

শ্রীযুত বাবু হরিহর মুখোপাধ্যায় ঐ আইনের বিধ্যনুসারে ভুলুয়ার ডেপুটি কালেক্টর হইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

22d January, 1838.

C. R. Cameron, Esq., Member of the India Law Commission, reported his return to this Presidency on the 18th instant.

24th January.

The Honourable W. H. L. Melville has been permitted to resign the East India Company's Civil Service from the date on which the Pilot may quit the Ship "Charles Grant" at Sea.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to grant to Mr. Thomas Parry Woodcock, of the Civil Service, proceeding on Furlough, an extension of the leave of absence granted to him under the Orders of the Honourable the Lieutenant Governor of the North Western Provinces, dated the 17th October last, till the date of the departure of the February Steamer from Bombay.

Mr. C. R. Martin has been permitted to resign the East India Company's Civil Service from this date.

The Officiating Deputy Collector of Noakhally is hereby vested with jurisdiction, for the trial of persons charged with offences against the Laws for the protection of the Salt Revenue, when made over by the Superintendent of Salt Chokees appointed to that District, under the Act No. IX. of 1835; and the said Officiating Deputy Collector shall, and is hereby empowered to exercise, in respect to such cases the powers described in Sections XCVI. and CIX. and other provisions of Regulation X. 1819 of the Bengal Code.

17th January.

Dr. Christie assumed Medical charge of the Nepaul Residency on the 1st instant.

24th January.

Lieutenant Colonel Burney, Resident at Ava, has obtained leave of absence for two months, from the 6th of December last.

22d January.

The Honourable the President of the Council of India in Council, has been pleased to appoint Mr. C. H. Cameron to be a Member and President of the Indian Law Commission.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments:

16th January.

Mr. A. E. Campbell to be Deputy Collector in Zillah 24-Pergunnahs, under the provisions of Regulation IX. of 1833.

Baboo Ramdhone Ghose to be ditto ditto in Zillah Nuddea, under ditto.

Baboo Doorgachurn Chatterjee to ditto ditto in Zillah Dacca, under ditto.

23d January.

Pundit Hurreehur Gooptee to be Deputy Collector in Chittagong, under the provisions of Regulation IX. of 1833.

Baboo Golock Chunder Boll to be ditto ditto in ditto under ditto.

Baboo Ramsoonder Rai to be ditto ditto, in ditto under ditto.

Baboo Nobind Chunder Ghosal to be ditto ditto in ditto, under ditto.

Baboo Govind Chunder Bysack to be ditto ditto in ditto, under ditto.

Baboo Keeree Mohun Mookerjee to be ditto ditto in ditto, under ditto.

Baboo Hurryhur Mookerjee to be ditto ditto in Balloobh, under ditto.

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের একটি২ রেবিনিউ কমিস্যনর শ্রীযুত জি এফ ব্রৌন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে গয়ায় গমনার্থ এক সপ্তাহের ছুটি পাইয়াছেন।

চট্টগ্রামের মাজিস্ত্রেট ও কালেক্টর শ্রীযুত এচ টি রেক্স সাহেব গত নবেম্বর মাসের ৩ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত পেরিমেণ্ট নামক জাহাজে চট্টগ্রামে পঁহুছন পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

রাজশাহীর একটি২ মাজিস্ত্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত সি জে এ গ্রেহম সাহেব শ্রীযুত ডিরম সাহেবের অনুপস্থান পর্য্যন্ত উপরি উক্ত পদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মেদিনীপুরের একটি২ কালেক্টর শ্রীযুত আর হৌস্টন সাহেব উপরি উক্ত পদের কর্ম্ম অর্পণের তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

১৯ সংখ্যক অর্থাৎ কটক প্রদেশের মাদ্রাসারেী ও রেবিনিউ কমিস্যনরের আসিস্টাণ্ট শ্রীযুত টি সি টুটর সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১০ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১৬ সংখ্যক অর্থাৎ চট্টগ্রাম প্রদেশের রেবিনিউ কমিস্যনর শ্রীযুত জে জে হারবি সাহেব চলিত কর্ম্মে থাকিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২ তারিখে যে দুই মাসের ছুটি পাইয়াছিলেন তাহার সম্পূরণকাল তাঁহার প্রার্থনা মতে রহিত হইয়াছে।

২৬ জানুআরি।

মালদহের সিবিল সম্পর্কীয় আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে লাম সাহেব গত মাসের ১৯ তারিখে ছয় সপ্তাহের যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন।

২৫ জানুআরি।

শ্রীযুত কাপ্তান জে ডবলিউ ডগলস সাহেব ইণ্ডোরের রেসিডেণ্ট সাহেবের দ্বিতীয় আসিস্টাণ্ট হইয়াছেন। এই নিয়োগ শ্রীযুত মেজর জনষ্টন সাহেব কর্ম্মে ইস্তফা দেওনের তারিখ অবধি চলিবে।

আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আর কৃষি সাহেব নেপালের রেসিডেণ্সী চিকিৎসকতা কর্ম্মের ভার বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি গ্রহণ করিয়াছেন।

১৩ জানুআরি।

বরেলির জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত আর এচ পি ক্লার্ক সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৩৭ সালের ২০ নবেম্বর তারিখ অবধি এক বৎসরের ছুটি পাইয়াছেন।

নীচে লিখিতব্য মহাশয়রা বর্ত্তমান বৎসর অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরি অবধি ৩১ দিসেম্বর তারিখপর্য্যন্তের দর্পণের মূল্য দিয়াছেন।

শ্রীযুত জি হর্কলটস সাহেব।
শ্রীযুত সি রিড সাহেব।
শ্রীযুত হিলস ফর্লং কোং।
শ্রীযুত মহারাজা রাজনারায়ণ বাহাদুর।
শ্রীযুত বাবু দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুত বাবু কালিদাস বন্দ্যোপাধ্যায়।
শ্রীযুত বাবু জয়চাঁদ পালচৌধুরী।
শ্রীযুত বাবু উদয়চাঁদ বসাক।
শ্রীযুত বাবু আনন্দচন্দ্র সেন।
শ্রীযুত বাবু রাজকৃষ্ণ মুখুয্যে হাজরিবাগ।
শ্রীযুত বাবু অমদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়।
শ্রীযুত বাবু তারাচাঁদ মুখুয্যে।
শ্রীযুত বাবু হরলাল ঠাকুর।
শ্রীযুত বাবু রামচরণ মল্লিক।
শ্রীযুত বাবু দুর্গাচরণ দত্ত।
শ্রীযুত বাবু বিশ্বনাথ মতিলাল।
শ্রীযুত বাবু রাধামোহন বসু।
শ্রীযুত বাবু রামত্রিলোচন সেন।
শ্রীযুত বাবু রামচন্দ্র মিত্র।
শ্রীযুত বাবু রাধানাথ ঘোষ।
শ্রীযুত হিলস ফর্লং কোং ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ৯ টাকা।

The following officers have obtained leave of absence from their stations:

Mr. G. F. Brown, Officiating Commissioner of Revenue of the 12th or Bhaugulpore Division, for one week, to visit Gya on private affairs.

Mr. H. T. Raikes, Magistrate and Collector of Chittagong, up to the date on which the River Steamer *Experiment* will reach Chittagong, in extension of the leave granted to him on the 3d of November last.

Mr. W. M. Dirom, Officiating Magistrate and Collector of Rajeshye, for one month, on private affairs. Mr. C. J. E. Graham will conduct the duties of the above offices during Mr. Dirom's absence.

Mr. R. Houstoun, Officiating Collector of Midnapore, for one month, from the date of his delivering over charge of the current duties of that office.

Mr. T. C. Trotter, Assistant under the Commissioner of Revenue of the 19th or Cuttack Division, an extension of leave on private affairs, to the 10th proximo.

The unexpired portion of the leave of absence for two months, granted to Mr. J. Harvey, Commissioner of Revenue of the 16th or Chittagong Division, on the 2d instant, to remain at the Presidency on private affairs, in charge of his office, is cancelled at his request.

20th January.

Mr. Assistant Surgeon J. Lamb, attached to the Civil Station of Malda, has obtained leave of absence for two months, on medical certificate, in extension of the leave for six weeks, granted to him on the 18th ultimo.

15th January.

Captain J. W. Douglas to be 2d Assistant to the Resident at Indore.

This appointment to take effect from the date of Major Johnston's resignation.

Mr. Assistant Surgeon R. Christie assumed Medical charge of the Residency at Nepaul on the 1st instant.

13th January.

Mr. R. H. P. Clarke, Joint Magistrate and Deputy Collector of Bareilly, has obtained leave of absence for two months, from the 20th November 1837, on medical certificate.

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun, for the current year*, from January 1st to December 31st, 1838, EIGHT Rupees each:—

G. Herklots, Esq.
C. Reed, Esq.
Messrs. Hills, Forlong and Co.
Maha Raja Rajnarayan.
Baboo Annunchunder Sen.
" Doorgadass and Kaleedass Bundo.
" Joychund Pal Chowdree.
" Oodychund Bysack.
" Rajkissen Mookerjee, Hurreebaugh.
" Unnodaprisad Bundo.
" Tarachund Mookerjee.
" Hurroiall Tagore.
" Ramchurn Mullick.
" Doorgachurn Datt.
" Bishoonath Muteelall.
" Radhamohun Bose.
" Rajkissore Sen.
" Ramchunder Mitter.
" Radhanath Ghose.

Messrs. Hills, Forlong and Co. to Dec. 1837, 9 Rs.

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ
নং ..... তাং .....

সেসিয়ল কমিস্যনর সাহেবের আদালত। কলিকাতার এলাকা।

শ্রীযুত ই আর বারওয়েল সাহেব সেসিয়ল কমিস্যনর।

নং২ ২৭৬ জিলা ভূলুয়া।

গবর্ণমেণ্ট আপেলাণ্ট।

রাণী কাত্যায়নী রিস্পাণ্ডেণ্ট।

দাওয়া চর সোণা দিয়া।

১৮৩৩ সালের ২১ জুলাই তারিখে সুন্দরবনের শ্রীযুত কমিস্যনর সাহেব এই মোকদ্দমার এইরূপ ডিক্রী করিলেন যে বিবাদি ভূমি রিস্পাণ্ডেণ্টের দশসনী বন্দোবস্তের জমিদারীর শামিল অতএব তাহা গবর্ণমেণ্টর করেরর যোগ্য নহে। তাহাতে চট্টগ্রামের শ্রীযুত কমিস্যনর সাহেব আপীল করেন কিন্তু শ্রীযুত ডেপুটি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এই মোকদ্দমা নথিহইতে রহিত করাতে সেসিয়ল কমিস্যনর শ্রীযুত বারওয়েল সাহেব নথিহইতে ঐ মোকদ্দমা উঠাইয়া দিয়া ১৮৩৭ সালের ২৬ দিসেম্বর তারিখে ডিসমিস করিলেন।

নং২ ২১৭ জিলা সুন্দরবন।

বিবি মেরিয়ান হোমস আপেলাণ্ট।

গবর্ণমেণ্ট রিস্পাণ্ডেণ্ট।

দাওয়া চর অম্বষ্ঠী।

১৮৩৩ সালের ২০ আপ্রেল তারিখে সুন্দরবনের কমিস্যনর সাহেব ইহা বলিয়া এই মোকদ্দমা ডিক্রী করেন যে দশ সনী বন্দোবস্তের পর ঐ চর পড়ে পরে সেসিয়ল কমিস্যনর সাহেবের আদালতে তাহা আপীল হয় এবং কমিস্যনর শ্রীযুত বারওয়েল সাহেব ১৮৩৭ সালের ৭ দিসম্বর তারিখে সুন্দরবনের কমিস্যনর সাহেবের কৃত নিষ্পত্তির বিবেচনা করেন এবং নথির তাবৎ কাগজপত্র পাঠ করি এবং আপেলাণ্ট যে সকল মুখস্থ ও লিখিত সাক্ষ্য ও দলীল দস্তাবেজ দর্শিছিল তাহা পাঠ করিয়া অধস্থ আদাল ডিক্রীই বজায় রাখিলেন যেহেতুক কোর্ট এমত প্রমাণ হইল যে ঐ বিবাদি ভূমি নিতান্ত চর বটে এবং দশ সনী বন্দোবস্তের পর পড়িয়াছে এবং তাহার কোন অংশ দশ সনী বন্দোবস্তি জমির শামিল গণ্য নহে অতএব সুন্দরবনের কমিস্যনর সাহেবের ডিক্রী বজায় থাকিল।

নং২ ৫২। সুন্দরবন জিলা।

মুনসী মহম্মদ অমীর আপেলাণ্ট।

গবর্ণমেণ্ট রিস্পাণ্ডেণ্ট।

দাওয়া মহাল রাণী কছর প্রভৃতির শামিল ৪২০০ বিঘা চর ভূমি।

সুন্দরবনের শ্রীযুত কমিস্যনর সাহেব এই মোকদ্দমার প্রথম বিবেচনা করিয়া ১৮৩৬ সালের ২৮ সেপ্তম্বর তারিখে এই হুকুম করেন যে বিবাদি ভূমি সুন্দরবনের সীমার মধ্যে অতএব তাহা করের যোগ্য। পরে ঐ ডিক্রীর আপীল হয় এবং ১৮৩৭ সালের ২০ দিসেম্বর তারিখে সেসিয়ল কমিস্যনর শ্রীযুত বারওয়েল সাহেব অধস্থ আদালতের তাবৎ নিষ্পত্তি কার্য্যের বিবেচনা করিয়া দেখিলেন যে কমিস্যনর সাহেবের ডিক্রী অন্যথা করণের কোন হেতুনাই অতএব তাহা বহাল ও বজায় রাখিলেন যেহেতুক ঐ বিবাদি ভূমি সুন্দরবনের জঙ্গলের মধ্যে ছিল এবং দশ সনী বন্দোবস্তের হদ্দে কোন এলাকা নাই।

১৮৩৬ সাল নং২ ১ জিলা ত্রিপুরা।

আপেলাণ্ট দেওয়ান নুর আলি।

রিস্পাণ্ডেণ্ট গবর্ণমেণ্ট।

দাওয়া চর চারুতলা ও সোণারামপুর।

১৮৩৫ সালের ১২ অগস্ত তারিখে কালেক্টর সাহেব হুকুম দিলেন যে ঐ চর গবর্ণমেণ্টের করের যোগ্য যে হেতুক তাহা দশ সনী বন্দোবস্তের পরে পড়ে। এই ডিক্রীর আপীল হয় এবং ১৮৩৭ সালের ১৪ সেপ্তম্বর তারিখে কমিস্যনর শ্রীযুত বারওয়েল সাহেব ডেপুটি কালেক্টরের ডিক্রী নীচে লিখিত মতে অন্যথা করিলেন।

যত সাক্ষ্য দেওয়া গেল তাহা তজবীজ করাতে এবং ভূমি জরীপ করাতে এমত প্রমাণ হইল যে ঐ তাবৎ চর চারতলা ও সোণারামপুরের ভূমি ৯২ ধুম ৩ কানি ১৬ গণ্ডা ৩ কৌড়ি তাহার মধ্যে শ্রীযুত বারওয়েল সাহেব আপেলাণ্টকে ১৫ ধুম ৪ কানি ১৬ গণ্ডা ভূমি তাঁহার দশ সনী বন্দোবস্তি জমিদারীর শামিল বলিয়া তাঁহাকে ফিরিয়া দিতে হুকুম দিলেন এবং অবশিষ্ট অর্থাৎ ৭৬ ধুম ১৫ কানি ১০ গণ্ডা ৩ কৌড়ি ভূমি তাহার পরে চর পড়িয়াছে বলিয়া এবং দশ সনী বন্দোবস্তি ভূমির সঙ্গে কোন সম্পর্ক নাই বলিয়া গবর্ণমেণ্টের করের যোগ্য হওনের হুকুম দিলেন।

পরে রীতিমত এই মোকদ্দমা সেসিয়ল কমিস্যনর শ্রীযুত মাডক সাহেবের নিকটে ১৮৩৭ সালের ৬ নবেম্বর তারিখে উপস্থিত হয় ঐ সাহেব শ্রীযুত কমিস্যনর বারওয়েল সাহেবের মতে ঐক্য হইয়া আরো বিশেষ হুকুম দিলেন যে আপেলাণ্টের ভূমি জরীপ করাতে যদ্যপি কোন চাকুরী জিল ইহার পরে দুষ্ট হয় তবে ঐ মোকদ্দমা পুনর্ব্বার বিবেচনা হইতে পারিবে এবং এই ডিক্রীর দ্বারা পুনশ্চ বিবেচনার প্রতিবন্ধকতা হইতে পারিবে না।

১৮৩৭ সালের ১৩ দিসেম্বর তারিখে কমিস্যনর শ্রীযুত বারওয়েল সাহেব শ্রীযুত মাডক সাহেবের মতে সম্মত হইলেন।

COURT OF THE SPECIAL COMMISSIONERS.

Under Regulations III. of 1819 and II. of 1828.

Calcutta Division.

E. R. BARWELL, ESQ. *Special Commissioner.*

No. 276.—ZILLA BHOOLOOAH.

Government,..... *Appellants*

versus

Rauee Kutyanee..... *Respondent.*

Claim.—Chur Somadeah.

The Commissioner of Soondurbun recorded his judgment in this case on the 21st of July, 1833, against the assessment of the land in contention by Government, in consequence of its being included in the Respondent's permanently settled estate. The appeal of the Revenue Commissioner of Chittagong was struck off the file, under the orders of Mr. Special Commissioner, E. R. Barwell, dated the 26th December, 1837. The Deputy Superintendent and Remembrancer of Legal Affairs having withdrawn the suit.

No 217.—ZILLA SOONDURBUN—Bebee Mary Anne Holmes, &c., *Appellants.*

versus

Government, ... *Respondent.*

Claim.—Chur Ulkee.

On the 20th of April, 1833, this case was decided by the Soondurbun Commissioner in favour of Government, on the ground that the alluvion had formed since the Decennial Settlement. The case was appealed to the Court of the Special Commissioners. Mr. Special Commissioner, E. R. Barwell, entered into the investigation of the proceedings of the Soondurbun Commissioner, on the 7th December, 1837, and after going through all the records of the file, and examining every oral and documentary evidence adduced on the part of the Appellant, felt himself called upon to uphold the decision of the lower court; it being satisfactorily proved that the land in dispute was an alluvion, and formed, subsequent to the conclusion of the Decennial Settlement, and no portion of it was attached to any of the permanently settled estate. The decree of the Soonderbun Commissioner was accordingly confirmed.

No. 52.—SOONDURBUN.

Moonshee Mohummud Useer, *Appellant.*

versus

Government,..... *Respondent.*

Claim.—4 200 Beegahs of Alluvial Land, situated in Mahal Ranee Kutchhee, &c.

The Soondurbun Commissioner, by whom this case was originally investigated, had declared on the 28th September, 1836, the contested land liable to assessment, on the ground of its being situated within the limits of the Soondurbun forest. This decree was appealed against, and Mr. Special Commissioner E. R. Barwell, on the 20th December, 1837, looked into the proceedings of the lower court, and found nothing in them to form an opinion contrary to the judgment given by the Soondurbun Commissioner, he accordingly upheld and confirmed the same; the land in dispute being actually situated within the Soondurbun Jungulis, and no wise connected with any of the permanently assessed estates.

No. 1 or 1836.—TIPPERAH.

Dewan Noor Uli, &c... ... *Appellants.*

versus

Government,..... *Respondent.*

Claim.—Chur Churtulah and Sonarampoor.

The Deputy Collector, on the 12th August, 1835, gave judgment in favour of assessing the Alluvion by Government, on the ground, that the land in dispute was an alluvion, and formed, subsequent to the conclusion of the Decennial Settlement, and no portion of it was attached to any of the permanently settled estate. The decree of the Soonderbun Commissioner was accordingly confirmed.

সমাচার দর্পণ

শনিবার ৩ ফেব্রুআরি ১৮৩৮।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর।

পশ্চিম দেশে শস্যাদির দুর্মূল্যতাপ্রযুক্ত যে ক্লেশ আছে তাহা শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর আপনার গমনপ্রযুক্ত আর বৃদ্ধি না হয় এনিমিত্ত যথা সাধ্য উপায় চেষ্টা করিয়াছেন তাহা এই শ্রীলশ্রীযুক্তের ছাউনিস্থ পনর হাজারেরো অধিক লোকের খাদ্য দ্রব্যাদি অযোধ্যাহইতে আসিতেছে এবং তথাহইতে শ্রীযুত কর্ণল লো সাহেবের অতিমনোযোগপ্রযুক্ত ভূরি২ আহারীয় সামগ্রী শ্রীলশ্রীযুক্তের পশ্চাৎ২ প্রেরিত হইতেছে। শ্রীল শ্রীযুক্ত আপনার গমনীয় প্রত্যেক মঞ্জিলে অনাহারি ব্যক্তিদিগকে অতি বদান্যতাক্রমে নিজহইতে ভক্ষ্যাদি দান করিতেছেন। ইহাতে বোধ হইতেছে যে শ্রীল শ্রীযুক্ত দীনহীন লোকের দুরবস্থা দূরকরণার্থ সাধ্যানসারে সতত তৎপর আছেন। এবং কোন২ স্থানে প্রজারদের বাকি রাজস্বক্ষমাকরণদ্বারা কোন স্থলে জলাভাবে কৃপ খননার্থ তাগাবি দেওনের দ্বারা গবর্ণমেণ্টের পরম হিতৈষিতা প্রকাশ করিতেছেন। কোন২ সম্বাদপত্রদ্বারা এমত জনরব রাষ্ট্র হয় যে কোন২ জিলা দিয়া শ্রীল শ্রীযুক্তের গমনকরণসময়ে সেইজিলায় শস্যাদি অতিসুমূল্য দর্শিত হইল। তাহাতে অনুভব হইল যে ইহা তত্রস্থ ইউরোপীয় কর্ম্মকারক সাহেবকর্ত্তৃক শ্রীলশ্রীযুক্তের কুটার্থ প্রতারণারূপে সম্পন্ন হয়। কিন্তু এই জনরব সমূলক নহে। আমরা ও বোধ করি ইহা নিতান্ত অবিশ্বাস্য যেহেতু

SUMACHAR DURPUN.

SATURDAY, FEBRUARY 3RD. 1838.

Governor General.

The Governor General has done all in his power to prevent any increase, in consequence of his march through the country, of the distress which so generally prevails. All the forage for his Lordship's Camp, which we are given to understand exceeds 15,000 individuals, has been provided from Oude, from which province large supplies have been received, through the active agency of Col. Low. His Lordship has liberally distributed food and provisions to the starving at every stage of his progress; which shews his real anxiety to relieve the exigencies of the poor, as far as he is individually able. At the same time, the remission of revenue and the advances made to the cultivators to enable them to dig wells, exhibit the benevolent anxiety of Government. A rumour has found its way into some of the public prints, that in some of the provinces through which his Lordship has passed, the price of provisions has been lowered; and it has been surmised that this was occasioned by the agency of the European officers of Government for the gratification of the Governor General. But the report wants foundation. We are strongly inclined to disbelieve it altogether, because, in the

তুক সর্ব্বজনগোচর মহা দুর্ভিক্ষের দ্বারা দেশের যে অশেষ ক্লেশ হইতেছে তাহা গোপন কতক্ষণ থাকিতে পারে এবং ঐ প্রবঞ্চনা প্রকাশ হইলে ঐ প্রবঞ্চক কর্ম্মকারক দেশাধিপতির ক্রোধপাত্র হইতে পারেন।

শ্রীযুত সর চার্লস মেটকাফ।

মেঘনানামক বাষ্পীয় জাহাজারূঢ় শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব ও তাঁহার সমভিব্যাহারি অমাত্য সাহেবেরা গত মাদের ২২ তারিখে দানাপুরে পঁহুছিয়াছেন এবং এই সপ্তাহে কলিকাতায় তাঁহারদের আগমনের অপেক্ষা আছে। গত মঙ্গলবারে কলিকাতাস্থ প্রধান২ সাহেব লোকেরা রাংবৈঠক করিয়া শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেব কলিকাতায় উত্তীর্ণ হইলে তাঁহাকে এক মহা ভোজ দেওনের তাব স্থিরীকৃত করিয়াছেন।

সম্প্রতি টৌনহালে কলিকাতা নিবাসি সাহেবেরা সভাস্থ হইয়া এই স্থির করিলেন যে শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব কলিকাতায় উপনীত হইলে তাঁহাকে নাচ দর্শন ও নিশায় ভোজ দিবেন এবং ইহাও স্থির হইল ঐ ব্যাপারের নিয়ম সম্বাদনার্থ তাবৎ প্রকার লোক হইতে কর্ম্মাধ্যক্ষ নিযুক্ত হইবেন। শুনিয়া আহ্লাদিত হইলাম যে তন্মধ্যে এতদ্দেশীয় দুই মহাশয়ও নিযুক্ত হইয়াছেন।

সভা ভঙ্গ হওনের পূর্ব্বে শ্রীযুত ক্লার্ক সাহেব এই প্রস্তাব করিলেন যে চাঁদার দ্বারা শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে সমাজ কর্ত্তৃক সম্ভ্রমের চিহ্নস্বরূপ এক রৌপ্য পাত্র প্রদান করা যায় তাহাতে তৎক্ষণাৎ ২০০০ টাকার সহী হইল।

পরে শুনা গেল যে সিবিল সর্ব্বীস সাহেবেরাও ঐ শ্রীযুক্ত সাহেবকে সম্ভ্রমের চিহ্ন প্রদানার্থ এক চাঁদা করিয়াছেন সেই চিহ্ন এই যে শ্রীযুক্ত সরচার্লস মেটকাফ সাহেবের বাহু উপরিস্থ যে চিহ্ন আছে তাহাতে এক হীরকময় তারা দেওয়া যাইবে।

শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব বৃহস্পতিবারে কলিকাতায় পঁহুছিলেন।

নিজ সেক্রেটরী।

মেডিকেল বোর্ডের সেক্রেটরী শ্রীযুত ডাক্তর হচিনসন সাহেব সম্প্রতি দেশ হইতে প্রত্যাগত হইয়া বঙ্গদেশীয় গ্রীল শ্রীযুত গবরনরের নিজ সেক্রেটরী পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত হচিনসন সাহেবের অনুপস্থানে শ্রীযুত মাঙ্গলস্ সাহেব তৎকর্ম্ম নির্ব্বাহ করিতেছিলেন।

টৌনহালে শাকসব্জী দর্শন।

গত সোমবারে কলিকাতার টৌনহালে বার্ষিক শাকসব্জী দর্শন হইল তৎসময়ে অনেক ইউরোপীয় সাহেব ও বিবি সাহেব এবং এতদ্দেশীয় মহাশয়েরা উপস্থিত ছিলেন। মালিরা যে সকল শাকসব্জী দর্শাইল তাহা অপূর্ব্ব উৎকৃষ্ট অন্যান্য বৎসরে কখন এমত দৃষ্ট হয় নাই। পশ্চাৎ লিখিত মহাশয়েরা তাহার পরীক্ষা করিলেন বিশেষতঃ শ্রীযুত ডাক্তর ওয়ালিক সাহেব শ্রীযুত দেওয়ান রামকমল সেন শ্রীযুত ডবলিউ ফ্রম সাহেব শ্রীযুত গিবন সাহেব। শ্রীমতী বিবি পেনিংটন সাহেব পুরস্কার বিতরণ করিলেন কৃতকার্য্য মালিরদিগকে সর্ব্বসুদ্ধ ২০০ টাকা ও ১২ খান মুদ্রা পুরস্কারস্বরূপ প্রদত্ত হইল।

নূতন পয়সা।

এক ইস্তেহারের দ্বারা জ্ঞাত হইয়া আমরা পরমাপ্যায়িত হইলাম যে গবর্ণমেণ্ট এইক্ষণে এই নির্দ্ধার্য্য করিয়া সর্ব্ব কারী পোদ্দারের দোকানে টাকায় নূতন পয়সা ১৬ গণ্ডা দিতে এবং পুরাণা পয়সা ১৬ গণ্ডা লইতে হুকুম করিয়াছেন। ইহাতে সকলেরই বিশেষতঃ দরিদ্র ব্যক্তিরদের অধিক উপকার হইবে যেহেতুক পয়সার দরের অনিয়ম থাকা প্রযুক্ত লোকের অশেষ ক্লেশ হইতে ছিল।

বিনা ষ্টাম্পে জামিনী খত।

সদর দেওয়ানী আদালতের সুপারিণ্টেণ্ডর হইয়াছে যে কোন২ জিলায় আসল খত যে কাগজে লেখা যায় সেই কাগজে জামিনী খত লিখিত হইয়া গ্রাহ্য হইয়া থাকে। এইপ্রকারে যে খত বহুমূল্য ষ্টাম্প কাগজে লেখা কর্ত্তব্য সেই খত এইক্ষণে অল্পমূল্যের আসল খতের তুল্য কাগজে লেখা যাইতেছে। উক্ত আদালতের বিবেচনায় এই ব্যবহার আইনবিরুদ্ধ অতএব তাঁহারা তাবৎ জিলার জজরদের প্রতি আজ্ঞা করিয়াছেন যে তাঁহারা ঐরূপ ব্যবহার নিবারণ করেন।

কলিকাতার ঘোড়দৌড়।

গত বুধবার প্রাতঃকালে কলিকাতায় যে ঘোড়দৌড় হইয়াছিল তাহাতে দৈবাৎ অতি বিলপনীয় এক দুর্ঘটনা হইল বিশেষতঃ যে দুই ঘোড়া লক্ষিত স্তম্ভপর্য্যন্ত দৌড়িয়া যাইতে ছিল ইতিমধ্যে অকস্মাৎ এক কটা ছুটা ঘোড়া তাহারদের অগ্রে দৌড়িল তাহাতে ঐ দুই ঘোড়া চমকিয়া আরোহিসুদ্ধ পতিত হইল তৎপ্রযুক্ত এক ব্যক্তি অত্যাঘাতী হইল অন্য ব্যক্তি তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিল কিন্তু অশ্বের কোন হানি হয় নাই।

নগদ টাকা।

কিয়দ্দিবস হইল হরকরাপত্রে তৎসম্পাদক লিখিয়াছিলেন যে কলিকাতার ট্রেজুরীতে নগদ ১০ কোটি টাকা জমা আছে। এবং ঐ টাকা বর্ম্মারদের সঙ্গে যুদ্ধের সম্ভাবিত আবশ্যক হওনার্থ সঞ্চিত হইয়াছে। এই কথা প্রকৃত কি না তাহা আমরা অবগত নহি।

গত বৃহস্পতিবারে যে আগ্রা আকবর প্রাপ্ত হওয়াগেল তাহাতে লেখে যে আগ্রা শহরে এবং নিকটবর্ত্তি জিলাতেও টাকার অত্যন্ত টান্ হইয়াছে এবং কোন২ জিলাতে টাকামাত্র নাই যেহেতুক ঐ অঞ্চলে বাণিজ্য ব্যাপার স্থগিত হইয়াছে এবং কথিত আছে যে তথায় গবর্ণমেণ্ট শতকরা ৪ টাকা সুদে কর্জ্জ করিতেছেন।

ইনশালবেণ্ট আদালত।

সম্প্রতি ইনশালবেণ্ট আদালতহইতে সুপ্রিম কোর্টে অতিভারি এক মোকদ্দমার আপীল হইয়াছে। বিশেষতঃ ফার্গিসন কোং কুঠীর এক জন অংশী শ্রীযুত ডেবিড্ক্লার্ক সাহেব ১৮২৭সালের আপ্রিল মাসে আপনার অংশ ত্যাগ করেন এবং ঐ কুঠীর সঙ্গে তাঁহার হিসাব কিতাব হইলে পর তাঁহার লভ্যাংশ জমা ৬ লক্ষ টাকা থাকে এইপ্রযুক্ত তিনি ঐ টাকার ডেবিডেণ্ডের দাওয়া করেন। ফার্গিসন কোং কুঠীর আসেনি সাহেব মহাজনেরদের পক্ষ হইয়া ঐ দাওয়ার প্রতিরুক্ততারূপ কহেন যে শ্রীযুত ক্লার্ক সাহেব যে সময়ে কুঠীর অংশিত্ব ত্যাগ করেন তৎসময়ে কুঠী দেউলিয়া ছিল। এই মোকদ্দমা ইনশালবেণ্ট আদালতে জুডীস মালকিন সাহেবের সম্মুখে শুনানি হইলে তিনি ক্লার্ক সাহেবের দাওয়ার বিষয় গ্রাহ্য করিয়া নিষ্পত্তি করিলেন কিন্তু ফার্গি

সন কোং আসেনি ঐ নিষ্পত্তিতে সম্মত না হইয়া সুপ্রিম কোর্টে আপীল করিলেন। গত সপ্তাহে তাহা শ্রীযুক্ত জজ সাহেবেরদের সম্মুখে শুননি হইল তাহাতে উভয়পক্ষীয় উকীলের সওয়াল জওয়াব শুনিয়া আদালত এই নির্দ্ধার্য্য করিলেন যে অদ্য মিছিলে এই মোকদ্দমার নিষ্পত্তি করা যাইবে।

এই মোকদ্দমা অতিগুরুতর যেহেতুক ইহাতে কেবল ফার্গিসন কোং কুঠীর বিষয় লিপ্ত আছে এমত নহে কিন্তু দেউলিয়া অন্যান্য কুঠীর বিষয়ও লিপ্ত। সকলেরই বোধ আছে যে ঐ সকল দেউলিয়া কুঠীর অনেক অংশিরা বহুতর ধন লইয়া বিলাতে চলিয়া গিয়াছেন এবং অনুমান হয় যে ঐ অংশিরদের গমনকালেই ঐ সকল কুঠী দেউলিয়া ছিল। এই বিষয়ের এক উদাহরণ এই যে ১৮২০ সালের পূর্ব্বে আলেকজান্দর কোং কুঠীর চারি জন অংশী অনেক সম্পত্তি লইয়া বিলাতে প্রস্থান করেন। এবং ১৮৩২ সালে অর্থাৎ শেষ অংশি প্রস্থানের ১২ বৎসর পরে ঐ কুঠী সাড়ে ৩ কোটি টাকার নিমিত্ত দেউলিয়া হয়। বোধ হয় এইরূপেই ঐ টাকার দশ অংশের একাংশমাত্রও ঐ কুঠীর ইষ্টেটহইতে পাওয়া যায়। অতএব যদি ১৮২০ সালে ঐ কুঠীর দেনা পরিশোধ করণের ক্ষমতা ছিল তবে কুঠীর অংশিরা ১৩ বৎসরের মধ্যে কোনপ্রকারে ৩ কোটি ২০ লক্ষ টাকা নষ্ট করিয়াছেন ইহা নিতে হয় অর্থাৎ প্রত্যেক বৎসরে ২৪ লক্ষ এবং মাসিক ২ লক্ষ টাকা উড়াইয়া দিয়াছেন। কিন্তু এমত বাহুল্যরূপে সম্পত্তি ক্ষয় করা অতিঅবিশ্বসনীয়।

ক্লেরিমেণ্ট বাষ্পীয় জাহাজ।

ক্লেরিমেণ্টনামক নূতন লৌহময় বাষ্পীয় জাহাজ দুই এক দিবসের মধ্যে চট্টগ্রামের নদীতে প্রেরিত হইয়া গমনাগমন করিবে। ঐ জাহাজ ৩ ফুট জল ভাঙ্গে। যদ্যপি সময় এইক্ষণে অতিসুন্দর না হইত তবে এমত ক্ষুদ্র জাহাজ বহিঃসমুদ্রে প্রেরণ করা ক্ষতিসঙ্কট হইত।

ডাকবাঙ্গী।

এইক্ষণে ডাকবাঙ্গী কলিকাতাহইতে কেবল নাগপুরপর্য্যন্ত প্রেরণ হইয়া থাকে কিন্তু বোম্বাইর গবর্ণমেণ্ট এই নূতন বন্দোবস্ত করিয়াছেন যে ঐ ডাক নাগপুরহইতে বোম্বাইপর্য্যন্ত চলিবে। সম্প্রতি ইশ্তেহার দেওয়া গিয়াছে যে ডাকেরি পুলিন্দাদি কলিকাতাহইতে একেবারে বোম্বাইপর্য্যন্তই পাঠান যাইবে।

স্থলপথে গমন।

কচিনহইতে আগত ৩১ দিসেম্বর তারিখের পত্রে লেখে যে দুই খেপ বোম্বাইর বাষ্পীয় জাহাজে গমনার্থ পরিপূর্ণ আরোহি লোক প্রস্তুত আছে। এই নিমিত্ত কচিনহইতে যে সকল লোক বাষ্পীয় জাহাজে গমনাকাঙ্ক্ষী ছিল তাহারা ভগ্নাশ হইয়াছে এবং ইহাতে স্পষ্ট বোধ হইতেছে যে যেপর্য্যন্ত কেবল বোম্বাইহইতে বাষ্পীয় জাহাজ যাইবে সেই পর্য্যন্ত কলিকাতাস্থ লোকের যাত্রাকরণের কোন প্রত্যাশা থাকিবে না।

প্রধান সদর আমীন।

পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবেক যে একাদশ মাস হইল এমত এক আইন প্রকাশ হইয়াছিল যে জজ সাহেবেরা প্রধান সদর আমীনের প্রতি যত টাকার মোকদ্দমা হউক না কেন তাহা অর্পণ করিতে পারেন এবং মোকদ্দমাকারিরা তাহার আপীল একেবারে সদর দেওয়ানী আদালতে করিতেন। অদ্যকার দর্পণে আমরা উক্ত আদালতের এক সাধারণ আজ্ঞা প্রকাশ করিলাম তাহাতে ঐ নূতন আইনক্রিয়ারূপে জারী হইবে তাহার তাবদ্বিবরণ লিখিত আছে।

শ্রীযুত রেনিয়ল কমিস্যনর সাহেবের আদালতে লাখেরাজ ভূমির একএক মোকদ্দমা নিষ্পত্তি হইয়াছে তদ্বিবরণও প্রকাশ করা গেল।

এতদ্দেশীয় জজের দিগকে মোকদ্দমা অর্পণ বিষয়ে সদরদেওয়ানি আদালতের হুকুম।

আদলত হুকুম করিতেছেন যে যে মোকদ্দমায় গবর্ণমেণ্ট অথবা গবর্ণমেণ্টের কর্ম্মকারকেরা এক পক্ষ হন সেই মোকদ্দমার বিষয় যদি পাঁচ হাজার অধিক না হয় তবে ঐ মোকদ্দমার নথি জজ সাহেবেরা আপনারদের হস্ত হইতে প্রধান সদর আমীন ও মুনসেফেরদের হাতে অর্পণ করিবেন। ১৮৩১ সালের ৫ আইনের ৭ ও ২৫ ধারানুসারে জিলার জজ সাহেবেরদের ক্ষমতা আছে যে ঐ প্রকার কোন মোকদ্দমা আপনারদের নিকটস্থ নথিতে রাখণ আবশ্যক বোধ করিলে রাখিতে পারেন এই হুকুম জারী করণের পর তাহার সম্বাদ ১৫ দিবসের মধ্যে তাঁহারা সদর দেওয়ানী আদালতে দিবেন এবং তাঁহারদের প্রতি হুকুম হইল যে তাঁহারা আপনারদের নিকটস্থ নথিতে যে সকল মোকদ্দমা রাখিয়াছেন তাহার এক ফর্দ্দ এবং তাহা কি নিমিত্ত রাখিলেন তাহার বিশেষ বিবরণ লিখিয়া জ্ঞাত করিবেন। এইরূপে যে সকল মোকদ্দমা প্রধান সদর আমীনের হাতে অর্পণ হয় সেই মোকদ্দমা পূর্ব্বে তদন্তীজ ও রিপোর্ট হওনার্থ জিলার কালেক্টর সাহেবের নিকটে প্রেরণ হইবে এবং কালেক্টর সাহেব আপনার কার্য্য নিষ্পত্তি করিয়া ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারার ৬ প্রকরণানুসারে নিষ্পত্তি হওনার্থ প্রধান সদর আমীনের নিকটে পুনর্ব্বার প্রেরণ করিবেন।

যে নূতন আইন এইক্ষণে হইয়াছে তাহাতে জজ সাহেবেরদের প্রতি হুকুম আছে সদর দেওয়ানী আদালতের সাধারণ কর্ত্তৃত্বের উপর তাঁহার দৃষ্টি রাখিয়া পাঁচ হাজার টাকার অধিক সম্পত্তির যে কোন মোকদ্দমা প্রধান সদর আমীনের নিকটে বিচারার্থ অর্পণ করিতে পারেন।

সদর দেওয়ানী আদালত এইক্ষণে জজ সাহেবেরদের প্রতি হুকুম করিতেছেন যে তাঁহারা অতি বিবেচনাপূর্ব্বক ঐ ক্ষমতানুসারে কার্য্য নিষ্পত্তি করিবেন এবং নীচে লিখিত বিষয়সকলের প্রতি দৃষ্টি রাখিবেন।

১ পাঁচ হাজার টাকার ঊর্দ্ধ কোন মোকদ্দমার দলীল দস্তাবেজ যদি ইঙ্গরেজী ভাষায় লিখিত থাকে অথবা তাহা যদি ইঙ্গলণ্ডীয় কোন ব্যবস্থা ঘটিত হয় তবে ঐ প্রধান সদর আমীন ইঙ্গরেজী ভাষা বিলক্ষণরূপ জ্ঞাত না হইলে তাঁহার প্রতি অর্পণ করিবেন না।

Assignee of Fergusson and Co., however, not satisfied with this decision, appealed to the Supreme Court, and the case came on for hearing before the Judges last week. After the arguments of Council on both sides had been heard, the Court determined to give their decision upon a future day.

This is a case of very considerable importance, because it affects the character, not only of the late house of Fergusson and Co., but of some of the other houses. It is a well known fact, that the partners of some of them retired to England with very large fortunes; but it is very much a matter of doubt, whether at the time of their retirement, the houses were not insolvent. To take one particular instance. The house of Alexander and Co. had sent home previously to 1820, four partners with large fortunes. In 1832, that is, twelve years after the departure of the last partner, the house fails for three hundred and fifty lakhs of Rupees. Of this sum, one-tenth will possibly be realized from its assets. If, therefore, in 1820, this house was solvent, the managers of the concern during these thirteen years, must have contrived to annihilate property to the extent of three crores and twenty lakhs of Rupees, or *twenty-four lakhs of Rupees a year*, or taking one month with the other, *two lakhs of Rupees* a month,—which is utterly incredible.

The Experiment Steamer.

The *Experiment*, a new river iron steamer, proceeds in a day or two to Chittagong, and is destined for river service in that district; she draws less than three feet water. Except at this extremely mild season, it certainly would have been extremely hazardous to have embarked such a vessel upon an open sea.

Dawk Bangy.

Up to the present time the Dawk Bangy has been confined to the route between Calcutta and Nagpore; but in consequence of the recent arrangements of the Bombay Government, it has been extended from Nagpore to Bombay, and an advertisement has just appeared in the papers, stating that parcels may now be despatched from Calcutta all the way to Bombay.

Overland Travelling.

A letter from Cochin, dated the 30th of December, states that the Bombay steamers are quite full for the next two trips, so that the individuals at Cochin, who are anxious to obtain a passage in one of them, have been entirely disappointed; and it appears clear, therefore, that so long as the communication is confined to Bombay, there is no chance whatever of any passenger from Calcutta or Madras obtaining a birth in them.

Principal Sudder Ameens.

Our readers may remember that some months ago, an Act was passed, authorizing the Judges to make over to the Principal Sudder Ameens, suits of whatever amount they might be, and directing that all appeals from the Principal Sudder Ameens should be made at once to the Sudder Dewanny Adawlut. We have this day published a Circular Order of that Court, which defines how this new law is to be carried into execution.

We also publish several cases of rent-free lands, which have recently been decided in the Special Commissioner's Court.

Circular Orders.

Transfer of Cases for Trial by Native Subordinate Judges.

The Court have directed the immediate transfer from the files of the Judges, to those of the Principal Sudder Ameens and Moonsiffs, of all suits in which the Government or its officers may be a party, and in which the amount of value of the property sued for, may *not* exceed 5000 rupees. The Zillah Judges are, of course, competent to retain under Sections VII. and XXV., Regulation V. 1831, any of the above suits on their own files, provided they see sufficient grounds for so doing; but in reporting to the Court (which they have been requested to do within fifteen days) the execution of the present orders, the Judges have also been requested to submit a list of all the suits, that they have so retained, and to explain their reasons briefly for doing so.

The Zillah Judges have in like manner been directed to transfer to the file of the Principal Sudder Ameens all suits preferred under Clause1, Section XXX., Regulation II., 1819, retaining, however, on their own file, any suits of the above nature, that they (the Judges) think ought to be tried by the Judge, submitting a list of the same, and their reasons for having retained the cases. All suits thus referred to a Principal Sudder Ameen have been directed to be sent as heretofore to the Collector of the District for investigation and report; the Collector on closing his proceedings will transmit them under Clause VI., Section XXX., Regulation II. 1819, to the Principal Sudder Ameen for decision.

The Act now passed authorizes the Judges, subject, of course, to the general controul of the Sudder Dewanny Adawlut, to refer any suit above the value of 5000 rupees to the Principal Ameen for trial. The Superior Court have requested the Zillah Judges to exercise this power with a sound discretion, and their attention has been called to the following illustrations:'

1st.—No suit above 5000 rupees shall be referred to a Principal Sudder Ameen, in which the documentary evidence may be in the English language, or may involve points of English law, unless such Principal Sudder Ameen is acquainted with the English language.

4135

২ জজ সাহেব পাঁচ হাজার টাকার ঊর্দ্ধ যত মোকদ্দমা প্রধান সদর আমীনের আদালতে মাসের শেষে নষ্পত্তি মুলতবী থাকে সেই সকল মোকদ্দমার পারগ্য ভাষাতে লিখিত এক বিবরণ B চিহ্নিত নিয়মানুসারে প্রস্তুত করিয়া তাহার দুই নকল জজ সাহেবের নিকটে পাঠাইবেন। এবং পাঁচ হাজার টাকার ঊর্দ্ধ সম্পত্তির যত মোকদ্দমা ঐ মাসের মধ্যে নির্ব্বাহ বা নিষ্পত্তি করিয়াছেন তাহার বিবরণ C চিহ্নিত নিয়মানুসারে লিখিয়া দুই ফর্দ্দ জজ সাহেবের নিকটে পাঠাইবেন। জজ সাহেব ঐ দুই ফর্দ্দের মধ্যে এক খান আপনার মাসিক কার্য্য বিবরণের ফর্দ্দ সহিত সদর দেওয়ানী আদালতে প্রেরণ করিবেন অপর এক খান আপন আদালতের মধ্যে রাখিবেন।

৪ প্রধান সদর আমীনের নিষ্পত্তির যত সরাসরী আপীল হয় তাহা আপেলাণ্ট এককালে সদর দেওয়ানী আদালতে করিবেন।

৫ জাবেতামত যত আপীলের দরখাস্ত হয় তাহা প্রধান সদর আমীনকে দিতে হইবে এবং প্রধান সদর আমীন ১৭৯৩ সালের ৬ আইনের ১১ ধারার নিয়মানুসারে তাহা প্রস্তুত করিবেন। অপর ঐ মোকদ্দমার রোয়দাদ সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর সাহেবের নিকটে প্রেরণ করিতে হইবে। কিন্তু প্রথমতঃ প্রধান সদর আমীন তাহাতে আপনার পদের সহী ও মোহর বসাইয়া জিলা বা শহরের জজের নিকটে পাঠাইবেন এবং তিনি ১৮২৩ সালের ১৯ সেপ্তম্বর এবং ১৮২৪ সালের ২১ মে তারিখের নং ৬৭ ও ৭০ সাধারণ আজ্ঞানুসারে ঐ পুনর্ব্বিচারে কোন প্রকারে জল সম্পর্ক না হয় এইরূপে বন্দ করিয়া তাহা রীতিমত সর্টিফিকট সমেত সদর দেওয়ানী আদালতের রেজিষ্টরের নিকটে পাঠাইবেন। শেষোক্ত আইনের হুকুম অনুসারে মোকদ্দমার রোয়দাদের যে নকল দেওনের হুকুম আছে তাহা জজ সাহেবের দপ্তরে অতি সাবধানে রাখিতে হইবে।

৬ পাঁচ হাজার টাকার ঊর্দ্ধ মোকদ্দমার ডিক্রী পুনর্ব্বিবেচনা করণ বিষয়ে যে সকল দরখাস্ত হয় তাহা তদ্রূপে প্রধান সদর আমীনের নিকটে পাঠান যাইবে এবং যখন তাহা পুনর্ব্বিবেচনা করণ পরামর্শ সিদ্ধ হয় তখন তিনি ১৮৩১ সালের ৫ আইনের ১১ ধারার লিখনানুসারে কার্য্য করিবেন এবং তাঁহার দরখাস্ত জজ সাহেবের দ্বারা সদর দেওয়ানী আদালতে প্রেরিত হইবে।

৭ কিন্তু সদর দেওয়ানী আদালতের তাবৎ হুকুম যেমত উচিত হয় প্রধান সদর আমীনের নিকটে নতুবা জিলার জজ সাহেবের নিকটে অর্পিত হইবে কিন্তু ঐ হুকুমের ফিরৎ নামাসকল প্রধান সদর আমীন বিশেষ বিপরীত হুকুম না পাইলে জজ সাহেবের নিকটে পাঠাইবেন এবং জজ সাহেব তাহা রীতিমত সর্টিফিকট সমেত সদর দেওয়ানী আদালতে প্রেরণ করিবেন।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

শ্রীযুত জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয়েষু।

আমি জানি দেশের অনিষ্টজনক বিষয় সমাচারপত্রসম্পাদক মহাশয়রা জ্ঞাত হইলে তাহারা প্রকাশ করেন কিন্তু গবর্ণমেণ্টের মফঃসলের নানা দপ্তরখানার কার্য্য কিরূপ চলে সমাচারপত্রে তাহা বিস্তারিত

2d.—On referring any suit to a Principal Sudder Ameen above the amount of 5000 rupees, the Judge will report to the Superior Court that he has done so agreeably to a form marked A.

3d.—The Principal Sudder Ameen will forward to the Judge, in duplicate, a Persian statement, as per form, marked B., of all suits above the amount of 5000 rupees, that may be pending on his file at the end of the month, and another, as per form, marked C., of all suits above the amount of 5900 rupees, that may have been decided or disposed of by him during the month. One of each of the above statements, will be forwarded by the Judge to the Court with the monthly returns, the other will be retained for record in the Judge's office.

4th.—All summary appeals from the decisions of Principal Sudder Ameens will be made direct by the parties to the Sudder Dewanny Adawlut.

5th.—All petitions for regular appeals will be preferred direct to the Principal Sudder Ameens, who will make up the original record in the manner prescribed by Regulation VI. of 1793, Section XI. The package containing the record of the case is to be addressed to the Registrar of the Sudder Court, and it is in the first instance, to be sent under the official signature and seal of the Principal Sudder Ameen to the Zillah or City Judge, who having had the parcel properly secured from wet, agreeably to the circular orders, No. 67 and 70, dated the 19th September, 1823, and the 21st May, 1824, will at once forward it with the usual certificate to the Registrar of the Sudder Court. The copy of record which is required, is to be made by the regulation last quoted, is to be deposited for safe custody in the office of the Judge.

6th.—All applications for revisions of judgment in suits above 5000 rupees will likewise be made to the Principal Sudder Ameens, and when recommended to be admitted, that officer shall proceed, agreeably to Section XIX. Regulation V. of 1831, and the application shall be forwarded by the Judge to the Sudder Dewanny Adawlut.

7th.—Precepts from the Sudder Court will be either sent direct to the Principal Sudder Ameen, or to the Zillah Judge, as may be deemed most expedient; but all returns, unless specially directed otherwise, will be submitted by the Principal Sudder Ameen to the Judge, for the purpose of being transmitted by him with the usual certificate to the Sudder Dewanny Adawlut.

Spirit of the Native Papers.

To the Editor of the Gyananneshun.

SIR,—I am aware that the Editors of Newspapers will gladly insert in their journals any communication containing the notice of any thing which produces misery to the people. No detailed report being published of the manner in which business is carried on in the several courts of the Mofussil, I am led to suppose that it is not fully known to the public. I therefore, send you an account of what I have been sorry to learn on this subject, and beg you will give it publicity in your valuable and highly esteemed journal.

All that has come to my knowledge, with respect to a few of the Government offices I cannot communicate to you; for fear that my letter should be too long. I will, therefore, relate the method in which business is conducted in a Collector's office in the vicinity of ——— from which your readers will judge what is likely to be the case in the Mofussil, when the state of things so near the city is such as is described below.

Many Zemindars with whom you are acquainted, have occasion to deposit *Khazana* in the Cutcherry I am speaking of, and if you make enquiries of them, you will perceive the truth of my statement. When a Zemindar makes his payment of his *Khazana* in the Cutcherry I have alluded to, he takes with him a paper, called the *Challan*, containing the name of the Pergunnah where his Zemindaree is situated, the amount of *Khazana* deposited, with the signature of the Zemindar affixed to it. The *Challan* first goes to a pers whose business it is to examine it and write down upon it that it is correct, with his proper signature attached. But it will never do this unless he is paid a doceur of 1 to 6 Rs. according as the amount deposited is large or small. If it is refused him, he makes such a number of excuses that the payment can be scarcely ever made.

The next person to be applied to is the *Poddar* or money examiner, who must also be paid a douceur before he will agree to do his duty. Be the money ever so good still if his fee is refused, *batta* is charged and so business is delayed. Again in exchange of money, notes are required to be produced, which it is impracticable to do immediately. Thus the cupidity of the *Poddar* must be satisfied. But this is not all. The *Challan* is next taken to a person whose duty it is to calculate the interest of money, and who like the rest is quite an exorbitant in his demands. He makes the handsomest profit, when he has to deal with the holder of a share in a joint Estate. If one, or two, more holders of a joint estate come to make payment of their shares of the revenue, the interest on the rest is deducted from it, and he is told to take the same from them. This is one of the principal reasons why joint estates are so often put up for sale. The party above alluded to, seldom recovers the money without instituting a civil suit against the from whom it is due; and the consequence is, that none of the parties make the payment of this share before the rest. Delay is thus unavoidably created, and the estate put up for sale by the Collector.

After having freed himself from the clutches of the interested calculator, he falls into the hands of the *Mohurer*, whom he must pay something before his money is credited in accounts. Next he has to pay to the *Khazanchi*, whose nefarious doings are so well known to your readers, that I shall not make any mention of them here.

Such are the usual tricks of the Amlah of a Collector, but they have no bounds. On sale days they are particularly tyr-

হয় নাই ইহাতে বোধ হয় যে ঐ সকল দপ্তরখানার কার্য্যসম্পাদক মহাশয়দিগের বিশেষরূপে সুগোচর নাই অতএব আমি যাহা জানিয়া বিরক্ত হইয়াছি তাহা লিখিয়া প্রেরণ করিলাম আপনি জানান্বেষণে প্রকাশপূর্ব্বক বাধিত করিবেন।

গবর্ণমেণ্টের নানা দপ্তরখানার মধ্যে যে কোন স্থানের কার্য্য জানিয়াছি তাহার সমুদয় বিবরণ লিখিতে হইলে অত্যন্ত বাহুল্য হইবেক অতএব নিকটস্থ রাজস্বসম্পর্কীয় কোন স্থানের বৃত্তান্তমাত্র লিখিতেছি ইহাতেই পাঠকবর্গ বিবেচনা করিতে পারিবেন নিকটে এরূপ হইলে দূরস্থ নানা স্থানে কিপর্য্যন্ত অন্যায় হইতে পারে। সম্পাদক মহাশয় আমি যে স্থানের কথা লিখিতেছি আপনকার আলাপিত লোকের মধ্যে অনেকে তথায় কর প্রদান করিয়া থাকেন যদি অনুগ্রহপূর্ব্বক তাঁহারদিগের নিকট জিজ্ঞাসা করেন তবে আমার সকল কথাই সপ্রমাণ বোধ হইবে ঐ দপ্তরখানাতে জমিদারলোকেরা চালান দিয়া অর্থাৎ অমুক পরগনার অমুক জমিদারির খাজানা এত টাকা দেওয়া গেল এইরূপ লিখিত অর্থাৎ স্বং নাম স্বাক্ষরিত পত্রসহিত কর দেন পরে ঐ চালান দোরস্তনবিসের নিকট যায় তাঁহার কর্ম্ম এই যে চালান দোরস্ত এই কথা লিখিয়া নিজ নাম স্বাক্ষর করিবেন কিন্তু ইহার নিকট বিনা দানে পার নাই ১ অবধি ৫ টাকাপর্য্যন্ত তাঁহাকে পার্ব্বণি দিতে হয় তাহা না দিলে যেপ্রকার ছল আরম্ভ করেন তাহাতে খাজনাই দাখিল হয় না অনন্তর পরীক্ষকনিকট পরকসহি করাইতে হয় কিন্তু অগ্রে তাঁহাকে কুট্ট না করিলে কার্য্যোদ্ধার হয় না জমিদারেরা যদি নির্দ্দোষ টাকাও দাখিল করেন তথাচ কিছু না পাইলে বাট্টা লাগিবেক বলিয়া ফেলিয়া রাখে যদি কোন জমিদার বিবাদ করেন তবে কহে তুমি টাকার পরিবর্ত্তে নোট দেও সুতরাং তৎক্ষণাৎ নোট আনিতে পারে না অতএব পোদ্দারের সন্তোষ করিয়া কার্য্যোদ্ধার করেন তাহার পরে সুদকসা নবিসের কসনিতে ঠেকিতে হয় তিনি কিছু না পাইলে সুদকসাতেই দিন শেষ করেন বিশেষতঃ এজমালি জমিদারির কোন এক অংশির সুদ কসিতে হইলে তাঁহার বিলক্ষণ লাভ আছে দুই কিম্বা অধিক অংশির মধ্যে যিনি মিয়াদমধ্যে খাজনা দিয়াছেন তাঁহার নিকট সুদ এক পয়সাও পাওনা হয় না কিন্তু সুদকসানবিস ঐ ব্যক্তির আসল খাজনাহইতে স্বচ্ছন্দে অন্যাংশির সুদ কাটিয়া নিয়া কহেন তুমি অন্য অংশির নিকটহইতে এ টাকা বুঝিয়া লইবা। সম্পাদক মহাশয় এজমালি জমিদারি যে বার২ নীলামে ধরা পড়ে তাহার এই এক প্রধান কারণ জানিবেন কেননা অগ্রে যে কোন অংশী টাকা দাখিল করেন তাঁহার আসল করহইতে অন্য অংশির সুদ টাকা যায় কিন্তু ঐ টাকা অন ভাগিরাও তাহাকে ইচ্ছাপূর্ব্বক দেন না অতএব কোন হিস্যাদার অগ্রে টাকা দাখিল করেন না এইপ্রযুক্ত কলেক্টর সাহেব এজমালি জমিদারিকে নীলামে ধরিয়া দেন।

তদনন্তর সিয়ানবিসের নিকট যাইতে হয় তিনি স্বীয় জমা না করিয়া কদাচ টাকা জমা করেন না অতএব তাঁহাকে সন্তুষ্ট করিয়া শেষ খাজাঞ্চির নিকট গমন হয়। কিন্তু খাজাঞ্চির বিষয়ে আমি লেখনীকে ক্লেশ দিব না যেহেতুক সমুহ খাজাঞ্চির বৃত্তান্ত আপনকার পাঠকবর্গ উত্তমরূপে জানিয়াছেন কিন্তু যে কএক জন আমলার কথা কহিলাম তাঁহারা সকল সময়েতেই এইরূপ করেন বিশেষতঃ নীলামের দিনে নিলামদারিতিরেকে দিলাম শব্দ নাই কেন

জমিদারেরা সে দিবস চোরের ন্যায় কন যেহেতুক টাকা দাখিল না হইলে লকটর নীলাম বলেন অতএব আম যাহা ইচ্ছা করেন তাহাই সফল কিন্তু ভারি জমিদারের পক্ষে এ ঘটে না আমলার সঙ্গে তাঁহারদের প্রকার বন্দোবস্তই স্থির আছে তাঁহারা র্ণমেণ্টকে যেরূপ রাজস্ব দিয়া থাকেন লাকে দেওয়াও সেইরূপ জানেন গরপরে পারস্যিরূপে একেবারেই া পরিয়া দেন।

It was then resolved, that authentic information having been received of the existence of extreme distress in the North Western Provinces, arising from famine; that Government having, with a view to relieve this distress, made large remissions of revenue, and directed that the able bodied should be employed at the public expense, it was highly desirable that private individuals should come forward, and afford the means of support, as far as possible, to

করেন। এই প্রস্তাবে সকলই সম্মত হইলেন।

পরে প্রস্তাব হইল যে এই ব্যাপার ব্যক্ত হইবার্থে দুই বেঙ্কে চাঁদার বহী রাখা যায় এবং সর্ব্বত্র চাঁদার ফর্দ্দ প্রেরণ করা যায় এবং সর্ব্বসাধারণ লোকের প্রতি বিশেষতঃ এতদ্দেশীয় মহাশয় ব্যক্তিদের নিকটে এমত প্রার্থনা করা যায় যে পশ্চিম দেশে দুর্ভিক্ষনিমিত্ত যে অশেষ ক্লেশ হইতেছে তাহার উপশমার্থ তাঁহারা কিঞ্চিৎ২ দান করেন।

অপর শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর তৃতীয় প্রস্তাবকরত কহিলেন যে আমার এক জন মিত্র শ্রীযুত বাবু নীলমণি দের ঐ কষ্টের সম্বাদ পাইয়া দীনহীন লোকের দের আহার্থ ৫০০ টাকা গবর্ণমেণ্টের নিকটে অর্পণ করিয়াছেন এবং শ্রীযুতবাবু দ্বারকানাথ ঠাকুরও আজ্ঞা করিয়া যান যে ঐ ক্লেশোপশমার্থ কলিকাতার মধ্যে যদি কোন উদ্যোগ হয় তবে আমার ঐর চেও ৫০০ টাকা দেওয়া যাইবে।

পরে এই প্রস্তাব হয় যে চাঁদার টাকা সংগ্রহকরণ এবং বিবেচনাপূর্ব্বক তাহা ব্যয়করণের নিমিত্ত নীচে লিখিতব্য সাহেবেরা এক কমিটি নিযুক্ত হন।

শ্রীযুত টি হলরাইড শ্রীযুত ডবলিউ ডব লিউ বর্ড শ্রীযুত কাপ্তান বচ শ্রীযুত ডব লিউ মার্টিন শ্রীযুত টকর শ্রীযুত আর্চডি কন শ্রীযুত ডবলিউ প্রিন্সেপ শ্রীযুত জর্জ আলেকজান্দর শ্রীযুত পাদরি ফিয়র শ্রীযুত বাবু রসময় দত্ত শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর শ্রীযুত বাবু রামকমল সেন শ্রীযুত রাজা রাধাকান্ত দেব শ্রীযুত বাবু নীলমণি দের শ্রীযুত বাবু রসিকলাল কওয়াসজি শ্রীযুত বাবু মতিলাল শীল শ্রীযুত কেডবলিউ আলেকজান্দর শ্রীযুত লিণ্ডিসেমন শ্রীযুত ই মাকনাটন শ্রীযুত ডাক্তর সেণ্ট লিজর শ্রীযুত পাদরি চার্লস শ্রীযুর্ত আলেকজান্দর কপবিন এবং শ্রীযুত এ ডিডুজা সাহেব।

এই প্রস্তাব সকলের গ্রাহ্য হইলে পর শ্রীযুত লার্ড বিশাপ সাহেব সকল মহাশয়েরদের প্রতি বিনয় করিলেন যে প্রত্যেক মহাশয় স্বেচ্ছাপূর্ব্বক যাহা দেন তাহা এইক্ষণেই চাঁদায় স্বাক্ষর করিলে ভাল হয়। তাহাতে ক্ষণেককালের মধ্যেই পনর হাজার টাকা স্বাক্ষর হইল। পুথমে শ্রীযুত লার্ড বিশাপ সাহেব ও শ্রীযুত মাডক সাহেব ১০০০ টাকা করিয়া স্বাক্ষর করিলেন পরে শ্রীযুত জি চীপসাহেব ও শ্রীযুত ডবলিউ প্রিন্সেপ এবং শ্রীযুত কার সাহেব প্রত্যেকে ৫০৩ টাকা। তৎপরে শ্রীযুত সর এডবার্ড রয়ন সাহেব ও শ্রীযুত কর্ণল পৌমি সাহেব এবং শ্রীযুত টি সি স্মিথ সাহেব প্রত্যেকে ৩০০ টাকা এবং শ্রীযুত এচ সেক্সপিয়র সাহেব ২০০ টাকা শ্রীযুত মাক্কলস সাহেব ২৫০ টাকা। এবং তৎসময়ে শ্রীযুত সর এডবার্ড রয়ন সাহেব শ্রীযুত রসিকলাল কওয়াসজির দ্বারা যে চাঁদা হইয়াছিল তাহার এক ফর্দ্দ দেখাইলেন। ঐ ফর্দ্দে এই সকল ভাগি টাকার সহী ছিল।

কাসকরের উকীল শ্রীযুত হেরিরাম উদিত রাম হিম্মত বাহাদুর ২০০০	
শ্রীযুত রুস্তমজি কওয়াসজি ১০০০	
শ্রীযুত রুস্তমজি কওয়াসজির পুত্র ৫০০	
কাণ্টনের দাদাভাই ও মাণিকজি রুস্তমজি ৫০০	
শ্রীযুত ওয়ালজি রুস্তমজি ও কলমজি ... ৫০০	
সিঙ্গাপুরস্থ শ্রীযুত বাবু হরশীধর মনো হর দাস ২৫০	
শ্রীযুত বাবু রমানাথ ঠাকুর ১০০	

শ্রীলশ্রীযুত গবরণর জেনরল বাহাদুর। শ্রীলশ্রীযুত গবরণর জেনরল বাহাদুর ৬ ফেব্রুআরি তারিখে মিরটে পঁহুছেন। এবং তত্রস্থ পল্টনে বিহিত সম্ভ্রম পূর্ব্বক গৃহীত হইলেন। পরে অনেক স্থানে শ্রীলশ্রীযুক্ত ও শ্রীশ্রীমতী মিস ইডেনের ভোজে আকুান হইল। এবং তথায় দুই দিন অবস্থান করিয়া দিল্লীতে শ্রীলশ্রীযুক্তের গমন সম্ভাবনা ছিল।

আমরা শুনিয়া পরমাহ্লাদিত হইলাম যে শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেব আগ্রার স্কুলবুক সোসাইটির উপকারার্থ ৫০০ টাকা এবং পশ্চিম প্রদেশের ক্লেশ নিবারণার্থ আগ্রাস্থ যে সমাজ নিযুক্ত হইয়াছেন তাঁহারদিগকে ৫০০ টাকা প্রদান করিয়াছেন।

হিন্দুস্থানীয় ভাষা।

কথিত আছে যে আগামি জানুআরি মাসের ১ তারিখ পর্য্যন্ত বঙ্গদেশের তাবৎ আদালত হইতে পারস্য ভাষা উঠাইয়া যাওনের নীমা স্থির হইয়াছে এবং তৎপরিবর্ত্তে দেশীয় ভাষা স্থাপিত হই বে অতএব এইক্ষণে সদর দেওয়ানী আদালত বিবেচনা করিতেছেন পারস্যের পরিবর্ত্তে তাঁহারা কোন্ ভাষা চলন করিবেন এবং উক্ত আছে যে ঐ আদালত হিন্দুস্থানীয় ভাষা মনোনীত করিয়া বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবরনর সাহেবকে পরামর্শ দিয়াছেন যে এই আপীল আদালতে তাবৎ মিছিলে হিন্দুস্থানীয় ভাষাতে কর্ম্ম নির্ব্বাহ হয়। এই আদালতের তাবৎ জজ ও উকীল ও আমলারা সকলই হিন্দুস্থানীয় ভাষা জানেন এবং বঙ্গভাষা চলনের এই প্রতিবন্ধক যে সদর দেওয়ানী আদালতের এলাকায় যত জিলা তাহার তিন অংশের একাংশে হিন্দুস্থানীয় ভাষা চলন আছে। বোধ হয় এই আদালতে হিন্দুস্থানীয় ভাষার দ্বারা বিলক্ষণ রূপে কার্য্য নির্ব্বাহ হইতে পারিবে। পাঠকমহাশয়েরা এই বিষয় শুনিয়া পরমাহ্লাদিত হইবেন যে অত্যল্প দিনের মধ্যে সরকারী তাবৎ কর্ম্ম হইতে পারস্য ভাষার ব্যবহার একেবারে উঠিয়া যাইবে।

লাটরির ভারি প্রায়িজ।

বর্ত্তমান লাটরির খেলার শেষ দিবসে লক্ষটাকার প্রায়িজ গবর্ণমেণ্টের কপালে উঠিল। শেষ দিবসে যে ৫০০ টিকিট ঐ কলে অর্পিত হয় তাহার মধ্যে ২২ টি কিট অবিক্রীতপ্রযুক্ত গবর্ণমেণ্টের নিজের ছিল। কথিত আছে যে কোন কুনিয়ম প্রযুক্ত বর্ত্তমান বৎসরের লাটরির দ্বারা গবর্ণমেণ্টের কেবল ৫০০০ টাকা লাভ হইত কিন্তু সৌভাগ্যক্রমে এই ভারি প্রায়িজ তাঁহারদের নামে উঠাতে অধিকতর লাভ হইয়াছে।

কটকের ডেপুটি কালেকটর।

গত শনিবারের কলিকাতা গেজেটের দ্বারা অবগত হওয়াগেল যে আর ২৪ জন ডেপুটি কালেকটর কটক জিলায় নিযুক্ত হইয়াছেন। ইহার পূর্ব্বে ঐ কর্ম্মে ১৮ জন নিযুক্তি হইয়াছিলেন। শুনাগেল সম্প্রতি যে সকল ব্যক্তি তৎকর্ম্ম প্রাপ্ত হইয়াছেন তাঁহারদের মধ্যে অনেকেই কলিকাতাস্থ পাঠশালায় সুশিক্ষিত যুবজন এবং তাহারদের মধ্যে শ্রেষ্ঠ বাবু রসময় দত্তের পুত্র শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দত্ত।

গয়লিয়র।

গয়লিয়র হইতে আগত পত্রে লেখে যে ঐ স্থানে অতি ভয়ঙ্কর দুর্ভিক্ষ হইয়াছে কত হাজার লোক অনাহারে মরিয়াছে এবং ইউরোপীয় সাহেব লোকেরা অত্যুৎসাহী হইয়া তাহারদের দুঃখো পশমার্থ উদ্যোগ করিয়াছেন বিশেষতঃ ঐ স্থানে রেসিডেণ্ট শ্রীযুত মেজর সদলণ্ড সাহেব মাসে ২০০ টাকা এবং তথাকার শ্রীযুত ডাক্তর সাহেব চাঁদা পত্রে ৮০ টাকা স্বাক্ষর করিয়াছেন।

আবা।

রাঙ্গুণহইতে ১০ ফেব্রুআরি তারিখ পর্য্যন্তের সম্বাদ আগত হইয়াছে। আবার রাজাকে শ্রীযুত কর্ণল বর্নি সাহেব যে পত্র লেখেন তাহা জানুআরি মাসের ৫ তারিখে ঐ স্থানে প্রেরণ হইয়াছিল কিন্তু তাহার কোন উত্তর পাওয়া যায় নাই। ইয়াণ্ডাবুর যে সন্ধিপত্র আছে তাহা নূতন রাজা প্রতিপালন করিবেন কি না তদ্বিষয়ে এইক্ষণপর্য্যন্তও সন্দেহ আছে। গত সপ্তাহের ইঙ্গলিসমেন সম্বাদপত্রে এক পত্র প্রকাশ হয় তদ্দ্বারা বর্ম্মার রাজদরবারে যেং ঘটনা হইতেছে তাহা আমারদের প্রকৃত বোধ হইল যে বর্ম্মার যুদ্ধ নিবৃত্তওনের পরে ইঙ্গলণ্ডীয়েরা যে সকল স্থল তাঁহারদের স্থানে পাইয়াছিলেন তাহা পুনর্ব্বার আক্রমণার্থ রাজা ও আমীরেরা ও দেশীয় প্রধানং ব্যক্তিরা অতিব্যগ্র আছেন এবং যদি তাঁহারা যুদ্ধের দ্বারা তাহা অধিকারকরণ ক্ষম হন তবে এইক্ষণেই যুদ্ধ করিতে প্রস্তুত হইতেন কোন সন্দেহ নাই কিন্তু সংপ্রতি রাজা স্বীয় সিংহাসনবিষয়েও নিশ্চন্ত নহেন। উক্তর দিগে শানেরাও রাজার বিরুদ্ধাচারী আছে এইপ্রযুক্ত নিরুপদ্রবরূপ অবকাশ না পাইলে ইঙ্গলণ্ডীয়েরদের বিরুদ্ধে কোন উদ্যোগ করিবেন না কিন্তু রাজা সিংহাসনে উপবিষ্ট হইলে পর নেপালের সরকারে গুপ্তভাবে এক জন উকীল প্রেরণ করিয়াছেন ঐ উকীল বৃদ্ধ এবং পূর্ব্বে ইঙ্গলণ্ডীয় পল্টনে রাওয়ালদারী কর্ম্মে ছিলেন। সর্ব্বতোভাবে বোধ আমরা বোধ করি যে সংপ্রতি বর্ম্মা দেশের সঙ্গে যুদ্ধসম্ভাবনা নাই কিন্তু বর্ম্মার রাজার ও ঐ রাজদরবারি লোকেরদের ভাব দেখিয়া বোধ হয় যে বৎসরেক দুই বৎসরের মধ্যেই যুদ্ধ হইতে পারে।

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন।

এই পাঠশালার ছাত্রেরদের বিশেষ রীক্ষা বিজ্ঞাপনের দ্বারা ১২ তারিখে আরম্ভ হইয়া ২৬ তারিখে সমাপন হইল মহাশয়েরা তথায় উপস্থিত ছিলেন হারদের মধ্যে শ্রীযুত রাজা রাধাকান্ত ব ও রাজা কালীকৃষ্ণ বাহাদুর শ্রীযুত বু কাকীনাথ মল্লু যাদবচন্দ্র ঘোষ প্রেম চৌধুরী ও ইশ্বরচন্দ্র গুপ্ত প্রভৃতি। এবং ঐ সকল মহাশয়েরা বিদ্যার্থির অল্পকালীন শিক্ষা দেখিয়া আপনার পরম সন্তোষ জ্ঞাপন করিলেন এই ালয়ে ছাত্রেরা দশ সম্প্রদায় বিভক্ত করিয়া বিলক্ষণ রূপে শিক্ষিত হন। এই দ্যালয়ের সঙ্গে অপর এক পাঠশালাও ছে তাহাতে ইঙ্গরেজী পাঠশালার আরে বাঙ্গালা শিক্ষা দেওয়া যায়।

বোধ হয় যে বার্ষিক অর্থাৎ সাধারণ রীক্ষায় ছাত্রেরদিগকে পুরস্কার দেওন নিমিত্ত শীঘ্র দিন নির্দ্দিষ্ট হইয়া প্রকাশ রবে বোধ হয় তৎসময়ে কোন সম্ভ্রান্ত ক তাহার পরীক্ষা লইবেন এবং বি ধ্যাপনার্থ উদ্যোগী দেশীয় তাবৎ ব্য তত্রসমাগত হইবেন।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

জলপথে উৎকোচের উৎপাত।

সর্ব্বসাধারণ সমীপে সম্পূর্ণরূপে সুবিদিত ছে যে পরমিট পক্ষেরা প্রভূত দুর্গম দুঃখ র্গ রুক্ষ হওনাবধি পথাগামী পর্য্যায় পরম ক পূর্ব্বক পরিপূর্ণ প্রকারে প্রচ্ছন্ন হইয়াছে ল সম্পুতি অজ্ঞাদীয় এক জন আজ্ঞীয় রুক্ষ ভমগর হইতে ঢাকা গমন কালে পথি ধ্য যে প্রকার চমৎকার অন্যায়াচার ব্যব র বিচার অবলোকন করিয়া তদ্বিবরণ আ দিগের অবধারণার্থ লিখিয়া প্রেরণ করিয়া ন তাহা আমরা অবিকল প্রকাশ করিতেছি ধ করি পাঠক বর্গ মহাশয়েরা অবলোক আশ্চর্য্য বোধ করিবেন। ফলতঃ ইহা বি

Ava.

Letters have been received from Rangoon, to the 20th February. Col. Burney's letter to the Court of Ava was sent up on the 5th of January, but no reply had been received. It is yet a matter of doubt, whether the new King will acknowledge the treaty of Yaundaboo or not. From a paper which was published in the *Englishman* last week, we obtain an insight into what has been passing at the Burmese Court. The King, and his nobles, and the chief men in the country burn to obtain back the provinces which the English obtained at the peace; and there is no doubt that, if they could, they would immediately go to war to recover them; but the King is not quite firm upon his throne. The Shans in the North are troublesome; and he, therefore, postpones the making any efforts till affairs are ripe. He has sent, however, a secret emissary to the Court of Nepaul, since he attained the throne; he was an old Havildar in the English service. On the whole, we do not think that there will be any war immediately, though with the disposition of the King and the Court, we think that we shall not be two years without one.

Hindoo Benevolent Institution.

The Private Examination of the above Institution began (by advertisement,) on the 12th, and concluded on the 26th instant. On this occasion, among the visitants we observed, were,—Rajas Radhakant Deb and Kali Krishna Bahadoors; Baboos Cossinath Bose, Jadab Chunder Ghose, Premchand Chowdhury, Iswer Chunder Gupta, &c. &c., who expressed their approbation in witnessing the progress that the students have made in only a few morning school hours.

This Institution has ten classes, and imparts Scientific Education.

A *Pathshala* is attached to this Institution, where the knowledge of simple *Bengalee* Literature is gained, and regulated in the mode of English Schools.

An early day for Annual or Public Examination and distribution of Prizes will, it is inferred, be appointed, and noticed accordingly as to the time and locality, when we presume some high personages and all the friends to Native Erudition will honor with their presence.—*Courier, Feb.* 28.

Spirit of the Native Papers.

Every one knows, that since the difficulties, occasioned by the Transit Duties have been removed, travellers have enjoyed the highest happiness. But a friend of ours having recently gone from Calcutta to Dacca, has written to us, to publish an account of the singular outrages which he witnessed in the way. We publish it without alteration. We think it will surprize the reader.

It is the duty of our rulers to make particular inquiries, and to take steps for preventing them. I was surprized to find such unjust doings practised under the very eye of the public authorities; and that no one should have observed, that the public officers who are placed on the canals, contrive to cast dust in the eyes of the boatmen and travellers, and to fleece them of their money.

Many must know that, at the toll ghats established by Government, the rule is, that a tax of four annas an oar shall be levied upon each boat; and that though there may be four or more ghats in one canal, the tax shall be paid at only one of them, where a pass will be given, which will prevent stoppages at other places. I began to see the violation of this rule at Baugh Bazar Ghat; for the boat on which I was had only two oars; but the tax gatherer, after a great deal of noise and threatening, frightened twelve annas out of the boatmen. We did not know of it till it was paid. But when the boatmen returned to the boat, we heard of the extortion. I sent to inquire of the tax gatherer why he acted so unlawfully. He replied; are we come hear to cut grass? Away with you, and make no more noise. What could we do? The tide was passing away, and we thought it would be unwise to lose time for so small a matter; so we moved on. On shewing the pass at the Bauleah Ghat, the tax gatherer asked where the dustooree was. Our people replied, we have paid the regulated tax; why should we pay dustooree? Here is our pass. Instead of attending to this, he poured such a torrent of abuse on us, that we were glad to pay two annas to get off. Though it would have been proper to have prosecuted the business to the end, we were unable to make up our minds to the injury of our business upon so small a matter. At the last ghat also, we had something to pay, after which we got through. Now, I would inquire of the public authorities, whether these men are paid from the public funds, or are they put there to collect the tax, and to get their own remuneration in this manner from travellers? Whatever they gain is all profit; and this should be kept in mind, if you seek to obtain any remedy for it; for a rich man does not mind two or three annas; but if it fall into a rule, it will, in the end be very inconvenient. I did not feel any great loss from this; but the poor boatmen who get a livelihood by their labor, must feel exceedingly such extortions; and they have no means of relieving themselves from such extortions. Though they know that it is unjust, they are obliged to submit to it; but you can easily judge to what straits they are reduced; that they can scarcely earn four annas in two days; but if those tax gatherers do but look with an enflamed eye on them, the poor creatures are obliged to pull out the value of three days labour. Alas—that these hard-hearted tax gatherers should not scruple to wrest from these men the pittance they have obtained with the sweat of their brow.

০ অপর বাহির খালের মধ্যে যাহারা যে লবণের চৌকীতে আছে তাহারাদিগেরও রীতি নীতি প্রভৃতি চমৎকার ব্যবহার প্রচলিত দৃষ্টে আমরা আশ্চর্য্যান্বিত হইয়াছি তন্মধ্যে তাহাদিগের প্রতি ইহাই অনুমতি যে কেবল লবণ চৌরাদি রক্ষ তত্তাবধারণ করিবে কিন্তু তাহারা তণ্ডুল ধান্য কলাই. গুড় প্রভৃতি চাতুর্ব্বিধ সাধু সমুদয়ের দ্রব্যাদির প্রতিও বিলক্ষণ প্রকারে তত্ত্বা দিবেক। পল্লী প্রদেশে শৃগালরাজার উপাখ্যান পুরাতন ইতিহাসোক্ত ছিলাম কিন্তু সুন্দর বন প্রদেশে চক্ষুর প্রত্যক্ষ দেখিলাম তাহারা না নগরের পক্ষে দ্বিতীয় দিবারক্ততনয়সদৃশ দৃশ্য হইয়াই বসিয়াছেন। আমি দেখিলাম যে নিরোধ ব্যক্তিদিগের নৌকাদি আটক করিয়া ।০ ৷০ যাহা পায় ঠকাইয়া.লয় এবং যাহারা প্রদানে প্রস্তুত না হয় তাহার দিগকে প্রকারে পরাস্ত করিয়া প্রহারাদিও করত মানসিক কর্ম্মনিষ্পন্ন করে লোকবিশেষের যদি কিছু করিতে না পারে তথাচ নৌকা আটক রাখিয়া ২। ৪ ঘণ্টা ক্লেশও দেয় মুহরাৎ কেহ২ অল্প বিষয়ের জন্য ক্ষতি স্বীকার না করিয়া কিছু২ প্রদানে প্রস্তুত হয়। অতএব ইহা অতি আশ্চর্য্যর ব্যাপার যে বিনা কারণে ছলনা চাতুরী এবং প্রবঞ্চনা করিয়া সরকার লোকেরাই পথিমধ্যে দিনের দস্যু সদৃশ দৃশ্য হইয়া বসিয়াছে এবং তদ্বিষয়ের কোন তত্তাবধারণ ধর্ম্মাবতারগণের দ্বারা হয় নাই এজন্য আমি প্রার্থনা করি যে মহাশয় এই আশ্চর্য্য দস্যুবৃত্তির উপাখ্যান আপনকার পত্রে প্রকাশপূর্ব্বক তাঁহারদিগের কর্ণ পথাবলম্বি করত উপায়হীন গণের প্রতি সহকারিতা করিতে প্রস্তুত হইবেন অধিক কি লিখিব ইতিমধ্যে যদ্যপি এই সকল বিষয়ের কোন বিবেচনা হয় তবে আমি ভূয়ং২ প্রমাণ সন্দর্শন করাইতে প্রস্তুত আছি নিবেদনেতি।

The Salt Chowkeedars who are in the outer Canal, act in a manner to excite astonishment. They are appointed only to prevent salt smuggling, but they extend their researches equally to rice, paddy, peas and treacle. We had read in books of the Jackall who became a King; but we saw the story verified in the Soonderbuns. They are towards the poor like the regent of death. I found them stopping the boats of the unwary and taking one, two or three annas, or what they, could get. Those who refused to pay them, they overcome, and beat until their desires were satisfied. If they can do nothing with the men, they stop the boat, for two or four hours, and give immense bother. Hence, almost every one, to prevent loss, agrees to make some little sacrifice. It appears singular, that these servants of the public, without any reason, should practise this dacoity in open day; and that no inquiry should be made on the subject by the authorities. I have, therefore, to beg that you will publish an account of these extortions in your paper, and bring them to public notice, and assist the oppressed. What more shall I write? If there be any disposition to examine into the matter, I am able to bring a multitude of proofs.—*Probooth Chundrodoy.*

প্রেরিতপত্র।

মহামহিম ইযুত সমাচার দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

বিহিত সমাদর সহিত সমাবেদন মস্তপরং নিবেদন সম্পাদক মহাশয় আমরা এতদ্দেশীয় হিতার্থ কয়েক ছত্র গদ্য রচনা আপনকার পত্র মধ্যে প্রকাশার্থ প্রেরণ করিতেছি অনুগ্রহ প্রকাশে দর্পণৈক দেশে স্থানার্পণে পরম বাধ্য করিবেন।

সম্পাদক মহাশয় প্রায় বৎসর ত্রয়াতীত হইল এতদ্দেশীয় বালক বর্গকে ইঙ্গরাজী ও বঙ্গ ভাষায় শিক্ষা প্রদান জন্য শ্রীযুক্তের দর্পণের রাজ ভাণ্ডারেই সম্পত্তির ব্যয় হইতে মুদ্রা বিতরণে এক সুচারু বিদ্যা মন্দির ঢাকা নগরে স্থাপিত হইয়াছে। তাহাতে অপর সাধারণ জনগণের সন্তানেরা বিদ্যাভ্যাসাকাংক্ষী হইয়া নিযুক্ত হওত স্বকার্য্য সাধন ধার্য্য করত ক্রমাগত অধিরত রত হইয়াছে তাহাতে এতৎ প্রদেশীয় জন সমূহের মনঃ মধ্যে এক প্রকার ভরসা জন্মিয়াছিল যে এমত শুভাকাংক্ষী বিদ্যা মন্দির নিরাপদে জন পদে সুসম্পদে আর কিছু কাল স্থাপিত থাকিলে অবশ্যেই দেশীয় বালক বালিকা গণের বিদ্যা লাভ হইয়া সাধারণের আনন্দ বর্দ্ধন ও মঙ্গল জন্য অবশ্যই হইত। তাহাতে অন্তরস্থ অকস্মাৎ বজ্রাঘাত সদৃশ দুঃখাগ্নিতে দহ্যমান হইতেছে। সম্পাদক মহাশয় শুনিলাম সাধারণ বিদ্যা বৃদ্ধ্যর্থ সম্প্রতি মহামতি মহাশয় বর্গের এই প্রকার অভিনব অনুমতি বলবত্তাক্রমে প্রদত্ত হইয়াছে যে তদ্বিদ্যালয়াধ্যায় বালকবর্গের নিকট হইতে বেতন গৃহীত হইয়া অতঃপর তথাকার ব্যয়াদি নির্ব্বাহ হইবেক। হায় কি খেদের বিষয় আমরা বিশেষ জ্ঞাত আছি যে ঐ পাঠশালা মধ্যে যত সখ্যক সুপাত্র ছাত্র বিদ্যাভ্যাস জন্যে নিযুক্ত আছে তাহার পঞ্চদশাংশেই দীন সহায় হীন কেবল অন্যের বাসার কোন সূত্র সন্ধানে বা সম্পর্ক বন্ধনে বাস করত যত্নপূর্ব্বক বিদ্যা রুঢ় লাভাকাংক্ষী আছে। যাহারা আপন অশনাভাবেই বিরক্ত বিশেষ বসনাভাবে অব্যক্ত এমত দৈন্য বালক গণে যে কিপ্রকারে শিক্ষকের বেতন প্রদান পূর্ব্বক বিদ্যাউপার্জ্জন করিতে সক্ষ হইবেক তাহার নিশ্চয় করিতে নিশ্চয়ই লেখনী অশক্ত। কেননা নিযুক্ত বালকেরা অনেকেই নগরস্থ নহে তাহারদিগের চতুর্থাংশের তৃতীয়াংশ প্রায় অন্যান্য ভিন্ন দেশ হইতে ঢাকা নগরে আগত হইয়া কায় ক্লেশে অন্যবাসে উদর পোষণ করত বিদ্যাভ্যাসে রত হইয়াছে। হায় তাহারাদিগের যে কি প্রকারে বিদ্যা উপার্জ্জন হইবেক তাহা নিয়ন্তই অকথ্য। অতএব ইহাই আশ্চর্য্য বোধ করিলাম যে কমিটির কি বিষ দৃষ্টি ঐ বিদ্যালয়স্থ বালকগণের পক্ষে নিক্ষেপ হইল তাহা আমরা নিতান্তই কথনাক্ষম। ঈশ্বরের ধনাভাব নাই এবং কমিটির ও বিদ্যাদানে বিরত ভাব নাই তবে যে অকৃতাপরাধ এ প্রদেশস্থ বালকবর্গের মস্তকে বজ্রাঘাত ইহার লক্ষণ নিরীক্ষণ হইল তাহা কথনাক্ষম সম্পাদক মহাশয় যদি ধনাভাব হইয়া থাকে তাহাতে আমারদিগের স্মরণ হয় যে স্বর্গীয় মেট ফোর্ট সাহেব যিনি এতদ্দেশীয় এক প্রধান বিচারপতি ছিলেন তিনি এতদ্দেশীয় উপকারার্থ পুঞ্জ ধন প্রদান করিয়া গিয়াছেন। তাহা হইতে বিদ্যালয়ের ব্যয়ার্থ কিঞ্চিৎ প্রদান করিলে হানি কি ইহাও দেশের প্রধান উপকার জন্য বটে। অতএব আমরা নিতান্ত মিনতিপূর্ব্বক আবেদন করিতেছি যে কমিটি এই বিষয়ে বিশেষ বিবেচনা বিস্তার না করিয়া কোন মীমাংসা না করেন। তাহা হইলে পক্ষ মধ্যেই বিদ্যালয়ের পঞ্চত্ব লাভ হইবেক ইহা আমরা বিশেষ বিধান পূর্ব্বক কহিতেছি বিশেষত যাহারদিগের বিত্ত বিতরণ ক্ষমতা থাকে তাহারা অনায়াসেই ব্যয় পূর্ব্বক যত্ন করত বিদ্যা রত্ন লাভ করে। কিন্তু দীন হীন ক্ষীণ জীব উপায় শূন্য সাধারণ গণের সন্তান বর্গের বি দ্যোপার্জ্জন করণ কঠিন ভাবিয়া শ্রীযুত দেশাধিকারি অপার প্রভু সঞ্চারি মহাশয়েরা সাধারণ বিদ্যা বৃদ্ধ্যর্থক নামক সভার সংস্থাপন করিয়াছেন। তাহার তাৎপর্য্য এই যে ধন প্রদানাক্ষম লোকের বালকদিগের বিদ্যোপার্জ্জনের উপায় করণ হেতুক সভা অতএব কি আশ্চর্য্য বিষয় যে এইক্ষণকার সভাপতি মহাশয়েরা তৎসভার যথার্থ অর্থের বিপরীত করিতে উদ্যত হইতেছেন। অতএব আমরা বিবেচনা করি যে সেবিষয়ও সাহেবেরা অবধারণ করিবেন কিমধিকং নিবেদন মিতি।

অপর শ্রীযুত চন্দ্রিকা পূর্ণচন্দ্রোদয় প্রভাকর এবং হরকরা কুরয়র ইংলীস মেন সম্পাদক মহাশয়েরা অনুগ্রহ পূর্ব্বক এই পত্রখানি স্বং পত্রে স্থান দানে কমিটি মহাশয়দিগের গোচর করিয়া চির বাধ্য করিবেন।

কস্যচিৎ বিদ্যালয়স্য হিতাকাংক্ষিণঃ।

মহামহিম মহেচ্ছকলিয়র শ্রীলশ্রীযুক্তজ্রাবিদি কুপতিনম মহারাজাধিরাজ মহাতাপচন্দ্র রায় বাহাদুর প্রবল প্রতাপেষু।

দরখাস্ত।

পরগনে পাণ্ডুয়া মৌজে হাথনি নিবাসি শ্রীইশানচন্দ্র রায় দিগর মৌজে পোটবা নিবাসি শ্রীরংশীধর রায় দিগর মৌজে বেলেকুড়ি নিবাসি শ্রীমাধব রায় দিং মৌজে তালবনা নিবাসি শ্রীরামগোপাল চট্টোপাধ্যায় দিং মৌজে উত্তরখণ্ড নিবাসি শ্রীরামহরণ চট্টোপাধ্যায় দিগর মৌজে চাম্পাহাটি নিবাসি শ্রীকৃষ্ণপ্রসাদ দিং মৌজে গোওড়া নিবাসি শ্রীনীলকমল মুখোপাধ্যায় দিং মৌজে বৈদ্যা নিবাসি শ্রীরাম শোভাকর ভট্টাচার্য্য প্রভৃতি গারব প্রজাগণের অশেষ বিশেষ দণ্ডবৎ নতে লিখিত কএক দফানুসারে দুঃখাবলাপে অবধান আজ্ঞা হয়।

১ দফা। নিবেদন হে মহারাজ রাজাধিরাজ বাহাদুর আমরা বহুকালাবধি পুরুষানুক্রমে মহারাজার অধিকারে নিষ্কর ভূমি ভোগে কৃষি কর্ম্ম উপজীবিকার কাল হরণ করিয়াছি এবং কাহার বা পিতৃপিতামহ মহারাজের সমুদ্র সংসারে মনসবীর স্ত্রীকার কাল হরণ করিয়াছেন বর্ত্তমান ইঙ্গলণ্ডীয় অধিকারে নিষ্কর ভূমি সকর হইতেছে ইহাতে উপজীবিকার পথ রুদ্ধ হইল।

২ দফা। নিবেদন আমরা বিদ্যাহীন এক প্রকার ঘোর অন্ধকারে নিমগ্ন আছ অস্মদাদির সন্তানদিগকে বর্ত্তমান কালের প্রচলিত বিদ্যা শিক্ষণ করাইয়া আলোকালয়ে বাস করাইবার এমত বাসনা। হে জুপাপ আমারদিগের দুঃখ তাতেসে আশা পূর্ণ হইতে পারে না এপ্রযুক্ত

strangers. How they are to pay for their tuition? It is impossible for us to say. Neither can we devise how it happens that the evil eye of the Committee should have fallen on them. The Committee are in no want of funds; and they have no indisposition to impart instruction; how then does it happen that this thunderbolt has fallen upon the heads of the unoffending children? Mr. Editor, if the Committee be poor, we remember that the late Mr. Mitford, who was one of the Chief Judges of this town, left large funds for the benefit of the city; of this sum, there would be no impropriety in expending a small portion for the purposes of education. This would be to expend it on public objects. We, therefore, most humbly entreat that the Committee would not come to a decision, without taking this fact into consideration. If they do not consider it, the Seminary must become extinct. Those who have the means of spending money, will be able easily to obtain instruction from their own funds; it is for the poor and indigent children, who have no means of acquiring knowledge, that the rulers of the country have established the Seminary; and the object of the Committee is to provide education for those who have not the means of obtaining it. How then does it happen that the members of the Committee are acting contrary to the design of their association? We hope, therefore, that the matter will be taken into consideration, and that the *Chundrika*, and other papers—European and Native—will kindly give this letter a place in their columns, and lay us under a perpetual obligation.

A Lover of Seminaries.

Correspondence.

To the Editor of the Durpun.

We beg leave to say that we send you a few lines in prose, intended for the benefit of the country, which we beg you to oblige us by publishing in a corner of the *Durpun*.

Mr. Editor, it is now three years since a public institution was established at Dacca, at the expense of the State, for the purpose of instructing the Natives of the country in English and Bengalee, into which the children of the middling classes, who were anxions for learning, were received, and where their object was accomplished. This gave rise to hopes in the minds of the people, that if such an excellent seminary were to continue for some time, the children of the country would obtain an education, and the welfare and happiness of all would be promoted. But suddenly our hearts are pierced as with a thunderbolt. Mr. Editor, we hear that the General Committee of Instruction, has adopted this new rule, that the children admitted into the school should pay for their education, and that the expense of the Institution should be furnished from these funds. Alas! What cause for grief. We well know, that of the children who attend the Seminary, 15 in 16 are very indigent, who live for nothing at the houses of friends, while they prosecute their studies. How can children who are straitened for their food and clothing, provide for their education out of their own funds? Many of the students do not belong to the city; nearly three-fourths of them have come from the surrounding country to reside in Dacca, and are filling their bellies at the houses of

ধারের কর্ণধার কেবল মহারাজকে জানি আবেদন করিতেছি তাহা করিতে আজ্ঞা হয়

৩ দফা। উপরোক্ত দুরাত্মরদের আতঙ্ক হুজুরে নিবেদন আমারদিগের সন্তান গণকে রাজধানী বর্দ্ধমানে রাখিয়া বিদ্যাভ্যাস করাইতে ইচ্ছা করি তাহাতে অক্ষম যেহেতু মস্ত সন্তান নাই যে পরিবার হইতে পৃথক করিয়া সন্তানদিগের বাসা খরচ যোগাই অত এব চুঁচুড়া ও বর্দ্ধমান ধামে যে বিদ্যালয় স্থাপন হইয়াছে তাহা অস্মদাদির পক্ষে বিফল ও লুপ্তি দীনহীনের উপায় কেবল হুজুরমাত্র

৪ দফা। নিবেদন হুজুরের দেদীপ্যমান কিরণ প্রভাতে অধিকারস্থ দীন দুঃখী সকলে আলোক প্রাপ্ত হইয়া পরমেশ্বরের নিকটে ধন্যবাদ করিতেছে। যে মনোভিলাষ পূরক এই দীন হীন প্রজারদের উপকারার্থে বৈদ্যবাটী স্থানিস্থ প্রধান ডাক ঘরের নিকটে ইঙ্গরাজী ও বাঙ্গালা দুই বিদ্যাধায়নার্থ এক বিদ্যালয় স্থাপন করিয়া দেন তবে অনেক দীন দুঃখির সন্তানেরা পশুত্ব হইতে মুক্ত হইয়া মনুষ্য ত্ব প্রাপ্ত হয়।

৫ দফা। হুজুরে নিবেদন অস্মদাদির বাসনা পূর্ণ জন্য কলিকাতাস্থ কৌন্সলে এক আবেদন পত্র প্রেরণ করিয়াছি কিন্তু তাহাতেও মহারাজের দৃষ্টি ব্যতীত উপায় নাই।

৬ দফা। হুজুরে নিবেদন রাজ সংসারের যে সকল অপ্রয় কি তালুকদার তাঁহারদিগের সকল বিষয়ে কোন প্রকারে মনোযোগের ত্রুটি নাই তাঁহারা বিত্ত মদেই মত্ত পরো পকার পরম ধর্ম্ম চেষ্টা কোথায়।

৭ দফা। হুজুর নিবেদন উক্ত বৈদ্যবাটী গ্রাম কিন্তু পার্শ্বস্থ অতি ক্ষুদ্রাম সকল রাজা মহারাজার দরাদিনিষ্কুর করা পড়িলে সভ্য রূপ পরিচয় হয়।

৮ দফা। হুজুরে নিবেদন মহারাজার রূপ যশ ও দয়া বর্ণন করিতে লেখনী পত্র বি হ্বল হয়। হে মহারাজ কৃপাবলোকন দ্বারা সুখী করুন দানে ক্ষুদ্রাম্বর দীনগণের পুনর্জ্জীবন দিতে আজ্ঞা হয়। উপরোক্ত বৈদ্যবাটী গ্রামে এক বিদ্যালয় স্থাপন হইলে আমারদিগের সন্তান গণ বিনা ব্যয়ে নিজপুরে আহার করিয়া বিদ্যাভ্যাস করিতে পারে ইহা হুজুরে নিবেদন করিলাম মহারাজাধিরাজ বাহাদুর কর্ত্তা দয়া করিয়া যথা বিধান আজ্ঞা হয়।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

গত কএক বৎসরাবধি এতদ্দেশীয় পুরুষদের যেরূপ বিদ্যানুশীলন হইতেছে তাহাতে ভারতবর্ষস্থ মিত্র সম্প্রদায় আনন্দিত হইতে পারেন এবং দেশহিতৈষি মহাশয়েরা যে প্রকার উদ্যোগ করিতেছেন তাহাতে বোধ করি যে আরো বিস্তার মহানুশীলন হইতে পারিবে। কিন্তু দেখিয়া আমি অতি খেদিত হইলাম যে স্বদেশীয় লোকেরদের বিদ্যাভ্যাস বিষয়ে দৃশ মনোযোগ করেন না। কএক জন ইউরোপিয় সাহেব লোক ও বিবি সাহেবেরা এ লোকেরদের বিদ্যা শিক্ষার্থে পাঠশালা স্থাপনার্থ উদ্যোগী হইয়াছেন কিন্তু কোন এক স্থানে অতি নীচ জাতীয় কএক বালিকা বস্তু ও অন্যান্য পারিতোষিক দের নিমিত্ত তাঁহারদের পাঠশালাতে গমন করে কিন্তু অন্যান্য স্থানে তাঁহার দের ঐ উদ্যোগ নিষ্ফলই হইয়াছে।

ভারতবর্ষ সভ্য হওনার্থ বিবেচনা করিলে এই বিষয় অতিবিলপনীয় বটে। যদ্যপি পুরুষেরদের সঙ্গেং স্ত্রীরদিগকে বিদ্যা শিক্ষা না দেওয়ায়ায় তবে দেশের শ্রীষ্ঠব হওনের অতি বিলম্ব হইবে। সকল দেশেই সর্ব্বকালেই পুরুষেরা স্ত্রীলোকের বাধ্য বটেন এবং ইহা যথার্থ বটে যে স্ত্রীলোকেরা যদি সম্পূর্ণরূপে অজ্ঞা বিস্থায় থাকেন তবে পুরুষেরা কিরূপে সর্ব্বতোভাবে সভ্যতা প্রাপ্ত হইতে পা সময়ে লোকেরা দিবা রাত্রি গণ্ডগো ই ক্ষেপণ করেন এবং পূজা নৃত্য গী নানা আশু সন্তোষক ব্যাপারে রত লেন এই কাল ক্রমে গত হইতেছে ঐ সকল অলীক আনন্দকে সঙ্গে স্ত্রী

ourselves satisfy these wishes. Your are the Pilot in the ocean of difficulties; we pray to you for relief.

3d. Through dread of these difficulties, we represent that it is our desire to place our children at Burdwan, that they may obtain knowledge; but this we are unable to do; for we have not the means of keeping up a separate establishment for them, distinct from that of our families. Hence the Colleges which have been established at Chinsurah and Burdwan, are in respect to us useless. You alone can afford us relief.

4th. The poor and indigent who live in the rays of your favour, consider themselves fortunate. We beg you, therefore, to establish two schools; the one of English, the other of Bengalee, at Boeechee, near the Post Office; thus many children of the poor will be raised from a state of brutality to a state of manhood.

5th. We have sent an application to the Council in Calcutta, in the hope that our desires would be fulfilled; but unless you will look favourably upon it, it cannot succeed.

6th. We would represent that the smaller Talookdars within your Estate, pay no attention to these things. They are immersed in secular affairs; they have no anxiety for the relief of others.

7th. Boeechee is a large village, surrounded with a number of very inferior villages. If your Highness will cast the eye of your compassion upon them, they may become purified.

8th. All are acquainted with the fact, that since the abolition of the Transit Duties, all travellers have been greatly delighted. But one of our friends, recently going from hence to Dacca, saw a great many anomalous proceedings in the way, the particulars of which he has written to us, which we now publish without alteration. They will, probably, excite the astonishment of the reader.

To the Editor of the Durpun.

SIR,—The progress of education among the males in this country during these last few years, has been what every friend of India could wish, and the renewed exertions now making both by Government and philanthrophic individuals, cannot but accelerate their improvement still more; but I am sorry to see the enlightened portion of my countrymen, still behold with indifference, the degraded condition of our females. A few benevolent European gentlemen and ladies, indeed, made some attempts to introduce female schools, but they have failed, excepting in one or two places, where a small number of the very lowest classes attend the schools for the sake of clothing and other rewards. This is a very melancholy picture for the civilization of India. Unless the amelioration of the males is followed by that of the females, I fear the mental advancement of the country will be thrown back to a still further period. It cannot be denied, I believe, that the females in every country and age exercise a great influence (very deservedly too) over the conduct of men; how, then, can our brethren expect to raise themselves in the scale of civilization, while their better halves remain in the state in which they are now in?

The time is fast going away when people used to spend their days and nights in the confusion and uproar of superstitious Poojahs, Shraads, Nautches, and other sensual gratifications. The condition of the females was in a manner, suited to those vain enjoy-

লোকেরদের এক প্রকার ঐক্য ছিল কল ত স্ত্রী পুরুষ উভয়েরই সমান মানসিক অন্ধকার। কিন্তু এইক্ষণকার লোক ও শিগুণ বিদ্যাধ্যয়ন করিতেছেন তাঁহারা অবশ্যই উচ্চ ও উত্তম কার্য্যে রত হই বেন। বাণিজ্য বা বিদ্যার্থ তাঁহারা ভিন্ন দেশেও গমন করিবেন। ঈশ্বরের প্রকৃত আরাধনার তুল্যরূপে তাঁহারা আপনার দের ধন ব্যয় করিবেন অতএব পুরুষের দের এইরূপ অবস্থার পরিবর্ত্তন হইলে কি মুগ্ধ স্ত্রীরদের সঙ্গে তাঁহারদের সংপ্রীতি হইবেক। দিবসীয় মানসিক ও শারীরিক পরিশ্রমের পর পুরুষের যে শান্তনা ও সাহায্যের আবশ্যকতা তাহা কি তিনি ঐ অজ্ঞান স্ত্রীর নিকটে পাইতে পারিবেন। ঐ স্ত্রীর নিকটে কি তিনি আপনার অন্তঃকরণীয় বার্ত্তা প্রকাশ করিতে পারিবেন। আপনারা অনেক সন্তানেরদের রক্ষণাবেক্ষণার্থ তাদৃশ স্ত্রীর নিকটে কি উপযুক্ত পরামর্শ পাইতে পারিবেন। এতদ্দেশীয় প্রাচীন রীত্যনুসারে পুরুষের উপরেই সাংসারিক ভারং ভার পড়ে অথচ স্ত্রী ক্রেবল বসিয়া থাকিবেন অসিক্ত প্রতিবাসি বা পরিবারের মধ্যে বিবাদ জন্মায় এবং ঐ বিবাদ ভঞ্জনার্থ পুরুষেরদের কি পর্য্যন্ত সময় হরণ না হয়। সকলই অবগত আছেন যে ঐ স্ত্রীরদের বিবাদ কেবল অত্যল্প তুচ্ছ কারণেতে জন্মে এবং তদ্দ্বারা ভ্রাতা পিতর্য্য ও অন্যান্য বন্ধু বান্ধবের সঙ্গে ঘোরতর বিচ্ছেদ হয় কথনং মোকদ্দমা ও ঘটে তাহাতে সর্ব্বস্বান্ত হয় ইহার কারণ কেবল স্ত্রীরদের মূর্খতা তাহারদিগকে উত্তমরূপে বিদ্যাভ্যাস করাউন এবং পৃথিবীস্থ বস্তু সকল দর্শাউন তবে মূর্খতা দূর হইবে অতএব আমি স্বদেশীয় মিত্র বর্গের প্রতি এই বিনীতি করি যে ইহার প্রতিকার ক কোন উপায় স্থির করেন এই অকিঞ্চনের বোধ কলিকাতা বরাহনগর পানীয় হাটি চুঁচুড়া শান্তিপুর প্রভৃতি প্রধানং গণ গ্রামে শিষ্ট বিশিষ্ট মান্য ব্যক্তিরদের উচিত যে তাঁহারা সকলে একত্র হইয়া স্ত্রীরদের বিদ্যাভ্যার্থ একং পাঠশালা স্থাপন করেন। আমি জানি যে এই বিষয়ে অনেকের সম্মতি আছে কিন্তু কেহ অগ্রসর হন না। এক ব্যক্তি ইচ্ছা করেন যে অপর ব্যক্তি আরম্ভ করেন কিন্তু এতদ্রূপ টাল মাটাল আর কতকাল পর্য্যন্ত করিবেন অতএব অতিশীঘ্রপূর্ব্বক আমরা কেহ এ ইক্ষণে আরম্ভ করি কর্ম্ম উত্তম বটে এবং শ্রীশ্রী পরমেশ্বরের প্রসাদে আরম্ভ করিলে ই নিতান্ত সুফল দর্শিতে পারিবে। সম্প্রদায় মহাশয় আপনকার পাঠক মহাশয়েরদের অভিপ্রায় জ্ঞাত হইলে পুনর্ব্বার এই বিষয়ে আমি লেখনীধারণ করিব।

কস্যচিৎ ব্রাহ্মণস্য।

চুঁচুড়া ২৪ ফেব্রুআরি ১৮৩৮।

To the Editor of the Durpun.

The Mooktears that attend the Courts and Kutcherrys are generally the persons that draw out Plaints, Answers and Durkhausts in Bengalee, in which they introduce as many Persian words as their ingenuity has taught them; presuming, no doubt, that they will be better understood by the presiding Judge; forgetting that they ought to write for the adverse party, who is not always acquainted with such terms. Now that the Bengalee language is to be generally introduced in the Courts, it is desirable that the Persian terms in Bengalee writing should be dropped (except such words as are commonly understood by every one, and have ancient usage, the English as well as the Persian,) I have, therefore, made out a list of the words which appear in Bengalee reading; those mark-

ments. In fact, the mental darkness of both sexes corresponded with each other. But the educated portion of the present and rising generation will apply themselves to higher and nobler pursuits; they will visit foreign shores and countries for the purposes of commerce and science; they will spend their wealth in a manner suited to the stewardship of God. Will any body say, that the present female society will suit their altered conditions and refined taste? Can a husband expect to find that solace and relief in the bosom of an ignorant wife, of which he stands so much in need of, after the mental and corporeal fatigues of a day? To whom is he to open his mind, or apply for advice and co-operation in the difficult tax of managing a family of children? According to the *venerable old* custom in this country, a husband is expected to do every thing, while his wife remains idle or employed in fomenting a quarrel with the other members of the family, or with her neighbours, which does not take a small portion of her husband's time to settle amicably. Is it not known that such female quarrels, arising at first from trifling causes, lead to the seperation of brothers, uncles, and other near and dear relatives, and not unfrequently lead to lawsuits, which ultimately become the ruin of a family? What is the course of all these? *Ignorance*, downright ignorance. Educate them properly—let them see the world, and all these evils will be removed. I humbly beseech my countrymen to consider the subject seriously, and devise some means to remedy the evil. In my humble opinion, I would suggest, that in large towns and populous places, such as Calcutta, Buramugger, Pennety, Chinsurah, Santeepore, &c., the respectable and enlightened classes should meet, and by comman consent, establish female schools. I know a great many of them who are well inclined to this plan, but nobody likes to take the lead. One is waiting that another should commence it; but how long are we to go on in this manner, thinking and hesitating? Let us at once act boldly—our cause is good, and under the blessings of Providence, success will attend us—if we but commence it. I will take up the subject again, Mr. Editor, after I learn the sentiments of your readers.

Yours, &c.

A Brahmun.

Chinsurah, Feb. 24th, 1838.

র নিকটে চিহ্ন দেওয়া গিয়াছে সেই কথা প্রায় থাকিতে পারে যেহেতুক তাহা প্রায় সকল লোকেরই গোচর আছে এবং যে সকল কথাতে চিহ্ন দেওয়া যায় নাই সেই কথার পরিবর্ত্তে সংস্কৃত ব্যবহার করিলে পূর্ব্ববৎ মন্দই হয় অতএব সামান্য বাঙ্গালা ভাষার ব্যবহার করণ ভাল। যদ্যপি কোন ব্যক্তি আমার এই পরামর্শে ঐক্য হন এবং স্বীয় অভিপ্রায় সর্ব্বসাধারণকে জ্ঞাপন করেন তবে পারস্যের পরিবর্ত্তে দেশের মধ্যে উত্তম বাঙ্গালা কথার সুনিয়ম হইতে পারিবে। এবং যাঁহারা আমার এই পরামর্শে ঐক্য হন বা না হন তাঁহারা ইহাতে স্বং অভিপ্রায় লিখিবেন এই প্রযুক্ত ইহা দর্পণে প্রকাশার্থ প্রেরণ করিলাম।

বঙ্গভাষানুরক্তস্য।

২০ ফেব্রুআরি ১৮৩৮।

ইঙ্গরেজী ও পারস্য চলিত ভাষার অর্থ গৌড়ীয় ভাষায়।

ইঙ্গরেজী প্রচলিত ভাষা।

জজ	রিস্পণ্ডেণ্ট
সেসিয়ন জজ	ডিক্রী
কমিস্যনর	ডিসমিস
কালেকটর	ননসুট
ডেপুটি কালেকটর	প্রিসেপ্ট
মাজিষ্ট্রেট	ওয়ারণ্ট
জাইণ্ট মাজিষ্ট্রেট	ডিপজিট
আসিষ্টাণ্ট	কেরাণি
ডাক্তর	হৌস
বোর্ড রেবিনিউ	কামরা
কোর্ট আপীল	টর্নি
সদর দেওয়ানী	কোম্পানি
আপীল	সদর নিজামত
আপেলাণ্ট	

পারস্য প্রচলিত।

জিলা ও শহর*	তজবীজ*
সদর আমিন*	দরখাস্ত*
সদর আমিনআলা*	আসামী*
মুনসেফ*	ফরিয়াদী*
হাকিম*	আরজি*
সেরেস্তাদার*	জওয়াব*
পেস্কার*	জওয়াবল জওয়াব*
খাজাঞ্চী*	রদ্দ জওয়াব*
মুহুরি*	সওয়াল*
নাজির*	পরওয়ানা*
বক্শি*	রসিদ*
দফাদার*	কৈফিয়ৎ*
আদালত*	সরেণও*
কাছারী*	মুৎফরক্কা*
ফয়সালা*	ইশতেহার*
নালিস*	খারিজ*
রুবকারী*	দাখিল*
মোকদ্দমা*	

চলিত পারস্য।	গৌড়ীয় ভাষায় অর্থ।
খোদাওন্দা*	ধর্ম্মাবতার
হুকুম*	আজ্ঞা
মঞ্জুর*	গ্রাহ্য
নামঞ্জুর*	অগ্রাহ্য
এস্তেফেসার	জিজ্ঞাসা
তমহিদ	বিস্তার বর্ণনা
পিজীরা	যোগ্য গ্রাহ্য
রেহাই	নিস্তার পরিত্রাণ
	মুক্ত
রুবরুই*	সমক্ষে সাক্ষাৎকার
মায়েনা	দৃষ্টি দেখা
হামতাম	একান্ন
তফরিক	পার্থক্য পৃথক্
কয়াস	জ্ঞানগম্য অনুমান
এক্তেলাফ*	প্রভেদ উল্টা
মোগালেতা	মিথ্যা
গলত*	অশুদ্ধ
গোশগোজার	কর্ণগোচর
রুকুমাত	নানাবিধ
দাদগোস্তা	হে বিচারকর্ত্তা
গরীবনওয়াজা*	দীনহীনঅনুগৃহীতা

ed with an asterick should be retained, as generally well understood; and those not marked, might be as well and better expressed in common Bengalee, not Sanskrit, for that would be as bad again. If any person should enter into my view on the subject, and give his opinion to the public, a general improvement might be made by leaving out Persian where an equally good Bengalee wood may be used. My suggestion is open to remarks by persons who agree, or who do not agree with me on this subject. I submit them for publication in the *Durpun*.

A Lover of Bengalee.

February 20th, 1838.

চলিত পারস্য।	গৌড়ীয় ভাষায় অর্থ।
গরীবপরওর	দুঃখিপ্রতিপালক
বেওাজলমোলক	দেশাচার
আশালতন	স্বয়ং
ওকালতন	উকীলের দ্বারা
মুক্তারতন	মোক্তারের দ্বারা
বানকার	মন্ত্রণাদায়ক
গাওয়া*	সাইদ সাক্ষ্য
কারপরদাজ*	কর্ম্মনির্ব্বাহক
জওজা	বণিতা পত্নী ভার্য্যা
শৌহর	স্বামী পতি
হিনহয়াৎ*	জীবদ্দশা
ফৌত	লোকান্তর পরলোক
এত্তেলা এয়ালাম*	সম্বাদ
জারী*	চলিত
আমানত*	গচ্ছিত
ওয়াপস*	ফেরত ফিরিয়া
সদর*	বাহ্য
মফঃসল*	অন্তর গোপন
জুলুম*	দৌরাত্ম্য
সাজা*	দণ্ড
জেহেলখানা*	কারাগার
কএদ*	বন্দ
গরজ মতলব*	প্রয়োজনিক মনোযায়ী
মৌরস*	পিতৃপুরুষ
ওয়ারিস*	উত্তরাধিকারী
সরারতি*	নষ্টতা
দখল*	ভোগ অধিকার
বেদখল*	ভোগরহিত অনধিকার
খরিদ*	ক্রয়
খরিদা*	ক্রয়করা
খরিদার*	ক্রয়কারক
মোজাহেম*	প্রতিবাদী
হিস্যা*	বণ্টন বিভাগ
মাতব্বর*	মান্য
মাতব্বরি*	প্রত্যয়ী মান্যতা
তসরফ তছরূপ*	ক্ষতি
সরবরা*	নির্ব্বাহ
হাজির*	উপস্থিত
গরহাজির*	অনুপস্থিত
নাওলদ	নিঃসন্তান*
হামল	গর্ভ*
হামেলা	গর্ভিণী*
মতমর্না	পোষ্যপুত্র*
আওলাদ	সন্তানাদি*
পরদানশিন	কুলবধূ*
জেওরাত	অলঙ্কারসকল*
মৌরুশী	পৈত্রিক*
দাদখা	বিচার প্রার্থনিক*
সঙ্গিন	গুরুতর*
রওশন*	দীপ্ত
শরিহন*	সমুদয়
মষগুল	প্রবর্ত্ত
তওানাই	ক্ষমতা
ওয়াজবলআরজ*	উচিত নিবেদন
মোক্তজায় ইনসাফ*	বিচার্য্য

চলিত পারস্য।	বাঙ্গালা সাধুভাষায় অর্থ।
তজলজল	কম্পান্বিত
সরসরি*	সামান্য
জাবেতা*	দাঁড়া রীতি
মদউন*	ঋণগ্রস্ত
ফেরার*	পলাতক
বরপা*	উপস্থিত
ওরফে*	পরিচিত
নওম্মেদ	নৈরাশ
আঁঞা	দীপ্তিমান
আসকারা	প্রকাশ
পেয়গাম	সম্বাদ
এন্তেকাল	হস্তান্তর
বেহুদা	অনর্থক
দস্তইয়াব	হস্তগত
একতরফা*	একপক্ষে
উম্মেদওয়ার*	প্রার্থনিক
সরোকার*	সংস্রব
জাএজ*	সত্য প্রকৃত
নাজাএজ*	অপ্রকৃত
আহওয়াল*	সংস্থান
দফাওয়ারি*	বারম্বার পৃথক২
হকদার*	স্বার্থাধিকারী
কমফহমি	অল্পবুদ্ধি
নাদান*	অজ্ঞান
আন্দাজ তখমিলন*	অনুমান
বলকুল*	তাবৎ সমুদায়
পয়মায়েস*	মাপ পরিমাণ
সুরু*	আরম্ভ
বেকস	অনাথা
বেওয়া	পতিহীনা
অবীরা	পতিপুত্রবিহীনা
আখের	শেষ
তোরফাএন	উভয়পক্ষ
সরাসর	সমুদায় সর্ব্বের
মহসুফ	প্রশংসিত

রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্তকাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলবন্দি হইয়া২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম ও উপরি লিখিত মুদ্রা প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকটে পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লাল গর্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরে ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে তাহার মূল্য ॥০ আনা ধরা গিয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলীয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের ধার্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

বাঙ্গলা ডিক্ষ্যনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্ষ্যনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যাখ্যা আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত মূল্য ৬০ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জন ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ২ টাকা।

কালাকুইশ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরী সাহেবকর্ত্তৃক রচিত তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ৩ টাকা।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	।৵	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st. Class,	0 2	0 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	12 0	13 0
4 per Cent loan,	2 4	2 0

Bank Shares.

Bank of Bengal,.....Co.'s Rs. 2,400—2,

সমাচার দর্পণ

১১৮২ সংখ্যা। বালম ২০।] ১০ মার্চ ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ২৮ ফাল্গুণ। SATURDAY, MARCH 10TH. 1838. [মূল্য মাসে ১ টাকা।

No. 1182. VOL. XX.] Published at Serampore every Saturday morning. [Price—1 Rupee monthly.

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ নং ... তাং ... কলিকাতা

ইশতেহার।

NOTICE

Is hereby given, that the Bauleah Silk Factory, and the whole of the remaining unsold Silk Filatures belonging to the East India Company, will be put up for Public Sale, on an early day in the month of May next.

Further particulars will be published hereafter.

By Order of the Board of Customs, Salt and Opium.

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
2d January, 1838.

ইশতেহার।

সমাচার দেওয়া যাইতেছে যে ভারত স্থ কোম্পানির বোয়ালিয়ার রেশমের ... এবং অবশিষ্ট অবিক্রীত বানক আ... মি যে মাসের প্রথমে বিক্রয় হইবেক। এই বিক্রয়ের বিশেষ বেওরা প্রশ্চাৎ প্রকাশ করা যাইবে।

হাসিল নিমক ও আফীণ বোর্ডের হুকুমে।

জে ডবলিউ গ্রাণ্ট
খাতাবাড়ীর অধ্যক্ষ।

খাতাবাড়ী ২২ জানুআরি ১৮৩৮ সাল।

SUPREME COURT, CALCUTTA.

Sickchunder Seal, *Complainant.*
Alexander Millet, *Defendant.*

Notice is hereby given, that pursuant to a Decree made in this cause on the ... day of January last, the following property will, on a day to be hereafter named, and of which due notice will be given, be sold by the Master at his office, in the said Court, in Calcutta, for the purposes in the said decree mentioned, viz.

All that Indigo Factory, called the Raghur Factory, situated on the ... of the River Hooghly, in the ...zah of Santipore, in the district of Jhunghur, consisting of 17 pairs of ... and the necessary implements and ...ils for the manufacture of Indigo, ... the Bungalow thereto belonging. ... cultivation consists of about 2,000 ...hs of Neez Churland, and there ... likelihood of adding 2,500 bigger more.

For particulars, apply at the Master's ..., or Messrs. Wight, Boyle and ...as, the Complainant's Solicitors.

A. DOBBS, *Master.*

...'s Office, 27th February, 1838.

ইশতেহার।

কলিকাতার সুপ্রিম কোর্ট।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় রসিকচন্দ্র শীল ফরিয়াদী ও আলেকজান্দর মিলেট সাহেব আসামী সেই মোকদ্দমার গত ১২ জানুআরি তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রীর অভিপ্রায় সিদ্ধ করণার্থ সম্পত্তি বিক্রয়ের যে তারিখ নির্দ্দিষ্ট হইয়া সম্বাদ দেওয়া যাইবেক ঐ তারিখে কলিকাতার সুপ্রিম কোর্টের মাষ্টর আপীসে নীচে লিখিতব্য সম্পত্তি বিক্রয় হইবেক।

বিশেষতঃ জিলা কৃষ্ণনগরের মৌজে শান্তিপুর গঙ্গাতীরস্থিত সুতরা গড় কুঠী নামে বিখ্যাত এক নীলের কুঠী তাহাতে ১৭ যোড়া হৌজ এবং নীল প্রস্তুত করণের আবশ্যক সরঞ্জামসকল এবং এক বাঙ্গালা ও নিজচর ২০০০ বিঘা আবাদী ভূমি এবং এই প্রকার চাসকরণের সম্ভাবিত আর ২৫০০ বিঘা ভূমি।

এই বিক্রয়ের বেওরা মাষ্টর আপীসে অথবা ফরিয়াদীর উকীল শ্রীযুত ওয়াইট ও বয়ল ও তামস সাহেবের নিকট অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

এ ডবস মাষ্টর।

মাষ্টর আপীস।
২৭ ফেব্রুআরি ১৮৩৮ সাল।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় রামতনু মল্লিক প্রভৃতি ফরিয়াদী ও রামগোপাল মল্লিক প্রভৃতি আসামী পুনরুত্থাপিত সেই মোকদ্দমায় গত ৬ আপ্রেল তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে গত ১৩ দিসেম্বর তারিখে মৃত রামগোপাল মল্লিকের ইষ্টেটের মধ্যে নীচে লিখিতব্য যে সম্পত্তি বিক্রয় হয় নাই তাহা আগামি ১৯ মার্চ তারিখ বৃহস্পতিবারে বেলা দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্টের মাষ্টর আপীসে পবলিকসেলে অর্থাৎ নীলামে উক্ত ডিক্রীর অভিপ্রায় সিদ্ধার্থ বিক্রয় হইবেক।

লাট নং ১৫ A এবং কলিকাতা নগরের চিৎপুর রাস্তায় মাছুয়া বাজারের শামিল ও অন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত ভদ্রাসন বাটী এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫৴ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে রামসুন্দর মিস্ত্রের বাটী ও ভূমি অপরাংশে গোলোকচন্দ্র ধরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে চিৎপুরের রাস্তা। পশ্চিম দিগে মৃত রামগোপাল মল্লিকের বাটী ও ভূমি উত্তর দিগে সরকারী নর্দমা এবং পূর্ব্বোক্ত মৃত রামগোপাল মল্লিকের ভূমি ভোলানাথ বাবুর ভূমি রামপ্রসাদ সেনের ভূমি।

লাট নং ১৬। A কলিকাতা নগরের নৈতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৴ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মৃত রামগোপাল মল্লিকের ভদ্রাসন বাটী। পশ্চিম দিগে প্রাণধন দত্তের বাটী। দক্ষিণ দিগে গোলোকচন্দ্র ধর ও মৃত গোবিন্দচন্দ্র ধরের বাটী। উত্তর দিগে সরকারী নর্দমা।

লাট নং ১৭। A কলিকাতা নগরে নৈতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ১৴১॥ এক বিঘা দেড় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী নর্দমা। উত্তর দিগে তেলির বাটী নামে বিখ্যাত বাটী। পশ্চিম দিগে গোবিন্দচাঁদ বাবু ক্ষত্রিয়ের বাটী। পূর্ব্ব দিগে বাবু ভোলানাথ ক্ষত্রিয়ের বাটী।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মাষ্টর আপিসে অথবা ফরিয়াদীর উকীল টি বি সুইনহো সাহেবের নিকট তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

এ ডবস
মাষ্টর

মাষ্টর আপিস।
২২ ফেব্রুআরি ১৮৩৮ সাল।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৫ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব যে মোকদ্দমায় ব্রহ্মসচ্চিদানন্দ পণ্ডিত ফরিয়াদী ও কৃষ্ণচন্দ্র শূর ও আনন্দ দরবান ও গোবিন্দ মুখুয্যে ও কৃষ্ণমোহন ঘোষ ও নফরা কামার আসামী সেই মোকদ্দমায় বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে নফরা কামারের সম্পত্তি বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরে সুতানুটিতে শ্যামবাজারের শামিল ও অন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী নফরা কামারের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর পূর্ব্ব দিগে মৃত রাজা গোপী মোহন দেবের ভূমি। দক্ষিণ দিগে হরপ্রসাদ ঘোষের ভূমি। পশ্চিম দিগে উয়েলিংটন স্ট্রিট।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৫ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব হেনরি কাইট সাহেবের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের কসাইটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী নং ৪৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৴ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী হেনরি কাইট সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে গলি। উত্তর দিগে জে ওয়াইট সাহেবের বাটী। পশ্চিম দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে হণ্টর সাহেবের অশ্বালয়।

এবং কলিকাতা নগরের ডিঙ্গা ভাঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৸১ ষোল কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী হেনরি কাইট সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে গলি। দক্ষিণদিগে সি মিরন সাহেবের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে মারলি সাহেবের বাটী ও ভূমি। পশ্চিম দিগে সরকারী রাস্তা।

এবং ৪ চারিখান পাল্কি গাড়ি ও ৪ চারিখান চেরেট ও কএক খান পাতর বিক্রয় হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৫ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মণিমাধব দত্ত ও শিবচন্দ্র দত্তের মরণোত্তর শম্ভুচন্দ্র দত্ত ও ঈশানচন্দ্র দত্ত রাজচন্দ্র দত্তের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশপরগনায় বীরপাড়ায় শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ২৩৴ বি

ঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার পাঁচ অংশের তিন অংশে ও তাহার পাঁচ অংশের তিন অংশে মধ্যে ও তাহার পাঁচ অংশের তিন অংশের উপর পূর্ব্বোক্ত আসামী মণিমাধব দত্ত ও শিবচন্দ্র দত্ত ও রাজচন্দ্র দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে হরেকৃষ্ণ শীলের বাগান। পূর্ব্ব দিগের একাংশে আসামীরদের ধান্য ভূমি অপরাংশে রাধামোহন গোস্বামির বাগান। দক্ষিণ দিগের একাংশে রামহরি মুখুয্যের বাগান ও অপরাংশে মাণিক আঢ্যের ভূমি। উত্তর দিগে রাজকৃষ্ণ বাহাদুরের ও কাশীনাথ মুনসীর ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৮ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব বুজকুমার সেটের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরে বড় বাজারে সুপরিহাটার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত কএক গুদাম ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।০ এক বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বুজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে নীলু পালের বাটী ও ভূমি। উত্তর দিগে নকুলেশ্বর যাইতে এক গলি। পশ্চিম দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে মৃত কাশীনাথ বাবুর বাটী ও ভূমি।

২ দফা। এবং কলিকাতা নগরের বড় বাজারে জগন্নাথের ঘাটের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রায়তী ভূমি অনুমান ১/১ এক বিঘা এক কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বুজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও উত্তর দিগের একাংশে পাঁচু বসাকের ভূমি অপরাংশে পূর্ব্বোক্ত আসামীর ভূমি। পূর্ব্ব দিগের একাংশে আশুতোষ বাবুর ভূমি। অপরাংশে পূর্ব্বোক্ত আসামীর ভূমি। দক্ষিণ দিগে সরকারী রাস্তা।

৩ দফা। এবং কলিকাতা নগরে সূতানুটিতে যোড়াবাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রায়তী ভূমি অনুমান ২৪।১।৵ চব্বিশ বিঘা ছয় কাঠা ছয় ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বুজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে ষষ্ঠীতলার রাস্তা। দক্ষিণ দিগে যোড়া বাগানের থানার রাস্তা। পশ্চিম দিগে চুনিলাল কাঁসারির বাটী ও ভূমি। উত্তর দিগে রামসুন্দর দের বাটী ও ভূমি।

৪ দফা। এবং কলিকাতা নগরে যোড়া বাগানে সূতানুটির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৮।।৩।।৵ আট বিঘা তের কাঠা দশ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ধোপা পুষ্করিণীনামে বিখ্যাত এক পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বুজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে প্রসন্নকুমার ঠাকুরের বাটী ও মৃত হরিনারায়ণ বসাকের ভূমি ও গোলোক বসাক প্রভৃতির ভূমি ও শম্ভুচন্দ্র সরকার প্রভৃতির ভূমি। উত্তর দিগের একাংশে জগমোহন মুখুয্যের ফুলবাগান অপরাংশে মৃত চন্দ্রকুমার ঠাকুরের ভূমি ও রাধিকামোহন বসাক ও রামহরি বসাকের ভূমি ও শিবু পাণ্ডার ভূমি ও কালু বসাকের ভূমি। পূর্ব্ব দিগের একাংশে নূতন বাজার নামে বিখ্যাত এক বাজার অপরাংশে চড়কডাঙ্গায় শিবতলা নামে বিখ্যাত স্থান ও বিশ্বনাথ নন্দির ভূমি ও মদন বসাকের ভূমি। পশ্চিম দিগে যোড়া বাগানে সরকারী নরদমার নিকটস্থ পূর্ব্বোক্ত সেটদিগের রাইয়তী ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সাবেক সরিফসেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৫ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত জেম্‌স হিগিনসন সাহেব মণিমাধব দত্তের উত্তরাধিকারী হরিমোহন দত্ত ও ত্রৈলোক্যমোহন দত্ত ও মৃত শিবচন্দ্র দত্তের উত্তরাধিকারিণী কমলকামিনী দাসীর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশপরগনার বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ২৩/ তেইশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার পাঁচ অংশের দুই অংশে ও তাহার পাঁচ অংশের দুই অংশের মধ্যে ও তাহার পাঁচ অংশের দুই অংশের উপর পূর্ব্বোক্ত আসামী মৃত মণিমাধব দত্ত ও শিবচন্দ্র দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে হরেকৃষ্ণ সেটের বাগান। পূর্ব্ব দিগের একাংশে পূর্ব্বোক্ত আসামীরদের ধান্য ভূমি অপরাংশে রাধামোহন গোস্বামির বাগান। দক্ষিণদিগের একাংশে রামহরি মুখুয্যের বাগান। অপরাংশে মাণিক আঢ্যের ভূমি উত্তর দিগে রাজারাজকৃষ্ণ বাহাদুরের ও কাশীনাথ মুনসীর ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

বিজ্ঞাপন।

স্বস্তি সমস্ত গুণাধার অপার মহত্ত্বপারাবার মহাশয় বর্গের প্রতি আমার নিবেদন। এই ভারতবর্ষে যাবৎ পর্য্যন্ত হিন্দু রাজারদের রাজত্ব ছিল তাবৎ হিন্দু ধর্ম্ম ও হিন্দু ভাষা অব্যাহতরূপে চলিতেছিল ভারতবর্ষীয় লোকেরা স্বপ্নেও জানিত না যে অন্য ধর্ম্ম বা অন্য ভাষা আছে। অনন্তর প্রায় দ্বাদশ শতবৎসর হইল এই পুণ্য ভূমিতে যবন সঞ্চারের সহিত যাবনিক ভাষা অর্থাৎ পারসীক ভাষা প্রবেশ করিয়া ক্রমে বর্দ্ধিষ্ণু হইয়া এই ভারতবর্ষের নানা প্রদেশে নানা গ্রামে নানা স্থানে কি ক্ষুদ্র জন কি মহাজন সকলকেই আক্রমণ করিয়াছে এবং আমারদের পূর্ব্ব ভাষা অর্থাৎ সংস্কৃতানুযায়ি সাধু ভাষার মধ্যে প্রায় অনেককে দূর করিয়া দিয়া তত্তৎ স্থলে আপনারাই স্বতঃ সিদ্ধ হইয়াছে এইক্ষণে পাঁচটি শব্দ প্রয়োগ করিতে হইলে তাহার মধ্যে তিনটি কি দুইটি শব্দ এতদ্দেশীয় পাওয়া যায় আর সকলি পারসীয় শব্দ। এবং আমারদের ভাষার সহিত পারসীয় ভাষা এমত অভেদরূপে মিলিয়াছে যে ঐ ভাষাদ্বয়ের প্রভেদ করা প্রায় সকলেরি দুঃসাধ্য। কেবল যাঁহারা উত্তমরূপে পারসী জানেন তাঁহারাই আপনারদের ভাষা বাছিয়া লইতে পারেন অথবা যাঁহারা সংস্কৃত ভাষা অভ্যুত্তরূপে জানেন তাঁহারাই আপনারদের সাধু ভাষা হইতে পারসী ভাষা বাছিয়া দূর করিতে চাহেন কিন্তু ব্যবহারের অন্যথানুপপত্তিপ্রযুক্ত অগত্যা পারেন না নতুবা অন্য সামান্য লোকের শক্তি হয় না যে এই বঙ্গ ভাষার মধ্যে কোন্ শব্দ টি পারসীয় বা কোন্ শব্দ টি এতদ্দেশীয় ইহা জানিতে পারেন। এবং আমারদিগের বঙ্গ ভাষায় পত্রাদি লিখনে বা পরস্পর কথোপকথনে কৃচিৎ সাধু ভাষার সম্পর্ক পাওয়া যায় কিন্তু রাজকীয় লিখাপড়ায় কিম্বা বিচার বিষয়ক লিখন পঠনেতে সাধু ভাষার গন্ধও নাই। পূর্ব্বে হিন্দুরদের রাজত্ব কালে রাজকীয় তাবৎ বিষয়ই ছিল তাহার লেখা পড়া স্বস্বদেশ ভাষাতেই নির্ব্বাহ হইত যে সকল ভাষার মূল সংস্কৃত অতএব মনুমিতাক্ষরাদি সংস্কৃতগ্রন্থে রাজকীয় তাবৎ বিষয় ও ভাষা লিখিত আছে এইক্ষণে পারসী ভাষার পরিবর্ত্তে ঐ সাধু ভাষা দ্বারা রাজকীয় লিখন পঠন সম্পন্ন হইতে পারে অন্যথা যবনাধিকারের পূর্ব্বে কি প্রকারে তত্তৎ লিখাপড়া নির্ব্বাহ হইত। আমি ইত্যাদি বিবেচনা করিয়া অন্যদ্ভাষা সংক্রান্ত পারসী ভাষ স্থলে পুনঃসাধুভাষা সংস্থাপন করিতে বহু পরিশ্রমে এই কোষ নির্ম্মাণ করিয়াছি ইহাতে অকারাদিক্রমে সূচী করিয়া তাবৎ শব্দ বিন্যাস করাগিয়াছে। এবং পারসী ভাষার অর্থ সাধুভাষায় নিরূপিত হইয়াছে এই কোষদ্বারা বঙ্গভাষার মধ্যে চির লুক্কায়িত পারসীভাষা ত্যাগ করিয়া স্বদেশীয় সাধুভাষায় সাধুলোক লিখন পঠন ও কথোপকথন ইচ্ছা করিলে করিতে পারিবেন এবং যিনি পারসীমাত্র জানেন তিনি এই কোষদ্বারা সাধু বঙ্গভাষাতে বিজ্ঞ হইতে পারিবেন অতএব এই মহোপকারক গ্রন্থ মুদ্রাঙ্কিত করিতে বাশনা করিয়াছি ইহা সকলের গোচরার্থ তাহার কিঞ্চিদংশ মুদ্রাঙ্কিত করিয়া আদর্শ স্বরূপ প্রকাশ করিলাম ইতি।

শ্রীজয়গোপাল শর্ম্মণঃ।

পারসী	সাধুভাষা
অকল	বুদ্ধি, জ্ঞান
অকলমন্দ	বুদ্ধিমান্
অক্ত	কাল
অজুরা	বেতন, পরিশ্রমের মূল্য
অজুহনমা	হেতুবাদ
অঞ্জীর	পেয়ারা, ডুম্বুর, ডুম্বুরবৃক্ষ
অতর	গন্ধদ্রব্য বিশেষঃ
অতরদান	গন্ধদ্রব্যাধার
অতরপান	
অদল	দলহীন, সাদৃশ্য, মুদ্রার প্রতিবিম্ব
অদাবত	শত্রুতা, মাৎসর্য্য, মন্দেছা
অদালত	বিচার স্থান, বিচার
অনামত	সম্পূর্ণ, অখণ্ড
অনার	দাড়িম্ব
অন্দর	মধ্য, অন্তঃপুর
অন্দাজ	অনুমান,

ছন্দোমঞ্জরী ও বৃত্তরত্নাবলি।

এই উভয় সংস্কৃত গ্রন্থ উত্তম কাগজে ও উত্তম বাঙ্গালা অক্ষরে শ্রীরামপুরের মুদ্রা যন্ত্রালয়ে মুদ্রিত হইয়া সমুদায়ে ৩১ পৃষ্ঠা একখণ্ডে বদ্ধ হইয়াছে। এই পুস্তক পাঠ করিলে তাবৎ ছন্দের লক্ষণ জ্ঞান হইয়া অনায়াসে কবিতার ছন্দো বোধ এবং অনুশীলনে কবিতাশক্তিও হইতে পারে মূল্য ।।০ মাত্র। গুহণেচ্ছুক মহাশয়রা কলিকাতাস্থ সংস্কৃত কালেজের অধ্যাপক শ্রীযুত জয়গোপাল তর্কালঙ্কার ভট্টাচার্য্যের পটোলডাঙ্গার বাসাবাটীতে অথবা শ্রীরামপুরের ছাপাখানায় লোক প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশিত তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনেতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ করিয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেব হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

২৮ ফেব্রুআরি ১৮৩৮।

শ্রীলশ্রীযুত প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে কোম্পানির কেরাণি শ্রীযুত আর বি থরনহিল সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে তাঁহাকে বঙ্গ রাজধানীর কর্ম্মভুক্ত করিয়াছেন।

উত্তর পশ্চিমাঞ্চলের কর্ম্মভুক্ত সিবিল সম্পর্কীয় শ্রীযুত উলিয়ম ফেন সাহেব উত্তমাশা অন্তরীপে ও শ্রীযুত রিচার্ড উডবর্ড সাহেব ইঙ্গলণ্ড দেশে গমনার্থ ডুফ অফ বক্লিউ নামক জাহাজ আরোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৪ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেবকর্ত্তৃক পুলোপিনাঙ্গের রেসিডেণ্ট কৌন্সলী শ্রীযুত জে ডবলিউ সামন সাহেব গত অক্টোবর মাসের ১১ তারিখে যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত স্বীয় কর্ম্মস্থানে পঁহুনার্থ আগামি আপ্রেল মাসের ৬ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

বঙ্গ রাজধানীস্থ ধর্ম্মোপদেশক শ্রীযুত জে সি প্রবি সাহেব ব্লাণ্ড নামক জাহাজারোহণে ইঙ্গলণ্ড দেশে যাত্রা করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

২৭ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ এচ টিড সাহেব ১৮৩৩ সালের ৯ আইন অনুসারে মেদিনীপুর ও হিজলির ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ই ডবলিউ পিট সাহেব ঐ আইনঅনুসারে ঐ স্থানের ঐ ঐ।

নীচে লিখিত্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত ডবলিউ ক্রে ক্রাফট সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ২৪ দিবসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত আর টরনস সাহেব শ্রীযুত ক্রে ক্রাফট সাহেবের অনুপস্থান পর্য্যন্ত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

রাজশাহীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর অথচ জজের কর্ম্ম নির্ব্বাহক শ্রীযুত সি জে এচ গ্রেহেম সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্র পথে গমনার্থ দরখাস্ত করিতে কলিকাতা রাজধানীতে আগমন নিমিত্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

কটকের সরবেয়র সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত লেপ্টেনস্ট জে ডবলিউ ফ্রেজর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১০ মার্চ তারিখ অবধি আগামী ১০ মে তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

পবনার আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এচ জে থরণ্টন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন।

মৈমনসিংহের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত আর এম স্কিনর সাহেব যে ছুটি পাইয়াছিলেন তাহার সম্পূরণ কাল বর্ত্তমান মাসের ১৬ তারিখে স্বীয় কর্ম্ম গ্রহণকরাতে রহিত হইল।

মালদহের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জেলাম সাহেব যে ছুটি পাইয়াছেন তাহার সম্পূরণকাল বর্ত্তমান মাসের ১৯ তারিখে স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনেতে ঐ তারিখ অবধি রহিত হইল।

২৮ ফেব্রুআরি।

মৌস্থানের ধর্ম্মোপদেশক শ্রীযুত জান বেল সাহেব বর্ত্তমান মাসের ১৭ তারিখে সিঙ্গাপুর হইতে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

৩ মার্চ।

বঙ্গ রাজধানীস্থ ধর্ম্মোপদেশক শ্রীযুত জান বেল সাহেব ছুটি লইয়া বিলাত গমনার্থ জিনোবিয়ানামক জাহাজের প্রস্থান তারিখঅবধি ছুটি পাইয়াছেন।

৭ মার্চ।

শ্রীযুত জজ আলেকজান্দর সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে জেনরল পোষ্ট আপীসের কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

CIVIL APPOINTMENTS.

28th February, 1838.

The Honourable the President in Council is pleased to attach to the Bengal Presidency, Mr. R. B. Thornhill, Writer, reported qualified for the Public Service.

The following gentlemen of the Civil Service, employed in the North Western Provinces, embarked on board the Ship, "*Duke of Buccleugh*," which vessel was left by the Pilot at Sea on the 24th instant:

Mr. William Fane for the Cape of Good Hope.

Mr. Richard Woodward for England.

Mr. R. B. Thornhill, Writer, is reported qualified for the Public Service, by proficiency in two of the Native Languages.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to grant to Mr. J. W. Salmond, Resident Councillor at Prince of Wales' Island, an extension of the leave granted him under date the 11th October last, to the 6th April next, to enable him to join his station.

The Revd. J. C. Proby, Chaplain on the Bengal Establishment, embarked for England on board the Ship, "*Bland*," which Ship was left by the Pilot at Sea on the 6th instant.

27th February.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to make the following appointments:

Mr. W. H. Tydd to be Deputy Collector, under Regulation IX. of 1833, in Midnapore and Hidgelee.

Mr. E. W. Pitt to be do. do. under do. in do. and do.

The following officers have obtained leave of absence from their Stations:

Mr. W. Cracroft, Officiating Civil and Session Judge of the 24-Pergunnahs, for fourteen days, on Medical Certificate.—Mr. R. Torrens will conduct the duties during Mr. Cracroft's absence.

Mr. C. J. H. Graham, Officiating Magistrate and Collector of Rejeshahy, and in charge of the Judge's Office, for one month, on Medical Certificate, to proceed to the Presidency, preparatory to his applying to go to sea.

Lieutenant J. W. Fraser, Superintendent of the Cuttack Survey, from the 10th March till the 10th May next, on Medical Certificate.

Mr. H. J. Thornton, Assistant Surgeon of Pubna, for one month, on private affairs.

The unexpired portion of the leave of absence granted to Mr. R. M. Skinner, Officiating Magistrate of Mymunsing, has been cancelled from the 16th instant, the date on which he assumed charge of his appointment.

The unexpired portion of the leave of absence granted to Mr. J. Lamb, Assistant Surgeon of Malda, is cancelled from the 19th instant, the date on which he rejoined his Station.

28th February.

The Rev. John Bell, District Chaplain of Mhow, reported his return to the Bengal Presidency, from Singapore, on the 27th instant.

3d March.

The Rev. John Bell, Chaplain on the Bengal Establishment, is permitted to proceed to Europe on Furlough, to take effect from the date of sailing of the Ship "*Zenobia*."

7th March,

Mr. George Alexander assumed charge of the General Post Office on the 1st instant.

১৭ ফেব্রুআরি।

কমাউনের কমিসানর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনস্ট এ রামজি সাহেব চিকিৎসকের সার্টিফিকটক্রমে উত্তমাশা অন্তরীপে গমনার্থ কলিকাতা রাজধানীতে আসিয়া দরখাস্ত করিতে ১ ফেব্রুআরি তারিখঅবধি আগামি ১ মে পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১৯ ফেব্রুআরি।

পদাতিক সৈন্যের ৬৯ রেজিমেণ্টের এনশাইন শ্রীযুত এম ই সরউইল সাহেব গত মাসের ২০ তারিখে অযোধ্যাস্থ সহকারি সৈন্যের মধ্যে যে নিযুক্ত হন তাহা রহিত হইল যেহেতুক বোধ হইল ঐ নিয়োগ ১৮৩২ সালের ২৪ সেপ্টেম্বর তারিখের জেনরল আর্ডরে সাধারণ হুকুমের বিরুদ্ধে।

নীচে লিখিতব্য মহাশয়েরা বর্ত্তমান বৎসরের অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরিঅবধি ৩১ দিসেম্বর তারিখপর্য্যন্তের দর্পণের মূল্য ৮ টাকা দিয়াছেন।

শ্রীযুত জে মর্টন সাহেব।
শ্রীযুত রায় কালীনাথ চৌধুরী।
শ্রীযুত বাবু উমেশচন্দ্র পালচৌধুরী।
শ্রীযুত জে মর্টন সাহেব ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ১২ টাকা।

সমাচার দর্পণ

শনিবার ১০ মার্চ ১৮৩৮ সাল।

শালিকার মুনসেফ।

সর্ব্বসাধারণ লোককে তুষ্ট রাখা অসাধ্য। গত সোমবারের চন্দ্রিকাতে এক পত্র প্রকাশ হইয়াছে তাহাতে আমারদিগকে অবিবেচক ও পক্ষপাতী লিখিয়া অনেক অনুযোগ করিয়াছেন। সামান্যত বোধ হয় যে সকল ব্যক্তি ঐ মুনসেফের বিরুদ্ধাচারী তাঁহারদিগের কর্ত্তৃক ঐ পত্র লিখিত হইয়া থাকিবে। এই বিষয়োপলক্ষে আমরা যাহা পূর্ব্বে করিয়াছিলাম তাহা এই যে ঐ মুনসেফের প্রতি নানা অভিযোগসূচক এক পত্র প্রাপ্ত হইয়া তাহা দর্পণে প্রকাশ করি এবং তাহার উত্তরস্বরূপ চন্দ্রিকাতে মুনসেফের পক্ষ হইতে এক পত্র প্রকাশ হয় তাহাও আমরা অনুবাদ করিয়া দর্পণে প্রকাশ করিয়াছি। তৎপরে আমারদের নিকটে ঐ মুনসেফের দোষখ্যাপক অতিদীর্ঘ আর দুই পত্র প্রেরিত হয় কিন্তু তাহা আমরা প্রকাশ করিতে অস্বীকৃত হইলাম কারণ এই কেবল একস্থানীয় এক বিষয়ক প্রস্তাবে দর্পণ পূর্ণ করা উচিত নহে। যেহেতুক দেশের নানা স্থানহইতে প্রেরিতপত্রসমূহ দুই তিন সপ্তাহপর্য্যন্ত অপ্রকাশ্য রাখিয়া কেবল এক ব্যক্তি মুনসেফের বিরুদ্ধে দুই তিন অতিবৃহৎ পত্রদ্বারা দর্পণ পূর্ণ করিতে না পারিলে হয় না। আমরা প্রথমে মুনসেফের বিপক্ষপত্র প্রকাশ করি শেষে সপক্ষপত্র প্রকাশ করিয়া আপনারদের অপক্ষপাতিত্ব ব্যবহার করিলাম ইহাতেও চন্দ্রিকার পত্রপ্রেরক আমারদের প্রতি যে বিরক্ত হইয়াছেন সে নিতান্তই অকারণ কিন্তু তাঁহারা আমারদিগকে যাহা ইচ্ছা তাহাই বলুন দুঃখ নাই ফলতঃ আমরা আর তদ্বিষয়ক প্রস্তাব দর্পণে প্রকাশ করিতে পারি না।

শেষাগত ইউরোপীয় সম্বাদ।

ইঙ্গলণ্ড দেশহইতে স্থলপথে ১ জানুআরি তারিখের ডাকের পুলিন্দা বর্ত্তমান মাসের ৬ তারিখ মঙ্গলবারে কলিকাতায় পঁহুছে তদ্দ্বারা যে অতিগুরুতর সম্বাদ প্রাপ্ত হওয়া গেল তাহা এই। উত্তর আমেরিকার অন্তঃপাতি কানাডা প্রদেশ ইঙ্গলণ্ডীয় রাজ্যের অধীন ছিল তত্রস্থ

17th February.

Lieutenant A. Ramsay, Assistant to the Commissioner in Kamaon, has leave of absence from the 1st February to the 1st May next, to visit the Presidency, preparatory to applying to proceed to the Cape of Good Hope, on Medical Certificate.

19th February.

The appointment of Ensign M. E. Sherwill, of the 69th Regiment Native Infantry, under date the 20th ultimo, to serve with the Oude Auxiliary Force, is hereby cancelled, it appearing to be at variance with the General Order, under date the 24th September, 1832.

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun, for the current year*, from January 1st, to December 31st, 1838, EIGHT Rupees each.

J. Morton, Esq.
Roy Kaleenath Chowdry.
Baboo Oomeschunder Pal Chowdry.

J. Morton, Esq. to Dec. 1837, 12 Rs.

SUMACHAR DURPUN.

SATURDAY, MARCH 10TH. 1838.

The Sulkea Moonsiff.

It is impossible to please every body. A letter has this week been published in the *Chundrika*, which charges us with want of judgement and partiality. It would appear to have been written by those who are opposed to the present Moonsiff of Sulkea. The course which we adopted in this matter was this. We received a letter, charging that functionary with various malpractices, and we published it in the *Durpun*. A reply to this letter appeared soon after in the *Chundrika*, and we translated and published this also. Subsequently we received several other very long letters, reiterating the charges against that officer, but we refused to publish them; because we did not like to fill our paper with one subject, and that only of local interest. We cannot exclude letters from all other parts of the country, for a week or a fortnight, which we must do if we would publish all that is written against this single public officer. The writers of the letter in the *Chundrika* are very unjustly offended with us; because we have fully shewn our impartiality by giving publicity first to their statement against the Moonsiff, and then to his reply. But say what they may, we are determined not to occupy our paper again with the subject.

Latest European Intelligence.

The mails of the 1st of January reached Calcutta on Tuesday, the 6th of the present month.

The most important news received by this opportunity is, that the province of Canada, in North America, which belonged to England, is in a state of revolt. This Province has long been discontented with the mode in which

প্রধারা রাজবিদ্রোহী হইয়াছে। ঐ দুজারা বহুকালাবধি ইঙ্গলণ্ডীয় কর্ত্তৃকা রিদিগের কর্ত্তৃত্ব বিরুদ্ধ ছিল এবং আপনারদের ক্লেশ নিবারণার্থ বাদশাহের সমিপে মিকটে অনেকবার দরখাস্ত করিয়াছিল পরিশেষে পার্লিমেণ্টে আবেদন করে কিন্তু ঐ দরখাস্তে তাহারদের প্রার্থিত বিষয় সিদ্ধ না হওয়াতে তাহারা আরো বিদ্রোহাচারী হইল। গত নবেম্বর মাসে এইরূপ রাজবিদ্রোহি দুই ব্যক্তিকে ধৃতকরণার্থ আজ্ঞা হইয়াছিল কিন্তু তৎপ্রজার লোকেরা তাহারদিগকে রক্ষা করিল এবং তৎস্থানে রাজদ্রোহকর অন্য একেবারে দেশময় ব্যাপিল তাবৎ অধ্যক্ষ লোকেরা দলবদ্ধ হইল। তৎপ্রযুক্ত রাজকীয় সৈন্যেরা তাহারদিগকে ছিন্নভিন্ন করণার্থ প্রেরিত হওয়াতে দুইবার সাম্যরণ যুদ্ধ হয় একযুদ্ধে অবাধ্যেরদের ১৭০ লোক দ্বিতীয়বার যুদ্ধে ৬০ জন মারা পড়িল এই রাজবিদ্রোহের সম্বাদ শুনিয়া ইঙ্গলণ্ডীয় শ্রীশ্রীমতী রাণীর মন্ত্রিরা নিশ্চয় করিলেন যে শীঘ্র ঐ স্থানে সৈন্য বৃদ্ধি করা যাউক। এই সম্বাদ অতিশুদ্ধ হেতুক শীঘ্র যুদ্ধের শেষ হইবে না এবং তাহাতে অনেক রক্তপাত ও অর্থ ব্যয় হইবে। যদ্যপি ঐ প্রদেশ পরাজিত হয় তথাপি তাহারদিগকে প্রকৃতরূপে বাধ্য রাখণার্থ বহুতর সৈন্যের আবশ্যকতা হইবে যদ্যপি যুদ্ধের শেষ ফল ইহা হয় তবে এমত হওনেরও অসম্ভাবনা নহে যে ঐ প্রদেশের লাগাও আমেরিকা দেশের তুল্য তাহারা স্বাধীন হইয়া উঠিবেক।

পার্লিমেণ্টের বৈঠক ফেব্রুআরি মাসের ১ তারিখে নির্দ্ধার্য্য হইয়াছিল কিন্তু রাজমন্ত্রিরা কানাডা প্রদেশহইতে এই সম্বাদ পাইয়া নিশ্চয় করিলেন যে ১৬ জানুআরি তারিখে বৈঠক করা যাইবে।

সেমিরামিসনামক অর্ণব এক বাষ্পীয় জাহাজ ইঙ্গলণ্ডহইতে ২১ দিসম্বর তারিখে এতদ্দেশে প্রেরিত হয়। তাহাতে প্রথম আজ্ঞা হয় ঐ জাহাজ বোম্বাইতে পঠান যাইবে শেষে শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এই স্থির করিলেন যে ঐ জাহাজ অগ্রেগামি বঙ্গদেশে প্রেরণ করা যাউক কারণ এই যে শ্রীলশ্রীযুত এমত জ্ঞাত হইতে ইচ্ছা করেন যে বৎসরের অতিপ্রতিকূলসময়ে বাষ্পীয় জাহাজ কলিকাতাহইতে সুয়েজে যাইতে পারে কি না।

ইঙ্গলণ্ডীয় শ্রীমতী রাণীর পরিবার ও সংসারের নিমিত্ত পার্লিমেণ্ট বার্ষিক ব্যয় নির্দ্ধার্য্য করিয়া দিয়াছেন। এবং শ্রীমতী মতীর মাতার বার্ষিক যে মুশাহেরা ২ লক্ষ ২২ হাজার টাকা ছিল এইক্ষণে তাহা বাড়াইয়া ৩ লক্ষ টাকাপর্য্যন্ত স্থির করিয়া দিয়াছেন।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ও শ্রীমতী মিস ইডেনপ্রভৃতি গত মাসের ১৬ তারিখে দিল্লীতে উত্তীর্ণ হন এবং তত্রস্থ তাবৎ পল্টন ও শ্রীযুত মেটকাফ সাহেব তাঁহারদিগকে গুহণার্থ বাহিরে অগ্রসর হইলেন এই মহানুভবেরা একএক দিবসাবধি দিল্লীনগরে অবস্থানকরত মুখ্য বস্তুসকল তন্মধ্যে রাজবাটীও দেখিলেন বাদশাহের দরবারে শ্রীলশ্রীযুক্ত কোন্‌পথ কারে গৃহীত হইবেন এই বিষয়ে আপত্তি হওয়াতে বাদশাহের সঙ্গে সাক্ষাৎ করা হইল না। ফলতঃ পূর্ব্বে যে বড় সাহেবেরা দিল্লী বা তন্নিকটে গমন করিয়াছিলেন তন্মধ্যে বোধ হয় এই আপত্তিতে প্রায় কেহই তৈমুরবংশ্য বাদশাহের সঙ্গে সাক্ষাৎ করেন নাই। শ্রীলশ্রীযুক্ত দিল্লী নগর অবস্থানসময়ে এক দরবার করিয়া তত্রস্থ তাবৎ ইউরোপীয় সাহেবেরদের সঙ্গে অপর এক দরবারে এতদ্দেশীয় শিষ্ট বিশিষ্ট সম্ভ্রান্ত মহাশয়েরদের সহিত সাক্ষাৎ করিলেন। অপর শ্রীলশ্রীযুক্ত ও সাহেবেরা রাত্রে সীমলাতে প্রস্থানের কল্প ছিল।

বলিহইতে বালক রক্ষা।

গুমশুদহইতে শ্রীযুত কাপ্তান কাম্পল সাহেব এক পত্র প্রেরণ করেন তন্দ্বারা অবগত হওয়া গেল যে কোন বলপ্রদর্শন না করিয়া ঐ শ্রীযুত সাহেব অনায়াসে খোন্দজাতীয়েরদের হইতে ১০৩ বালক রক্ষা করিয়াছেন। ঐ অভাগ্য বালকের দিগকে তাহারা বলিদানার্থ রাখিয়াছিল এবং ঐ সাহেব যদি তাহারদের উদ্ধার না করিতেন তবে অতিনির্দ্দয়তারূপে তাহারা অবশ্যই হত হইত সন্দেহ নাই। খোন্দজাতীয়েরদের মধ্যহইতে নরবলির নিষ্ঠুর ব্যবহার একেবারে সমূলোৎপাটন করিতে গবর্ণমেণ্ট নিতান্ত উদ্যোগী আছেন এবং আমারদের ভরসা হয় যে নিরন্তর চেষ্টা করিলে তাঁহারদের উদ্যোগ সুফল হইবে।

চিৎপুরের রাস্তায় জলসেচনার্থ চাঁদা।

চিৎপুরনিবাসি লোকেরদের মধ্যে রাস্তায় জলসেচনার্থ এক চাঁদা হইয়াছিল কথিত আছে যে গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়াছেন যে স্বাক্ষরকারি মহাশয়রা একসভা করিয়া এমত নির্দ্ধার্য্য করেন যে ঐ চাঁদার টাকা কি নিয়মে ব্যয় করিবেন। আমরা ভরসা করি চাঁদপালের ঘাটে যেরূপ বাষ্পীয় কল আছে তদ্রূপ কল চিৎপুরে বসান যায় তাহা হইলে রাস্তায় জলসেচনার্থ শহরের ঐ পল্লিতে প্রচুর জল হইবে।

অনাহারে মুমূর্ষু ব্যক্তিরদের দুঃখপ্রতীকারার্থ চাঁদা।

পশ্চিমদেশস্থ অনাহারি ব্যক্তিরদের ক্লেশোপশমার্থ যে চাঁদা হইয়াছিল এক্ষণ পর্য্যন্তও তাহাতে স্বাক্ষরাদি হইতেছে। গত সপ্তাহের দর্পণ মুদ্রিতহওনের পর শুনা গেল যে কলিকাতাস্থ কএক জন রাশি জকারি ইউরোপীয় সাহেবেরা হাজার২ করিয়া টাকা ঐ চাঁদায় দান করিয়াছেন এবং কলিকাতাস্থ অনেক আপীসের এতদ্দেশীয় কেরাণিপ্রভৃতি কর্ম্মকারকেরা আপনারদের মধ্যে ঐ মহাকার্য্যের নিমিত্ত একটী চাঁদা করিয়া কিঞ্চিৎ২ দান করিয়াছেন এবং কথিত আছে সম্প্রতি পশ্চিম দেশে ঐ ক্লেশ দূরকরণার্থ ২৫ হাজার টাকা প্রেরিত হইয়াছে। অপর আগ্রাহইতে এক জন পত্রপ্রেরক লেখেন এইক্ষণে পশ্চিমাঞ্চলে এক ব্যক্তি দরিদ্র ১ টাকাতে এক মাসপর্য্যন্ত জীবন ধারণ করিয়া থাকিতে পারে। আমারদের ভরসা আছে যে এতদ্দেশীয় মহাশয়রা এই সাধুকার্য্য সম্পাদনবিষয়ে অনিচ্ছুক হইবেন না যেহেতুক শাস্ত্রানুসারে ক্ষুধার্ত্ত ব্যক্তিকে অন্নদানের তুল্য কোন মহাদান নাই। তদ্বিষয়ে ধনাঢ্য মহাশয়েরদের অবিলম্বেই মনোযোগ করিলে ভাল হয় কারণ প্রতিদিন দেশীয় শত২ লোকেরা অনাহারে মারা যাইতেছে।

সঞ্চয়ার্থ বেঙ্ক।

কলিকাতাস্থ সঞ্চয়ার্থ বেঙ্ক চারি বৎসর তিন মাস হইল স্থাপিত হইয়াছে। উক্ত বেঙ্কের ব্যাপারের দ্বারা এমত কৃতকার্য্য তা হইয়াছে যে তদ্রূপ পূর্ব্বে কোন ব্যক্তিরই অনুমান ছিল না। ঐ বেঙ্কে সওয়া চারি বৎসরের মধ্যে ২৩ লক্ষ ৫০ হাজার টাকা ন্যস্ত হয় এবং তাহাহইতে ৮ লক্ষ ৫০ হাজার টাকা বাহির করা যায় এইক্ষণে সর্ব্বসুদ্ধ অন্যূন ১৫ লক্ষ টাকা ন্যস্ত আছে।

সম্বাদ পত্র চালান।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীহইতে এতদ্দেশীয় যত সম্বাদ পত্র গত বৎসরের জানুআরি মাসের ১ তারিখে এবং বর্ত্তমান বৎসরের ফেব্রুআরি মাসের ১ তারিখে ডাকেরদ্বারা প্রেরণ হইয়াছে তাহার সংখ্যা আমরা কেণ্ডঅকই বিভাগহইতে গ্রহণ করিলাম। ঐ সংখ্যাদ্বারা স্পষ্ট হইবে যে তাকের দ্বারা প্রেরিত কোন সম্বাদ পত্রের সংখ্যা বৃদ্ধি বা ন্যূন হইয়াছে। কিন্তু প্রত্যেক মুদ্রাকরের নিজনগরের মধ্যে কত সম্বাদ পত্র প্রেরণ করা যায় তাহার সংখ্যা নির্দ্দিষ্ট করণের কোন উপায় দৃষ্ট হয় না।

	জানুআরি ১৮৩৭।	ফেব্রুআরি ১৮৩৮।
সমাচার দর্পণ বাঙ্গলা ইঙ্গরেজি	১৩২	১৩৬
বাঙ্গাল দর্পণ মারহাট্টী ও ইঙ্গ		
রেজি	৪৩	৫৪
দী আখবর পারস্য	২৫	৩০
দিআনা আখবর ঐ	২৭	২৮
লতান আখবর ঐ	৩০	২৭
ম জেহান নামা ঐ	২০	২৬
বাষ্টী চাবুক ঐ	১২	২৫
হাল্লম আফ্রোজ ঐ	১৫	২৪
নাষেধন বাঙ্গলা ইঙ্গরেজি ...	৭	২১
নপাটাম বৃত্তান্ত তৈলঙ্গ		
দার	২	১৯
বাষ্টী সমাচারু	১৩	১৫
ক্রিকা বাঙ্গলা	১২	১২
বাদ পূর্ণচন্দ্রোদয়	০	৮
দানবিলাষী তামল ভাষায়	০	৭
মি জামসীদ পারস্য	৫	০

ইউনিয়ন বেঙ্ক।

ইউনিয়ন বেঙ্কের অধ্যক্ষেরা সম্প্রতি এই নির্দ্ধার্য্য করিয়াছেন যে ঐ বেঙ্কে নি তিন মাসের মিয়াদে যে টাকা ন্যস্ত করা যায় তাহার শতকরা ৪ টাকা সুদ দিয়া ৫ টাকা করিয়া দিবেন।

রামপুরের শ্রীলশ্রীযুত গবরনর সাহেব।

দেন্মার্কের শ্রীলশ্রীযুত বাদশাহের নিয়মানুসারে শ্রীলশ্রীযুত কর্ণল রেলিং সাহেব তলঙ্গবাড়ের গবরনরী পদে নিযুক্ত হই শ্রীরামপুরহইতে যাত্রা করিয়াছেন ও তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত হেন্সন সাহেব রামপুরের গবরনরী পদে নিযুক্ত হই ছেন ঐ শ্রীযুত হেন্সন সাহেব পূর্ব্বে তৈ বাড়ের দ্বিতীয় কৌন্সলী ছিলেন এ গত বৎসরের আরম্ভে তিনি স্বদেশে মন করিয়াছিলেন। সম্প্রতি স্থলপথে তলব্ধ দেশহইতে যে ডাক পঁহুছিয়াছে দ্বারা অবগত হওয়া গেল যে শ্রীযুত হেন্সন সাহেব দিসেম্বর মাসে মালকম নামক জাহাজারোহণে বিলাতহইতে যা করিয়াছেন এবং বোধ হয় আগামি সে বা ঊর্দ্ধ সীমায় মে মাসে শ্রীরামপু র সমুত্তীর্ণ হইবেন।

লৌহময় বাষ্পীয় জাহাজ।

সিন্ধুদেশীয় আমীরেরা সিন্ধু নদীতে তায়াতকরণার্থ লৌহময় এক বাষ্পীয় জাহাজের আজ্ঞা দিয়াছিলেন তাহাতে যুক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবের র আজ্ঞাতে তাহা প্রস্তুত হয়া এইক্ষ ণে বোম্বাইতে প্রেরিত হইয়াছে কিন্তু আ মীরেরদের এমত বোধ ছিল যে ঐ জাহা জের খরচ ২০ হাজার টাকার অধিক লাগিবেক না। পরন্তু তাহা প্রস্তুত করি তে ৮০ হাজার টাকা খরচ হইয়াছে এই নিমিত্ত তাঁহারা ঐ জাহাজ গুহণ করি বেন কি না সন্দেহ আছে।

চীন দেশ।

চীন দেশহইতে জানুআরি মাসের শে ষপর্য্যন্তের সম্বাদ আগত হইয়াছে। এ

Circulation of Newspapers.

We copy from the *Friend of India*, the following account of the circulation by dawk, of all the Native newspapers which were published at Calcutta, Madras and Bombay, on the 1st of January last year, and on the 1st of February this year. It will serve to shew which paper has increased and which has diminished its circulation through the Post Office. Of the town circulation of these papers, we have not the means of giving any list.

	Jan 1837, daily issues.	Feb 1838, daily issues.
Sumachar Durpun, *(Bengalee and English.)*	132	136
Bombay Durpun, *(Mahratta and English.)*	43	54
Delhi Ukhbar, *(Persian.)* ...	25	30
Loodhiana Ukhbar, *(ditto.)* ...	27	28
Sultan Ukhbar, *(ditto.)*	30	27
Jan Jehan Nama, *(ditto.)* ...	20	26
Bombay Chabook, *(ditto.)* ...	12	25
Mahallem Afroze, *(ditto.)* ...	15	24
Gyananneshun, *(Bengalee and English.)*	7	21
Chinapatam Vertanta, *(Telogoo.)*	2	19
Bombay Sumachar, ...	13	15
Chundrika, *(Bengalee.)*	12	12
Sumbad Poorno Chundrodoy, ...	0	8
Dasanbemany, *(Tamil.)*	0	7
Jami Jamseed, *(Persian.)* ...	5	0

Union Bank.

The Union Bank has just determined to increase the interest which itallows upon money deposited for three months certain, from four to five per cent.

Governor of Serampore.

The King of Denmark has been pleased to appoint Mr. Hanson, Governor of Serampore, in the room of the Hon. Col. Rehling, who has just taken his departure for Tranquebar, of which place he has been appointed Governor. Mr. Hanson was formerly second in Council at Tranquebar, and went home at the beginning of last year. We perceive by the overland mails just received, that he took his departure in the month of December, in the *Malcolm*, and may, therefore, be expected to arrive here next month, or at the farthest in May.

Iron Steamer.

The Ameers of Sinde were desirous of having an Iron Steam Vessel to navigate the Indus, and the Court of Directors ordered one to be built, which has just arrived at Bombay. But the Ameers were led to suppose that the cost would be only 20,000 Rs., whereas this vessel has cost Rs. 80,000; and it is therefore questionable, whether they will now accept of it.

China.

Intelligence from China to the end of January has been received. It is just as disastrous as ever. In consequence of the vigilance of the Mandarins in preventing the landing of Opium, there had been but very few deliveries. The price of Opium had also fallen; and when the new drug of this year, which has been sold in Calcutta at so low a price, reached China, it was expected that prices would fall still lower.

Oude.

It is said that the King of Oude, in consequence of his increasing years and infirmities, has determined to abdicate the throne in favour of his son.

Refractory Chieftain.

In the vicinity of Mount Aboo, in Malwa, which is one of the most celebrated Teerthus of the Hindoos, a mountain chieftain has just refused to pay his revenue, and has declared himself independant. Three Regiments have been sent to reduce him to reason, and it is hoped that they will speedily succeed.

Allahabad.

In consequence of the continued drought, the river below Allahabad is lower than it has been for many years. It is said that till the river is again swelled by rain, none of the Steamers will be able to approach, within more than seven miles of Allahabad.

কানীর বৃত্তান্ত পূর্ব্ববৎ অন্তর্হিত আছে। আহাজহইতে আফীম নামারদের নিবারণবিষয়ে চীনীয় কর্ম্মকারকেরদের অতি সতর্কতাপ্রযুক্ত অন্যান্য আফীম যাদিল হইয়াছে তাহার মূল্যও অতিন্যূন হইয়াছে এবং বর্ত্তমান বৎসরীয় নূতন আফীম কলিকাতায় যে অল্প মূল্যে বিক্রয় হইল বোধ হয় ঐ আফীম চীন দেশে পঁহুছিলে আরো ন্যূনমূল্য হইবে।

অয়োধ্যা।

কথিত আছে যে অযোধ্যার রাজা বার্দ্ধক্য ও দৌর্ব্বল্যপ্রযুক্ত স্বীয় সিংহাসনে যুবরাজকে উপবেশনার্থ মানস করিয়াছেন।

রাজবিদ্রোহী সরদার।

মালবাদেশস্থ আবু পর্ব্বতে হিন্দুর এক প্রসিদ্ধ তীর্থ আছে তন্নিকটবর্ত্তি পর্ব্বতীয় এক জন সরদার এইক্ষণে কর দিতে অস্বীকৃত হইয়া আপনাকে স্বাধীন বলিয়া প্রকাশ করিয়াছে। তাহার দমনার্থ তিন পল্টন সৈন্য প্রেরিত হইয়াছে এবং ভরসা আছে যে তাঁহারা কৃতকার্য্যও হইতে পারে।

আলাহাবাদ।

অনাবৃষ্টিপ্রযুক্ত আলাহাবাদের তাটা নে গঙ্গাতে এমত অল্প জল আছে যে অনেক বৎসর তদ্রূপ দৃষ্ট হয় নাই এবং কথিত আছে যে এই বৎসরে বর্ষাতে গঙ্গা পূর্ণা না হইলে কোন বাষ্পীয় জাহাজ আলাহাবাদে পঁহুছিতে না পারিয়া তাটাসে সাড়ে তিন তিন ক্রোশপর্য্যন্ত গিয়া স্থগিত হইবেক।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

Spirit of the Native Papers.

আমরা শ্রীলশ্রীযুক্ত গবর্ণমেণ্টের বিজ্ঞাপন সন্দর্শনে পরমাহ্লাদিত হইলাম যে কটক অঞ্চলে হিন্দুকালেজের অনেক গুলি বিজয়ুবারা ডেপুটি কালেকটরী পদে নিযুক্ত হইয়াছেন আমরা বোধ করি যে সদর বোর্ড রিবিনিউ দ্বারা ইহাঁরা নির্দ্দিষ্ট হইয়াছেন অতএব সদর বোর্ড রিবিনিউর অধ্যক্ষ গণের উপর বিবেচনা হেতু ঐ বিজ্ঞ অধ্যক্ষবর্গ সমীপে কৃতজ্ঞতা স্বীকার করি যেহেতুক ইহা এতদ্দেশীয়দিগের ইঙ্গরেজী বিদ্যা স্থাপনার্থে অতিশয় প্রবৃত্তির কারণ হইল এবং সাধারণ জনগণের অন্তঃকরণে এই স্থির আছে যে অকর্ম্মণ্য অজ্ঞরা কেবল সহায়বল সহকারে রাজকীয় কার্য্যে নিযুক্ত হয় কিন্তু এইক্ষণে আমরা ভরসা করি যে সদর বোর্ড রেবিনিউর অধ্যক্ষগণের এই উত্তম বিজ্ঞতাও বিবেচকতা ও নিয়ম হেতু সাধারণের যে কুসংস্কার মূলক তাহা আর হইবে না এবং অধ্যক্ষবর্গও এই অপরাধ হইতে মুক্ত হইলেন আর এই নিযুক্ত গণের প্রতি নিয়োগেই আমরা অতিশয় আহ্লাদিত হই কেননা আমরা জ্ঞাত হইলাম যে রাজকার্য্যে জ্ঞানি ও সাধু ব্যক্তিই আহূতানিত হইবেন আর এতদ্দেশীয়দিগের পারদর্শিত্বের পরীক্ষা হইবে।

এই নব গ্রহণ শ্রেণীতে নিয়োগ সম্পাদনে আমারদিগের পরমাহ্লাদ জন্মাইল এবং চির স্মরণার্থ ও চুইল কিন্তু আমরা সদর দেওয়ানী আদালতের অধ্যক্ষগণের সহিত বিবাদ করণে প্রবৃত্ত হইয়ে বিচার স্থানে প্রধানং কর্ম্মকারকের নিয়োগে তাঁহারদিগের বিবেচনা করিবার ভার গুহণ করা অত্যাবশ্যক ও উচিত হয় এই নিয়ম দ্বারা যে জ্ঞানী ও সদ্বংশজাত কৈ কার্য্যে নির্দ্দিষ্ট করিবেন ইহাতে আমরা সন্দেহ করি না এবং ইহাতে অতি দুষ্ট ও বিচারের প্রতিবন্ধক অনিষ্টকর যে উৎকোচ ও অন্যান্য ব্যবহার তাহাও রহিত হইবে।—জ্ঞা নান্বেষণ।

ডাকাইতী।

পঞ্চদশ দিন গত হইল বারাকপুরের পূর্ব্বাংশ কাঁটালে গণেশ পুরের ধনি এক কলুর বাটীতে ডাকাইতি হইয়াছে তাহাতে ঐ কলুর

We are very happy to observe from a Government Notification, that several young men, educated at the Hindoo College, have been appointed Deputy Collectors in the Cuttack Division. We understand that these candidates were nominated by the Sudder Board of Revenue, to whom we take this opportunity of expressing our grateful acknowledgements for the judicious selections, as it will be a great stimulus to the rising generation to cultivate the English language with attention. It is a prevailing opinion among them, that even in this metropolis, a person how ill fitted soever he may be to fill a Government situation, would easily pass off the strictest ordeal, were he backed by a patron. Such an opinion, we hope, will not be entertained regarding the measures of the Board, as the recent recognition of merit will fully exonerate them from the imputation. We rejoice in several of these recent appointments, because we are convinced that talent and integrity will now be called to work, and native fitness will be tested.

While we have thus the pleasure of recording our satisfaction for the appointments in the Revenue line, we cannot refrain but urge on the Judges of the Sudder Dewanny Adawlut, the importance of taking into their hands the privilege of nominating higher uncovenanted officers in the Judicial line. Such a measure we doubt not will bring in more talented and better principled men under them, and thereby check bribery and corruption which so often impair the course of justice.—*Gyananneshun.*

Dacoities.

We understand that about a fortnight ago, a Dacoity has been committed on the house of a rich oilman, in Kaltalla,

নগদেও দ্রব্যাদিতে ২০০০ টাকা নিয়াগিয়াছে আমারদিগের সম্বাদ প্রেরক বলেন যে সেই বাটীতে স্থিতি করেন এমত এক মনুষ্য ঐ দস্যুপ্রতি প্রতিবন্ধক হইয়াছিলেন তন্নিমিত্ত ঐ দস্যুরা তাহাকে শমন ভবনে প্রেরণ করাইয়াছেন।

বর্ত্তমান বর্ষে শস্যের ন্যূনতা হেতু নগর বাসিগণের ভয় ছিল যে অতিশয় দস্যুর প্রাবল্য হইবে এক্ষণে তাহাই ঘটিল অতএব শাসনকর্ত্তাদিগের কর্ণগোচরার্থে আমারদিগের প্রকাশ করণের আবশ্যকতা এবং বোধ করি যে কর্ণগোচর হইলে মাজিষ্ট্রেটেরা এতন্নিবারণার্থ ঐ বিষয়ে মনোযোগ পূর্ব্বক চেষ্টা করিবেন।

উপরিস্থ লিখিত শেষ হইলে আমরা শুনিলাম যে গত শনিবারে নিমিত্তের এক ব্রাহ্মণের বাটীতে ডাকাইতি পড়িয়া এক জন ভৃত্য আর এক জন প্রধান পরিবারকে আঘাত করিয়াছে ঐ স্থানের জমিদার শ্রীযুত রাজকিশোর চৌধুরিকে মাজিষ্ট্রেট সাহেব ঐ চোর গ্রেপ্তার করণার্থ এক পরওয়ানা দিয়াছেন আমরা শ্রুত আছি যে মফঃসলে এই রীতি আছে যে চোর গ্রেপ্তার করণার্থ জমীদারের উপর পরওয়ানা হয় যদি চোর ধরিতে না পারেন তবে তিনি দণ্ডার্হ্য হয়েন।—জ্ঞানান্বেষণ।

চাকরী। তিন সপ্তাহ কিম্বা এক মাস গত হইল এতদ্দেশীয় এব ব্যক্তি মাষ্টর আলফ্রেড বেট সাহেবের নিকটে দালালরূপে যাইয়া এক আশ্চর্য্য চাতুরী ঘটাইয়াছে আমরা শুনিয়াছি যে ঐ প্রতারক অত্যল্প দিন এস্থানে আসিয়াছে এবং কলিকাতার রেশমের কর্ম্ম করে ইহার চতুরতার বিস্তার পশ্চাৎ বিস্মৃত হইবে মিসর্ষ এডাম ইস্কাট এবং কোম্পানির রেশমের প্রয়োজন ছিল তন্নিমিত্ত ঐ প্রতারক দালাল বেট সাহেবের বাটী হইতে ১৩০০ টাকার রেশম উক্ত সাহেবের বাটী লইয়া যাইল এবং মাষ্টর বেট সাহেবের এক জন শরকার দালালের সঙ্গে যাইয়া দেখিল যে উক্ত সাহেবের মুচ্ছদ্দির স্থানে ঐ সকল রেশম জমা করিয়া দিল পর দিন ঐ প্রতারক ঐ মুচ্ছদ্দির নিকট গমন করিয়া কহিল যে মাষ্টর বেট সাহেব তাহার রেশম ফিরাইয়া নীতে চাহিয়াছেন অনন্তর ঐ প্রতারক ঐ মুচ্ছদ্দির স্থানে রেশম লইয়া কোন স্থানে প্রস্থান করিল এপর্য্যন্ত তাহার উদ্দেশ হয় নাই যাহা হউক সম্প্রতি ঐ প্রতারক ধৃত হইয়াছে।

জমিদারি এসনিয়াসন্ নামক। গত রবিবার ৪ ঘন্টা সময়ে কলিকাতাস্থ ও এতন্নিকটস্থ জমীদারদিগের হিন্দু কালেজে এক সভা হইয়াছিল তাহাতে শ্রীযুত রাজা কালীকৃষ্ণ ও রাধাকান্ত ও রাজনরায়ণ রায় বাহাদুর শ্রীযুত বাবু রমানাথ ঠাকুর ও প্রসন্নকুমার ঠাকুর ও কালীনাথ রায় এবং অন্যান্য ওমরা মনুষ্য তৎকালীন ছিলেন ঐ সভায় বাঙ্গালা ভাসায় বক্তৃতা হইয়াছিল এবং শ্রীযুক্ত রাজা রাধাকান্ত বাহাদুর সভাপতি হইয়াছিলেন তাহাতে এক অভিপ্রায় হইল যে টৌনহালে আর এক সভা হইবে দূত হইতে শ্রবণ করা গেল যে ঐ সভা এই বর্ত্তমান মাসে হইবে এই সভায় নানা মানসীয় উদ্বেগ বিষয়ে বক্তৃতা হইয়াছিল এবং

Gunneshpore, a little east of Barrackpore, and property in cash and ornaments to the amount of 2000 Rs. had been carried off. Our informant says that one of the inmates of the house in resisting those ruffians, fell a sacrifice to their cruelty.

It is meet that we should state for the information of the authorities, that in consequence of the failure of crops this year, a great fear is entertained by the villagers of dacoitees taking place, and several have actually occurred. We trust that the Magistrates will take precautionary measures and try to prevent the disaster.

Since writing the above, we hear that on Saturday last, another dacoity has taken place in *Nimtea*, in the house of a Brahmun, where a servant has been killed and a principal member of the family severely injured. The Magistrates has served Baboo Rajkissen Chowdry, the Zemindar of the village, with a purwannah to apprehend the thieves. We hear that it is customary in the Moffussil to issue orders on the Zemindars to capture thieves, and in case of their failure, they are liable to punishment.—*Ibid.*

Swindling.

About three weeks or a month since, a case of swindling was practised by a native, who represented himself as a dullal, upon Mr. Alfred Betts, who, if we are rightly informed, has not been long in the country, and is carrying on the silk business in Calcutta. The circumstances of the case were briefly these:—

The *soi disant* dullal took from Mr. Betts, about 1300 rupees worth of silk piece goods, to the house of Messrs. Adam, Scott and Co, they being about to make a purchase of the same. A sircar in the employ of Mr. Betts went with the dullal and saw the goods delivered in charge of the banian to the house. The next day he went to the banian, and under the pretence that Mr. Betts had wanted them back, carried them away from him and was not to be heard for some days. This swindler, however, we understand, has at last been captured.—*Ibid.*

Zemindaree Association.

At four o'clock, on Sunday afternoon last, a second meeting of the Zemindars, resident at and about Calcutta, was held at the Hindoo College, at which Rajahs Kalikissen, Radhakant and Rajnarain, and Baboo Ramanauth Tagore, Prosonno Coomar Tagore, Kalinauth Roy, and many other respectable native gentlemen were present. The proceedings were conducted in Bengalee. Rajah Radhakant presided in the chair. A resolution was passed for calling a public meeting at the Town Hall, which our informant states, will take place in the course of the current month. Much enthusiasm was displayed by all present, and the formation of a society, under the above name, is now

এই সভা উপরিস্থ নামে সংস্থাপন হইবে ইহাতে সন্দেহ নাই যদ্যপি বলিবার আবশ্যকতা নাই তথাপি বলি এই সভার দ্বারা ভূমি সকল আপত্তি ও অবিচার হইতে মুক্ত হইবেক।—জ্ঞানান্বেষণ।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

মফঃসলের বিচার স্থানে যে গোপন ভাবে আশ্চর্য্যরূপ চাতুর্য্য চলে তাহার এক দৃষ্টান্ত ১৬ ফাল্গুণ সোমবারে বর্দ্ধমানের আদালতে প্রকাশ হইয়াছে ১৫ বৎসর গত হইল এই প্রতারণাক্রমিক চলিয়া আসিতেছে ইহার মধ্যে কোন জজ সাহেব সন্ধান করেন নাই।

উক্ত তারিখে শ্রীযুত বার্লো সাহেব বিচার গৃহে প্রবেশ করিয়া সর্ব্বাগ্রে খাজাঞ্চির কার্য্য সন্ধান করিলেন তাহাতে কাগজাদি বিবেচনাতে দেখেন ঐ কয়েক বৎসরেতে ৭। ৮ জন খাজাঞ্চি কেহ ৫ কেহ ১০ হাজার টাকা ভাঙ্গিয়া পদ চ্যুত হইয়াছেন কিন্তু এক ব্যক্তির স্থানেও গবর্ণমেন্টের টাকা আদায় হয় নাই। পরে বিচক্ষণ জজ সাহেব আমলারদিগকে জিজ্ঞাসা করিবাতে আমলারা কহিলেন যখন যে খাজাঞ্চি দোষী হইয়াছে জজ সাহেবেরা তখন তাহাকে কয়েদ করিয়াছেন এবং মালামাল ক্রোক করিয়া টাকা আদায়ের হুকুম দিয়াছেন কিন্তু টাকা আদায় হইল কি না পরে সন্ধান করেন নাই।

শ্রীযুত বার্লো সাহেব এই কথা শ্রবণে শ্রবণে হস্তার্পণ পূর্ব্বক বিবেচনা করিলেন আমলারদিগের চাতুর্য্যেতে একার্য্য গোপন ছিল অতএব সকল আমলাকেই ভালরূপে বিবেচনা করিবেন। সম্পাদক মহাশয় এস্থলে আপনি কি বোধ করেন ইহাতে বলা যাইতে পারে বর্দ্ধমানের বিচার চন্দ্রকে উৎকোচ রাহু বহুকালাবধি গ্রাস করিয়া রাখিয়াছে। আমলারা উৎকোচের আঘ্রাণেব্যাঘ্রের ন্যায় ব্যবহার করেন তাহাতে রাজা প্রজার সর্ব্বনাশ হইলেও অধর্ম্ম জ্ঞান করেন না। আমার বোধ হয় জজ কালেকটর সাহেবেরা যদি পরিশ্রম পূর্ব্বক সূক্ষ্মরূপে দপ্তরখানার কাগজাদি বিবেচনা করেন তবে অবশ্য দেখিতে পাইবেন আমলারা অনেক বিষয় উৎকোচ প্রবাহে প্রক্ষেপ করিয়া রাখিয়াছেন।

বর্দ্ধমানের রাজার সহিত বন্দোবস্তকালীন গবর্ণমেন্ট মহারাণী বিষ্ণুকুমারীর বার্ষিক মুশাহেরা বলিয়া যে ৪৮ হাজার টাকা ছাড়িয়া দিয়াছিলেন ঐ মহারাণীর মরণের পর ন্যূনাধিক ৪০ বৎসর পর্য্যন্ত আমলারা ঘুস নিয়া তাহা প্রকাশ করেন নাই। এতকাল পরে তাহা প্রকাশ হইয়াছে এবং যদিও গবর্ণমেন্ট রাণীয়ান বলিয়া অনুগ্রহপূর্ব্বক ঐ টাকা শ্রীমতী মহারাণী কমলকুমারীকে ও শ্রীমতী মহারাণী বসন্তকুমারীকে ছাড়িয়া দিয়াছেন তথাচ আমলারা যে গোপন রাখিয়াছিলেন তাহাতে সন্দেহ নাই। এতদ্ভিন্ন আরো ৪০ হাজার টাকা বন্দোবস্ত কালে গবর্ণমেন্ট রাজাকে ছাড়িয়া দেন তাহার কারণ এই যে তৎকালে পোলীসের কার্য্য রাজার অধীন ছিল তাহার পরে বর্দ্ধমানে গবর্ণমেন্টের পোলীস কতকাল বসিয়াছে তাহা আপনি জানেন। কিন্তু ঐ ৪০ হাজার টাকার কথা আমলারা উৎকোচের সঙ্গে জড়িয়া পেটের ভিতর রাখিয়া ছিলেন সম্প্রতি মহা ভয় বিকারে বমি করিয়া ফেলিয়াছেন এবং কালেকটর সাহেবের বিচারে তাহার বিবেচনা হইতেছে।

সম্পাদক মহাশয় বর্দ্ধমান জিলা গবর্ণমেন্টের কামধেনু স্বরূপ চেষ্টা করিলে অনেক পাইবেন খেদের বিষয় এই যে আমলারা আদালৎ ফৌজদারী কালেকটরী সকল স্থান কে

beyond a doubt. Its object, it would appear, perhaps superfluous to say would be to protect the lands and interests from oppression and injustice throughout.—*Ibid.*

Correspondence.

To the Editor of the Durpun.

The mode in which fraud is secretly carried on in the Courts in the Mofussil, was brought to light by the discovery which was made in the Burdwan Court, on the 15th Falgoon. This fraud has been perpetuated for fifteen years, and yet no Judge has been able to detect it.

On the day above named, Mr. Barlow on entering the Court, first inquired into the affairs of the Khajunchy; and on searching the papers, he found that during this period, seven or eight Native treasurers had escaped some with five, some with ten thousand Rupees; but that no money had been recovered from any one of them. On inquiring of the Amlahs, they informed him that the treasurers had been placed in confinement whenever they had been detected in malpractise; that the European gentleman had seized their property and directed the money to be recovered from them; but that no inquiry had been made whether the money was ever recovered or not.

Mr. Barlow, on hearing this, placed his hand to his forehead, and determined in his mind, that these matters had been kept secret by the contrivance of the Amlahs; and that it was necessary to examine into their conduct. Mr. Editor, what would you judge upon such an occasion? Surely it may be said, that the moon of the Burdwan Courts has long been seized by Rahoo. The smell of bribes inspires the Amlahs with the disposition of tygers; and though corruption may lead to the ruin, both of Government and its subjects they do not consider it an act of unrighteousness. I believe that if the Judge and Collector would take the pains to examine minutely into the papers of the Courts, they would certainly discover that the Amlahs have concealed many things, in consequence of the bribes they have received. When a settlement was made with the Raja of Burdwan, Government gave him an abatement of 48,000 Rupees, on account of the annual pension to Muha Ranee Vishnoo Koomaree. After her death, the Amlahs being well bribed, concealed that circumstance for more than forty years. At length it has been discovered, and although Government have now generously given up this sum to Muha Ranees Komul Koomaree and Busunt Koomaree, yet there can be no doubt that the matter had been concealed by the Amlahs. Besides this, 40,000 Rupees more were forgiven to the Raja, because he was obliged to pay the expense of the Police. After this, you know how long Government took the Police on themselves; but this matter of 40,000 Rupees the Amlahs, under the influence of bribes, kept to themselves; but now, through the great dread which has come upon them, they have vomited it up; and the question is at present under the consideration of the Collector.

Mr. Editor, the Zillah of Burdwan is like the fabled cow, which satisfies every wish; they have only to search to find. It is only to be regretted, that the Amlahs have de-

বল উৎকোচেতে অপবিত্র রাখিয়াছেন অতএব আমার প্রার্থনা প্রধান মহাশয়েরা আমলারদিগের কার্য্যেতে অতি সতর্করূপে দৃষ্টি রাখেন।

কস্যচিৎ দর্পণ পাঠকস্য।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

বিহিত সম্বোধন পূর্ব্বক নিবেদন মিদং ২৩ জানুআরি তারিখে রাজাজ্ঞা হয় যে বঙ্গাদি তাবৎ প্রদেশে রাজকীয় কর্ম্ম সকল দেশীয় ভাষাতে চলিবে এই সুনিয়ম হওয়াতে আমারদিগের অত্যন্ত আহ্লাদ হইয়াছে। যেহেতুক দেশের তাবল্লোকেই উত্তম সাধু ভাষা শিক্ষা করিতে প্রবর্ত্ত হইবেন। ইহাতে চলন ভাষার অনেক সুধারা হইবেক অনেকানেক বিষয়ী মান্য গণ্য ধনাঢ্য বংশ প্রসূত মহাশয়েরা পূর্ব্বে ইঙ্গরাজী উৎকৃষ্ট জানিয়া স্বীয় ভাষা অপকৃষ্ট জ্ঞানে অভ্যাস করিতে ইচ্ছুক ছিলেন না। এ ইক্ষণে গবর্ণমেন্ট কর্ত্তৃক ঐ ভাষা প্রচরদ্রূপ প্রবল হওয়াতে ঐ মহাশয় সকল যত্নবান হইয়া উক্ত নিয়মের বৃদ্ধি করিতে ব্যগ্র হইবেন গর্ণমেন্টের দয়ালুতা অনুদিন প্রকাশ হইতেছে।

অপর এক অতি শুভানুভব হইতেছে যে এ ইক্ষণাবধি বঙ্গীয় নব বালকেরা ইঙ্গরাজী শিক্ষা করিতে বিশেষ ঐকান্ত চিত্ত না হইয়া স্বীয় ভাষার পোষক ব্যাকরণাদি সুমনঃসংযোগে প্রথমত অধ্যয়ন করেন তদ্ব্যতিরেকে প্রাকৃত ভাষার প্রাচুর্য্য প্রকৃষ্টরূপে প্রাপণ হয় না। আর সরকারী কর্ম্ম ভাল হইবে ইতি লোভে নবীন প্রবীণ সকলে এই উদ্যোগের উদ্যোগী হইলে বঙ্গ ভাষার অঙ্গরাগ বিলক্ষণ হইয়া অযুক্ত ভাষার প্রসঙ্গ একেবারে সাঙ্গ হইবেক।

ইদানীং অস্মন্মনোগত আরো এক বিষয় নিবেদন করি। ভবদ্দর্পণাবলোকন করত অস্মদাদির যথেষ্ট লভ্য হইয়াছে অতএব আপনি যদি কৃপয়াবিষ্ট চিত্ত হইয়া এপ্রদেশের প্রয়াগ কিম্বা ৺ কাশীধামে এক সংস্কৃত ও ভাষা পুস্তকাগার স্থাপন করেন তবে কর্ম্ম বশতঃ বঙ্গভূমি পরিত্যক্ত এতদ্দেশাদি নানা স্থান নিবাস ব্যক্তি সমূহ সন্ধানানুসারে সাধু ভাষা বিন্যস্ত বাক্যাবলি গ্রন্থিত গ্রন্থ সকল অনায়াস লভ্যে অল্প ব্যয়ে পাইতে পারেন কিমধিক মলং পল্লবিতেনেতি লিপিরেষা সৌর ফাল্গুণস্যৈকাদশ দিনজা। কানপুর।

কস্যচিৎ বঙ্গীয়স্য।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বিহিত সম্বোধন পূর্ব্বক নিবেদন মিদং আপনকার অমূল্য দর্পণে নীচে লিখিতব্য কএক পংক্তি স্থান দান করিয়া চিরবাধিত করিতে আজ্ঞা হয়।

১ দফা। আমরা ঘাটাল থানার অন্তঃপাতি প্রজা থানা ঘাটালে অনেক পরাক্রান্ত দারোগা আসিয়াছিলেন। কিন্তু একই জন সৎলোক সহকারে প্রজার কুশল হইয়াছে। কএক বৎসর হইল অনেক দুঃখ আমারদের গিয়াছে আমরা সর্ব্বদা গোচর করিতে অশক্ত। সম্প্রতি এক সপ্তাহ হইল শ্রীসৃষ্টিধর সিংহ উক্ত থানায় একটিং জমাদার হইয়াছেন। উক্ত ব্যক্তির আগমন অবধি কএক জন দস্যু দৃঢ় বন্ধ রাজ সমীপে প্রেরিত হইয়াছে। দর্পণ প্রকাশক মহাশয় গো পরমেশ্বর কিছু দিনের জন্য সৃষ্টিধরকে থানা ঘাটালে উক্ত পদে যদি নিযুক্ত রাখেন তবে সৃষ্টি রক্ষার চিহ্ন।

২ দফা। শুনিয়াছি উক্ত ব্যক্তিরা রাজ কর্ম্মে অতি অক্ষম বিশেষতঃ সৃষ্টিধর সিংহ ঐ থানায় পদাতি কর্ম্মে নিযুক্ত থাকিয়া শ্রীযুত গিলমোর সাহেবের আমলে ১২৪২ সালের ১৪ ফাল্গুনে এক চমৎকাররূপ দস্যু ধৃত করে ঐ দস্যুরা গুড়দহ গ্রামস্থ জগন্নাথ দলুই ও মথুর দলুই ও মথুর দর্জ্জি ও সহদেব সিংহ দিগর প্রভৃতি জন চৌদ্দ বৎসর কারা বদ্ধ আছে। ঐ দস্যুরা উক্ত থানার সরহদ্দ নন্দনপুর বেড়বা নামক গ্রামে গুরুপ্রসাদ চক্রবর্ত্তী দিগরের

filed the Civil, Criminal and Fiscal Courts by their bribery. I would, therefore, entreat the Europeans officers to look with much jealousy upon the conduct of the Amlahs.

A Reader of the Durpun.

To the Editor of the Durpun.

Receive my salutations. A public order was issued on the 23d of January, that the public business of the country should be conducted in the vernacular languages. This excellent arrangement has filled us with joy, for it will lead the Natives to learn good and pure Bengalee; and this will produce a reform of the current language. Many of the most rich and respectable families in the land, thinking the English language to be most excellent, and their own tongue to be very despicable, neglected to apply to Bengalee. But now Government having given great currency to this language, those gentlemen will feel more anxiety to apply to the study of it. The benevolence of Government becomes more apparent every day.

Another auspicious circumstance is, that from this time, the youth of Bengal, instead of giving all their time to the study of English, will give their minds to the Grammar, upon which their own language is founded. Without this, they can never thoroughly understand it. And when the old and young find that a knowledge of Bengalee promotes their views in the public service, their attention will be given to it; the Bengalee language will be much cultivated, and unreasonable languages will be forsaken.

We now beg to lay before you another wish of our minds. We have gained much by looking at the *Durpun*. If, therefore, you will compassionately establish a depot at Allahabad or Benares, for the sale of Bengalee and Sungskrit books, then those who have left their own country, on obtaining employment up here, will be able to obtain books written in excellent language, at a very cheap rate. What more need I write?

11*th Falgoon, Cawnpore.*

A Native of Bengal.

To the Editor of the Durpun.

With submission we make our requests. We beg you to oblige us, by giving a place to the few following lines in your excellent *Durpun*.

1st. We are residents of Ghattal. In the Thanna of Ghattal, many powerful Daroghas formerly came; and some of them, through the aid of their subordinates, have been enabled to do good to the people. We were reduced to very great distress some years ago, which we had not always the means of making known. Some weeks ago, Shristedhur Sing, became the acting Jamadar of this Thannah. Since his arrival, a number of wicked persons have been seized, and sent into the Judge. Mr. Editor, if Providence should continue this Jamadar for some time at the Thannah of Ghattal, the country will be preserved.

2nd. We have heard that the persons above named are incapable of public business; but Shristedhur Sing, when employed as a peon at that Thannah, in the time of Mr. Gilmore, on the 24th Jystee, 1242, made a very extraordinary seizure of some dacoits. Those dacoits consisted of Juggurnauth, and Mothoor, and Mothoor Jazlor, and Suhudur Singh, and others, to the number of thirty, who have been condemned to fourteen years imprisonment. The dacoits, on the 8th Jys-

বাটীতে ১২৪২ সালের ৮ জ্যৈষ্ঠে পড়িয়া যথা সর্ব্বস্ব হরণ করিয়াছিল। সপ্তাহ পরে সৃষ্টিধর প্রেরিত হইয়া বমালসুদ্ধ গ্রেপ্তার করিয়াছিল। দর্পণ প্রকাশক মহাশয় এমত দেশ হিতৈষী সৃষ্টিধর সিংহ উক্ত জমাদারী পদে নিযুক্ত থাকিলে প্রজার কি পর্য্যন্ত মঙ্গল মহাশয়ের পাঠক বর্গ বিবেচনা করিবেন।

৩ দফা। এই সৃষ্টিধর ঐ মিছিলে দস্যুগণের বাটী হইতে ৭৭ সংখ্যক অপচয় দ্রব্য ধৃত করে ঐ সকল দ্রব্য ধৃত করণে চমৎকার বৃত্তান্ত লিখিতে লেখনী অশক্ত তথাপি কিঞ্চিৎ লিখি। জগন্নাথ দলুই প্রধান দস্যুর মাতার কটিদেশ হইতে ঐ অপহৃত দ্রব্য ধৃত করিয়াছিল। যদি বিচারপতিরা প্রজার হিতার্থে উক্ত ব্যক্তির কৃত কর্ম্ম বিশেষ অবগত হইতে ইচ্ছা করেন তবে উপরোক্ত সনের ঐ মিছিল রুরকারি সমেত দৃষ্টি করিলেই নিশ্চিত জানিতে পারিবেন।

কস্যচিৎ দীন হীনানাং।

মহামহিম শ্রীযুত পণ্ডিতবর্গ মহাশয় সমীপেষু।

প্রশ্নঃ॥

